



অভিবাসন ব্যয় জরিপ

বাংলাদেশ ২০২০

Cost of Migration Survey

Bangladesh 2020



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়



Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
Swiss Agency for Development
and Cooperation SDC



International Labour
Organization



অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০

জুলাই ২০২০



ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

প্রকাশ

আন্তর্জাতিক শ্রম সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত।

প্রথম প্রকাশ: জুলাই ২০২০

আইএসবিএন: ৯৭৮-৯৮৪-৩৪-৮৩৮৯-৮

প্রচ্ছদ নকশা

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০ কার্যক্রমের প্রধান কর্মীদল

মুদ্রাক্ষর সাজানো এবং বিন্যাস

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০ কার্যক্রমের প্রধান কর্মীদল

এই রিপোর্ট অথবা অন্যান্য পরিসংখ্যান সংক্রান্ত তথ্যের জন্য

ভিজিট করুন: www.bbs.gov.bd

ইমেইল যোগাযোগ: dg@bbs.gov.bd, kabir.ddd@gmail.com

মূল্য: ১০০০.০০ টাকা

মুদ্রণ:

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা, বাংলাদেশ

এই বই অথবা এটির কোন অংশ অনুকরণ, ক্ষুদ্রাকারে ছবি তোলা বা কোন বাণিজ্যিক উদ্দেশ্যে পুনরুৎপাদন করা যাবে না। উৎসের স্বীকারোক্তির ভিত্তিতে তন্মধ্যে যে কোন প্রকার উপাত্ত ব্যবহার এবং প্রকাশ করা যাবে।



মন্ত্রী

পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আমি আনন্দের সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রথমবারের মতো পরিচালিত জরিপ 'অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০' এর ফলাফল প্রকাশ করতে যাচ্ছে যা দেশের পরিসংখ্যান ব্যবস্থার আরেকটি মাইলফলক।

বাংলাদেশের শ্রম অভিবাসনে দীর্ঘ ইতিহাস রয়েছে, মূলত শ্রম অভিবাসনের উৎস দেশ হিসেবে এবং সাম্প্রতিক সময়ে গন্তব্য দেশ হিসেবে। শ্রম অভিবাসনের ত্রি-মাত্রিক কল্যাণ রয়েছে: প্রথমত, গন্তব্য দেশগুলোতে শ্রম ঘাটতি পূরণে সহায়তা করে; দ্বিতীয়ত, উৎস দেশগুলোতে দারিদ্র্য, বেকারত্ব এবং প্রয়োজনীয় দক্ষতার চ্যালেঞ্জসমূহ দূরীকরণে অবদান রাখে এবং সবশেষে, কর্মসংস্থানের সুযোগের পাশাপাশি আত্মহী অভিবাসী কর্মীদের জন্য আয়ের সম্ভাবনার নতুন দুয়ার উন্মোচিত করে।

বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (অর্থবছর ২০১৬-২০২০) উন্নয়নের একটি অবিচ্ছেদ্য অংশ হিসেবে শ্রম অভিবাসন স্বীকৃত হয়েছে। পরিকল্পনায় উল্লিখিত হয়েছে যে, বিপুল সংখ্যক মানুষের কর্মসংস্থানের সুযোগ করে শ্রম অভিবাসন বাংলাদেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের চালিকা শক্তি হতে পারে।

টেকসই উন্নয়ন অভিষ্ট (এসডিজি) সূচক ১০.৭.১ এর গুরুত্বপূর্ণ এবং অতীব প্রয়োজনীয় তথ্য প্রদান এই প্রতিবেদনের উল্লেখযোগ্য তাৎপর্য বহন করে। এই সূচকটি অভিবাসী কর্মী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অনুপাত", অর্থাৎ সূচকটি হচ্ছে ব্যয় এবং মাসিক আয়ের একটি অনুপাত। সূচকটি লিঙ্গ, বয়স-শ্রেণি, শিক্ষা, দক্ষতার ধরণ এবং গন্তব্যের প্রধান দেশসমূহের ভিত্তিতে পৃথকীকরণ করা হয়েছে। আন্তর্জাতিক শ্রমবাজার বিশ্লেষণ ও নীতি নির্ধারণের ক্ষেত্রে জরিপের মাধ্যমে সংগৃহীত পরিসংখ্যান গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে।

আমি বিশ্বাস করি যে, এই প্রতিবেদনটি বাংলাদেশের বর্তমান শ্রম অভিবাসন পরিস্থিতি সম্পর্কিত উদ্বেগ নিরসনে নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ এবং বেসরকারী সংস্থাসমূহকে প্রমাণভিত্তিক নীতি প্রণয়নে সহায়তা করবে।

এই জরিপে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং নমুনায়নের জন্য ২০১৫-২০১৮ সনের অভিবাসী কর্মীদের তথ্যভান্ডার দিয়ে সহযোগিতার জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোকে (বিএমইটি) বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। তাছাড়া, সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় এবং জরিপ কার্যক্রম সফলভাবে সম্পাদনের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকলকে আন্তরিক অভিনন্দন জানাই।

ঢাকা
জুলাই, ২০২০


এম এ মান্নান, এমপি



সচিব

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রাককথন

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক পরিচালিত 'অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০' শীর্ষক প্রতিবেদনে দেশের শ্রম অভিবাসনের বিভিন্ন দিকের পরিসংখ্যান উপস্থাপিত হয়েছে। আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) আর্থিক ও কারিগরি সহায়তায় বিবিএস জরিপের প্রশ্নপত্র ও নমুনায়ন পদ্ধতি প্রণয়নের পাশাপাশি কম্পিউটার-সহায়ক ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) পদ্ধতি ব্যবহার করে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনা এবং জরিপের উপাত্ত বিশ্লেষণ ও প্রতিবেদন প্রকাশের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এই প্রতিবেদনের গুরুত্বপূর্ণ দিকগুলোর অন্যতম হলো এটি এসডিজি সূচক ১০.৭.১ সম্পর্কিত তথ্য প্রদান করেছে যা “গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অংশ হিসেবে কর্মচারী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ”, অর্থাৎ ব্যয়ের পরিমাপ এবং আয়ের পরিমাপের মধ্যে অনুপাতের সূচক। প্রতিবেদনে শ্রম অভিবাসীদের জনসংখ্যা ও আর্থ-সামাজিক অবস্থার বিভিন্ন দিক, অভিবাসীদের বৃত্তান্ত, নিয়োগ ব্যয়, কর্মসংস্থান সংক্রান্ত তথ্যের উৎস, ঋণ ও ঋণের অর্থ ফেরত প্রদান এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয় সম্পর্কিত বিশদ পরিসংখ্যানও তুলে ধরা হয়েছে। অভিবাসী কর্মীর লিঙ্গ, বয়স-শ্রেণি, শিক্ষা, প্রধান গন্তব্য দেশ এবং দক্ষতার ধরনের ভিত্তিতে তথ্য ও সূচকসমূহ পৃথকভাবে উল্লেখ রয়েছে।

আশা করা যায় যে, অভিবাসী কর্মীর নিয়োগে কার্যকর নীতি প্রণয়নে এই প্রতিবেদনটি ভিত্তি হিসেবে কাজ করবে এবং উপাত্ত-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের জন্য বিস্তৃত ও যুগোপযোগী পরিসংখ্যানের প্রয়োজনীয় চাহিদা পূরণ করবে।

জরিপ কার্যক্রমে আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং জরিপ পরিচালনায় নমুনায়নের জন্য ২০১৫-২০১৮ সনের অভিবাসী কর্মীদের তথ্যভান্ডার দিয়ে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) কে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক জনাব মোহাম্মদ তাজুল ইসলাম এবং জরিপের ফোকাল পয়েন্ট ও পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি।

এই ধরনের প্রতিবেদন প্রকাশে ভবিষ্যতে এর উৎকর্ষ সাধনে সকল ধরনের পরামর্শ সাদরে গৃহীত হবে।

ঢাকা

জুলাই, ২০২০


মুহাম্মদ ইয়ামিন চৌধুরী



মহাপরিচালক
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
ঢাকা

মুখবন্ধ

জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) প্রথমবারের মতো অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় এবং মাসিক আয় সম্পর্কিত 'অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০' পরিচালনা করেছে। জরিপটির মাধ্যমে অভিবাসী কর্মীদের আর্থ-সামাজিক অবস্থার বিভিন্ন দিক, অভিবাসীদের বৃত্তান্ত, নিয়োগ ব্যয়, অভিবাসন সংক্রান্ত তথ্যের উৎস, ঋণ গ্রহণের উপায়, ঋণকৃত অর্থ ফেরত প্রদান এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয় সম্পর্কিত তথ্য সংগ্রহ করা হয়েছে। অভিবাসী কর্মীদের লিঙ্গ, বয়স, শিক্ষা, প্রধান গন্তব্যদেশ এবং দক্ষতাভেদে জরিপের তথ্যসমূহ উপস্থাপন করা হয়েছে।

জরিপ পরিচালনায় আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এবং অভিবাসী কর্মীদের তথ্যভান্ডার দিয়ে সহযোগিতার জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর (বিএমইটি) প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। জরিপটি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য জরিপের ফোকাল পয়েন্ট ও পরিচালক জনাব কবির উদ্দিন আহাম্মদ, কারিগরি কমিটি এবং ওয়ার্কিং গ্রুপের সদস্যরা কঠোর পরিশ্রম করেছেন, তাদের প্রতি আমার বিশেষ ধন্যবাদ রইল।

জরিপের উত্তরদাতাদের সাড়াদান খুবই উৎসাহব্যাঞ্জক ছিল এবং এই কর্মযজ্ঞে অংশগ্রহণের জন্য আমি প্রত্যাবর্তিত অভিবাসী এবং অভিবাসী খানার অন্যান্য সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি, যাদের সহযোগিতা ব্যতিরেকে এই জরিপ কার্যক্রম সফল হতো না।

সবশেষে, আমি আশা করি বাংলাদেশে শ্রম অভিবাসন খাতের ক্রমবিকাশে এই প্রতিবেদনে প্রকাশিত তথ্যসমূহ পরিকল্পনাকারী, নীতি নির্ধারক, গবেষক এবং অন্যান্য অংশীজনদের তথ্য-ভিত্তিক নীতিমালা প্রণয়নে কার্যকর ভূমিকা পালন করবে।

ঢাকা
জুলাই, ২০২০


মোহাম্মদ তাজুল ইসলাম



Country Director
International Labour Organization
ILO Country Office for Bangladesh

Message from the Country Director of ILO Bangladesh

Labour migration is an important phenomenon in Bangladesh and it constitutes a livelihood opportunity and a positive experience for thousands of workers, bringing important development contributions to the communities of origin and destination alike.

Unfortunately, evidence also shows that the migrant worker's vulnerability to abuse is still very high and often linked to abusive recruitment practices. Recruitment fees significantly increase the risk of facing forced labour, debt bondage and human trafficking. In a context where labour migration governance systems are in need of reform and effective enforcement is weak, exposure of workers to abuse during the recruitment phase and at their destination remains high.

Globally, the imposition of recruitment fees and costs have been recognised as one of the root causes of migrant worker vulnerability and have been identified as a practice to be eliminated, as clearly indicated by the ILO General Principles and Operational Guidelines for Fair Recruitment. Significantly, SDG Indicator 10.7.1 specifically seeks to scrutinise recruitment costs, which is critical to measure progress towards the achievement of promoting orderly, safe and responsible migration.

The International Labour Organization, through the Swiss funded project entitled "Application of Migration Policy for Decent Work for Migrant Workers- Phase II" and the European Union (EU) funded project entitled "Global Action to Improve the Recruitment Framework of Labour Migration", (REFRAME), is honoured and pleased to support the Government of Bangladesh in documenting and analysing recruitment costs borne by migrant workers. Our intent is to support the Government and its social partners in advancing the protection of migrant workers through improved policy and to catalyse the contribution of the public-private institutions towards promoting safe migration and decent work for persons employed outside of Bangladesh.

Fair and effective labour recruitment policies and innovative solutions, based on the data and evidence compiled in this report, are required to address the challenges and to protect male and female migrant workers while ensuring labour market efficiency.

Some migrants lose out in this process due to exploitive practices, such as inflated recruitment fees. To pay for increased migration-related costs, many prospective workers sell family assets or borrow money at high



interest rates, while some work overtime or take a second job while residing abroad. Others overstay their visas, thereby becoming irregular migrants, and render themselves vulnerable to further exploitation. Ultimately, migrants can succumb to situations of forced labour due to excessive debts incurred during the recruitment process.

The 'General Principles and Operational Guidelines on Fair Recruitment', negotiated in a tripartite meeting of experts and adopted in 2016, and the definition of recruitment fees and costs that accompanies them, are the centrepiece of the ILO Fair Recruitment Initiative and are strongly rooted in International labour standards. These standards include the Private Employment Agencies Convention, 1997 (No. 181), which acknowledges the important role that private recruitment agencies play, when appropriately regulated, in the efficient and equitable functioning of labour markets by matching available

jobs with suitably qualified workers. At the same time, it calls for effective recruitment agency regulation and explicitly prohibits fee charging to workers, in line with the core principle that "labour is not a commodity".

As co-custodian of SDG Indicator 10.7.1 on reducing recruitment costs, the ILO and the World Bank have developed a global statistical methodology for the collection of data to measure progress in this area. The ILO has been please to support the Bangladesh Bureau of Statistics as one of the first in pioneering this type of national survey, aimed at shedding light on recruitment fees and costs paid by workers. The results of this survey are particularly significant, not only in supporting Bangladesh's commitment to improving labour migration governance and recruitment practices for its citizens, but in contributing to the measurement and global significance of the SDGs.

On behalf of the ILO, I thank the team that provided valuable advice and prepared the report: Dr. Ahmed Munirus Saleheen, Secretary, Ministry of Expatriates' Welfare and Overseas Employment, Mr. Mohammad Yamin Chowdhury Secretary, Statistics and Informatics Division, Ministry of Planning, Mr. Mohammad Tajul Islam, Director General (Additional Secretary), Bangladesh Bureau of Statistics, Mr. Md. Shamsul Alam, Director General (Additional Secretary), Bureau of Manpower, Employment and Training (BMET), Mr. Kabir Uddin Ahmed, Director, Industry and Labour Wing, BBS and the officials of the respective offices.

I also thank ILO colleagues, specifically Tanjel Ahsan, Peter Buwembo, Najib Chowdhury, Joy Dasgupta, Maria Gallotti, Tite Habiyakare, Rahnuma Khan, Hakki Ozel, Jesse Mertens, Shabarinath Nair, Laetitia Weibel as well as Farhad Merahd for their technical support. Finally, I thank the migrant workers who agreed to be interviewed for the survey.

Dhaka
July 2020

A stylized blue ink signature of Tuomo Poutiainen.

Tuomo Poutiainen

Message from the SDC and the European Commission

Labour migration has emerged as an important source of foreign currency in Bangladesh. This has created a substantial foreign exchange reserve through remittance inflows from foreign incomes and provided job opportunities abroad for millions of Bangladeshi workers who do not always find suitable employment domestically. Importantly, it has given Bangladesh a unique chance to play a critical role in shaping global advancements by contributing its human skills and knowledge. For Bangladesh, labour migration is a development strategy. Migration is already contributing to the sustainable development of Bangladesh. To reap its benefits, migration must be safe and a conducive environment must be in place to do so. Furthermore, it must be that those citizens returning home can share the skills they have learned abroad. Policies need to be constantly reviewed, monitored and adapted for best results. A gender lens needs to be applied in data analysis, policy formulation and policy implementation. The Swiss Agency for Development and Cooperation (SDC) of the Government of Switzerland, with ILO's technical assistance, has been working with the Government of Bangladesh to design and develop policies, laws, rules, and institutional frameworks to strengthen labour migration governance and provide protection to a substantial migrant labour force. This has been achieved over the last decade by engaging in dialogue and collaboration at the national levels and through the regional consultative processes, with civil society, employers, migrant workers' representatives and the Government of Bangladesh.

Besides working with employers, recruitment agencies and the Government of Bangladesh at national and at global level, the European Commission, through the project "Global Action to Improve the Recruitment Framework of Labour Migration (REFRAME)", has collaborated with the ILO in the promotion of fair recruitment practices, in line with the General Principles and Operational Guidelines for fair recruitment, including the elimination of workers-paid recruitment fees and costs. Key to this action is the need to collect and monitor reliable data on issues such as fees and costs, as recognised by SDG indicator 10.7.1 on reducing recruitment fees. Together with the World Bank and with the support of the European Commission among others, the ILO has developed a statistical methodology for the collection of these data, upon which the present survey is based.

The Government of Switzerland and the European Commission are extremely pleased that "the Cost of Migration Survey – 2020" has been conducted and published, and we are proud to be supporting partners in this endeavour. Migration cost for Bangladeshi labourers are among the highest in the world; against this background, this study will inform decision-makers at both the policy and implementation level and allow stakeholders to further develop ways to reduce migration costs. The fact that the study was carried out by the Bangladesh Bureau of Statistics (BBS), the national statistical agency clearly expresses the commitment of the Government of Bangladesh to gather data as a means to monitor the progress of the SDGs. We sincerely hope that fair and effective labour recruitment policies and innovative solutions based on the empirical data presented in this report will be useful to improve labour migration governance in Bangladesh.

The Government of Switzerland and the European Commission would like to express its utmost appreciation to the Ministry of Expatriate Welfare and Overseas Employment, Bangladesh Bureau of Statistics and the Ministry of Planning for undertaking "the Cost of Migration Survey – 2020". It is crucial to

repeat such an exercise over time to enable the Government of Bangladesh to monitor progress in achieving the ambitious SDG Indicator 10.7.1. Recurrent analysis will simultaneously grow the institutional understanding of the dynamics of recruitment and measure the evolving success of reducing the cost of migration. We would also like to thank for the joint efforts of the staff of ILO at Headquarters, in regional offices and in the Dhaka office for the excellent collaboration and partnership in facilitating and guiding the survey.

We are convinced that cooperation on all aspects of migration is of pivotal importance in a globalised world and thus should be promoted in a spirit of partnership and with the aim of making migration better understood and better managed. This is key to fulfil our joint commitments to achieve the 2030 Agenda and contribute to our partner countries' implementation of the Global Compact for Migration.

Suzanne Muller

Deputy Head of Mission and Head of Cooperation

Swiss Agency for Development and Cooperation, Embassy of Switzerland in Bangladesh

Henriette Geiger

Henriette Geiger

Director

European Commission

Directorate-General for International Cooperation and Development

Directorate B – People and Peace

কৃতজ্ঞতা স্বীকার

প্রথমত, আমি গভীর শ্রদ্ধা ও কৃতজ্ঞতা জানাচ্ছি সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) মহোদয়গণের প্রতি যারা বিভিন্ন প্রেক্ষাপটে তাদের অভিজ্ঞতা, বিষয়ভিত্তিক আগ্রহ ও জ্ঞান দ্বারা এ জরিপের উৎকর্ষ সাধনে অসংখ্য পরামর্শ দিয়েছেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত 'অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০' প্রতিবেদনটি অভিবাসন সংক্রান্ত তথ্য সংগ্রহে পথিকৃৎ।

জরিপটি পরিচালনায় আর্থিক ও কারিগরি সহায়তার জন্য আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি। জরিপের নমুনায়ন কাঠামো হিসেবে ব্যবহারের জন্য অভিবাসী কর্মীদের ২০১৫-১৮ সালের তথ্যভাণ্ডার প্রদানের পাশাপাশি জরিপ কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় কারিগরি পরামর্শ প্রদান করে সার্বিকভাবে সহযোগিতা করার জন্য জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর প্রতি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

জরিপের যথাযথ বাস্তবায়নে মূল্যবান তথ্য এবং দিকনির্দেশনা প্রদানের জন্য স্টিয়ারিং কমিটি, কারিগরি কমিটি, এডিটর'স ফোরাম, এডিটোরিয়াল কমিটি, মনিটরিং কমিটি এবং ওয়ার্কিং গ্রুপের সদস্যদের বিশেষ ধন্যবাদ জানাচ্ছি। জরিপের প্রতিবেদনের গুণগত মান উন্নয়নে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদানের জন্য অতিরিক্ত সচিব জনাব মাহমুদা আকতার, অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব খলিল আহমদ এবং এডিটোরিয়াল কমিটির অন্যান্য সদস্যবৃন্দকে বিশেষ ধন্যবাদ জানাচ্ছি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক জনাব ঘোষ সুব্রত, উপপরিচালক জনাব মোঃ আক্তার হোসেন এবং সহকারী প্রোগ্রামার জনাব সাজ্জাতুল ইসলাম যারা জরিপের জটিল তথ্য বিশ্লেষণে আমার সাথে কঠোর পরিশ্রম করেছেন তাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আমি জরিপ কার্যক্রম চলাকালীন মূল্যবান সহযোগিতার জন্য উপপরিচালক জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক জনাব আজিজা রহমান, পরিসংখ্যান কর্মকর্তা জনাব মোঃ মিনার উদ্দীন, পরিসংখ্যান কর্মকর্তা জনাব নীলা প্রিয়া ময়ূরকেও ধন্যবাদ জানাচ্ছি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের এডিটোরিয়াল কমিটির সদস্যবৃন্দ যারা প্রতিবেদনটি চূড়ান্তকরণের নিমিত্ত পাণ্ডুলিপি সম্পাদনা করেছেন তাদের প্রতি আমি বিশেষভাবে স্বর্ণী।

আইএলও-এর স্বল্প-মেয়াদী আন্তর্জাতিক পরামর্শক জনাব ফরহাদ মেহরানকে জরিপের নমুনা নকশা প্রণয়ন এবং চিফ টেকনিক্যাল অ্যাডভাইজার মিস ল্যাটিটিয়া ওয়েবেল রবার্টস, প্রোগ্রাম অফিসার জনাব রাহনুমা খান, জনাব তানজেল আহমেদ এবং জনাব নজিবুল হায়দার চৌধুরীকে সার্বিক সহযোগিতার জন্য বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। জরিপ কার্যক্রম চলাকালীন সময়ে কারিগরি পরামর্শ প্রদানের জন্য আইএলও-জেনেভা, আইএলও-ব্যাংকক এবং আইএলও-ইন্ডিয়া এর বিশেষজ্ঞদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

ঐতিমুখ্য তথ্য ও উপাত্তসমূহ নিশ্চিতকরণে সর্বাত্মক প্রচেষ্টা থাকা সত্ত্বেও জরিপ প্রতিবেদনে কিছু ত্রুটি থাকতে পারে। ভবিষ্যতে এই ধরনের প্রতিবেদনের বিকাশ সাধনে ব্যবহারকারীদের পক্ষ হতে যে কোন মতামত বা পরামর্শের জন্য আমরা তাদের কাছে কৃতজ্ঞ থাকব।



কবির উদ্দিন আহম্মদ

ফোকাল পয়েন্ট ও

পরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস

ঢাকা

জুলাই, ২০২০

সূচিপত্র

জরিপের উল্লেখযোগ্য ফলাফল	iii
জরিপের সারসংক্ষেপ	vii
অধ্যায় ১ : ভূমিকা	১-৬
১.১ পটভূমি	৩
১.২ আন্তর্জাতিক প্রসঙ্গে শ্রম অভিবাসন	৪
১.৩ বাংলাদেশের সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় অভিবাসন	৪
১.৪ বাংলাদেশের শ্রম অভিবাসন - সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর	৪
১.৫ অভিবাসন ব্যয় কমানোর তাৎপর্য	৫
অধ্যায় ২ : জরিপ পদ্ধতি	৭-১৮
২.১ জরিপের আওতা ও উদ্দেশ্য	৯
২.২ জরিপের নমুনায়ন কাঠামো	১০
২.৩ জরিপের নমুনা নকশা	১০
২.৪ নিয়োগ ব্যয় সূচকের হিসাব পদ্ধতি	১২
২.৫ জরিপ পরিচালনা	১৩
২.৬ ধারণা ও সংজ্ঞা	১৫
অধ্যায় ৩ : অভিবাসী কর্মী এবং খানার সদস্যদের বৃত্তান্ত	১৯-৩৬
৩.১ অভিবাসী কর্মীদের বৃত্তান্ত	২১
৩.২ অভিবাসী খানার সদস্যদের বৈশিষ্ট্য	২৯
৩.৩ অভিবাসী খানার বাসস্থানের বৈশিষ্ট্য	৩২
অধ্যায় ৪ : শিক্ষা, প্রশিক্ষণ ও বিদেশি ভাষায় পারদর্শিতা	৩৭-৪৮
৪.১ অভিবাসী কর্মীদের শিক্ষার অবস্থা	৩৯
৪.২ অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতা	৪১
৪.৩ অভিবাসী কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ	৪৩
৪.৪ বৃত্তিমূলক প্রশিক্ষণের উৎস ও মেয়াদ	৪৭
অধ্যায় ৫ : নিয়োগ ব্যয়	৪৯-৬৬
৫.১ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের ধরন	৫১
৫.২ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়	৫৩
৫.৩ এক নজরে অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়	৫৯
৫.৪ বিদেশে কাজের জন্য মেডিকেল/জীবন বীমার অবস্থা	৬১
৫.৫ নিয়োগকর্তা কর্তৃক বন্দোবস্ত কর্ম ভিসার অবস্থা	৬২
৫.৬ ঋণ, ঋণ পরিশোধ এবং জামানত বাজেয়াপ্তের অবস্থা	৬৪
অধ্যায় ৬ : বেতন/মজুরি এবং অন্যান্য সুবিধাদি	৬৭-৯০
৬.১ অভিবাসী কর্মীদের চুক্তির অবস্থা	৬৯
৬.২ অভিবাসী কর্মীদের চুক্তিতে উল্লিখিত বেতন/মজুরির অবস্থা	৭২
৬.৩ চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরির অবস্থা	৭৩
৬.৪ মাসিক উপার্জিত গড় বেতন/মজুরি	৭৬
৬.৫ ১ম তিন মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি	৭৯
৬.৬ ১২ তম মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি	৮২
৬.৭ বেতন/মজুরি হতে কর্তন	৮৫
৬.৮ এক নজরে মাসিক গড় আয়	৮৭

সূচিপত্র


অধ্যায় ৭: কাজের পরিবেশ এবং স্থায়িত্ব	৯১-১০২
৭.১ সচরাচর কর্ম ঘণ্টা	৯৩
৭.২ সাপ্তাহিক ছুটি উপভোগ	৯৫
৭.৩ পেশাগত আঘাত অথবা অসুস্থ হওয়া	৯৮
৭.৪ পেশার পৃথকীকরণ এবং কর্মক্ষেত্রে মহিলাদের অংশ	৯৯
৭.৫ দক্ষতার ভিত্তিতে নিয়মিত বেতন/মজুরি পরিশোধের অবস্থা	১০০
৭.৬ বাসস্থান সুবিধা প্রদানের অবস্থা	১০১
অধ্যায় ৮: বিদেশ হতে প্রেরিত অর্থের অবস্থা	১০৩-১১৬
৮.১ বিদেশ হতে প্রেরিত অর্থের প্রাপক	১০৫
৮.২ অভিবাসী কর্মী কর্তৃক প্রেরিত বাৎসরিক গড় অর্থের পরিমাণ	১০৭
৮.৩ বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ	১১০
৮.৪ প্রত্যাগমনকারী পুনরায় অভিবাসী হবে কিনা এমন মতামত	১১৩
অধ্যায় ৯: টেকসই উন্নয়ন অডীট সূচক ১০.৭.১	১১৭-১২৮
৯.১ এসডিজি ১০.৭.১ - নিয়োগ ব্যয় সূচক	১১৯
৯.২ এসডিজি ১০.৭.১ - সূচক নির্ণয়ের হিসাব পদ্ধতি	১১৯
৯.৩ এসডিজি ১০.৭.১ - লিঙ্গ, শিক্ষা, বয়স, দক্ষতা ও গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয়	১২০
৯.৪ এসডিজি ১০.৭.১ - এক নজরে	১২৬
পরিশিষ্ট	
পরিশিষ্ট ১ : কমিটিসমূহ গঠন	১২৯-১৩০

অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০


উল্লেখযোগ্য ফলাফল

শ্রেণি		নিয়োগ ব্যয় (টাকা)	মাসিক গড় আয় (টাকা)	এসডিজি সূচক ১০.৭.১ (মাস)
জাতীয় পর্যায়ে		৪,১৬,৭৮৯	২৩,৬৯৩	১৭.৬
লিঙ্গ	পুরুষ	৪,৭১,৬৬৮	২৪,৬৭৩	১৯.১
	মহিলা	১,০০,১০২	১৮,০৩৩	৫.৬
দক্ষতার ধরন	দক্ষ	৪,২৭,২১৭	২৯,৪৭৭	১৪.৫
	অদক্ষ	৪,৭৭,৯২৭	২৩,৬২৯	২০.২
	গৃহ কর্মী	১,১৮,৯৬৪	১৬,৬৭৮	৭.১
গন্তব্য দেশ	সৌদি আরব	৪,৩৬,৩৬৬	২২,১৪০	১৯.৭
	ওমান	৩,০৮,০৪৭	১৯,১৭৭	১৬.১
	মালয়েশিয়া	৪,০৪,৪৪৮	২৩,৮৯৬	১৬.৯
	কাতার	৪,০২,৪৭৮	২২,২৯৩	১৮.১
	সিঙ্গাপুর	৫,৭৪,২৪১	৩৮,১২৯	১৫.১
	অন্যান্য দেশসমূহ	৪,৩৬,৪৪৯	২৬,০৬১	১৬.৭
বয়সের শ্রেণিবিভাজন	১৮-২৪	৪,২৩,৪৩০	২২,৯৬৯	১৮.৪
	২৫-৩৪	৪,৩১,৬৪৮	২৩,৩১৮	১৮.৫
	৩৫-৪৪	৩,৯৭,১৪০	২৪,১৯৯	১৬.৪
	৪৫-৫৪	৩,৯০,৪৩৮	২৪,১৭০	১৬.২
	৫৫ +	৩,২২,১৬৩	৩৩,৮১৯	৯.৫
শিক্ষা	কোন শ্রেণি পাশ নয়	২,৯১,৪৭৪	১৯,৬৪৪	১৪.৮
	প্রাথমিক	৩,৬৯,৬৬৮	২০,৮১১	১৭.৮
	মাধ্যমিক	৪,৫২,৫৩৮	২৪,৫৬৯	১৮.৪
	উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা	৪,৮৯,৮০৫	২৯,৬৯৭	১৬.৫
	বিশ্ববিদ্যালয় পর্যায়	৪,৮৪,৯০৮	৩৭,৭৯৮	১২.৮
	অন্যান্য (কোন শ্রেণি জানা নেই)	৪,৩৪,৪৬৬	২২,২৮৮	১৯.৫

Labour Migrants by Division, Bangladesh 2015-18 (Number in lac)



Labour Migrants by Districts, Bangladesh 2015-18 (Number in thousands)



সারসংক্ষেপ

জরিপ

অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০ হচ্ছে প্রথমবারের মত পরিচালিত একটি বিস্তৃত জরিপ যেখানে আন্তর্জাতিক শ্রম অভিবাসীদের নিয়োগ ব্যয় ও মাসিক আয় সংক্রান্ত বিভিন্ন তথ্যের সমীক্ষা হয়েছে।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এর আর্থিক ও কারিগরি সহায়তায় বাংলাদেশে প্রথমবারের মত অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০ পরিচালনা করেছে। জরিপটি মূলতঃ শ্রম অভিবাসীদের নিয়োগ ব্যয় এবং মাসিক আয় সম্পর্কিত। এছাড়া, জরিপটির মাধ্যমে অভিবাসীদের বিভিন্ন তথ্য যেমন - অভিবাসীদের আর্থ-সামাজিক ও জনমিতিক অবস্থা, অভিবাসীদের বৃত্তান্ত, নিয়োগ ব্যয়, অর্থের উৎস, ঋণ/ধার এবং পরিশোধ, মাসিক আয় এবং শ্রম অভিবাসীদের লিঙ্গ, বয়সভিত্তিক শ্রেণিবিভাজন, শিক্ষা সম্পন্নের স্তর, দক্ষতার ধরন এবং প্রধান গন্তব্য দেশ ইত্যাদি তথ্য সমীক্ষিত হয়েছে।

জরিপ পরিকল্পনা

জরিপটি পরিচালনার জন্য একটি দু-স্তরবিশিষ্ট স্তরিত গুচ্ছ নমুনায়ন পদ্ধতি ব্যবহৃত হয়েছে। ফেব্রুয়ারি-মার্চ ২০২০ সময়ব্যাপী মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হয়েছে।

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) হতে সংগৃহীত অভিবাসীদের তথ্যভান্ডার ব্যবহার করে নমুনা কাঠামো প্রস্তুত করা হয়েছে। এক্ষেত্রে নমুনা উত্তরদাতা ছিল ৮,০০০ (আট হাজার) টি অভিবাসী পরিবার এবং একটি দু-স্তরবিশিষ্ট স্তরিত গুচ্ছ নমুনায়ন পদ্ধতি ব্যবহৃত হয়েছে। ফেব্রুয়ারি - মার্চ ২০২০ সময়ব্যাপী কম্পিউটারের সাহায্যে ব্যক্তিগত সাক্ষাৎকার পদ্ধতিতে মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হয়েছে।

অভিবাসীদের বৃত্তান্ত

শ্রম অভিবাসীদের লিঙ্গ, বয়সভিত্তিক শ্রেণি বিভাজন, শিক্ষা সম্পন্নের স্তর, দক্ষতার ধরন এবং প্রধান গন্তব্য দেশ ইত্যাদির ভিত্তিতে তথ্য উপস্থাপিত হয়েছে।

জরিপের প্রাপ্ত ফলাফল অনুযায়ী, ২০১৫-২০১৮ সময়কালে দেশের মোট অভিবাসী কর্মীর সংখ্যা ছিল ২৭.৩ লক্ষ। তন্মধ্যে, ৪.০ লক্ষ তথা ১৪.৮ শতাংশ ছিল মহিলা এবং ৮৫.২ শতাংশ ছিল পুরুষ। তাদের মধ্যে প্রায় দু-তৃতীয়াংশ অর্থাৎ ৬২.৪ শতাংশ অভিবাসী হয়েছে বাংলাদেশের পল্লী অঞ্চল হতে এবং অবশিষ্ট ৩৭.৬ শতাংশ হয়েছে শহর অঞ্চল হতে। মোট মহিলা অভিবাসীদের মধ্যে ৮৩.৮ শতাংশ মহিলা গৃহকর্মী হিসেবে এবং ৮.৭ শতাংশ অদক্ষ কর্মী ও ৭.৫ শতাংশ দক্ষ কর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল। অন্যদিকে, পুরুষ অভিবাসীদের মধ্যে ৭৭.৪ শতাংশ অদক্ষ কর্মী, ২০.১ শতাংশ দক্ষ কর্মী এবং ২.৪ শতাংশ গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল।

পুরুষ অভিবাসী কর্মীর গড় বয়স ছিল ৩২.৫ বছর, অপরপক্ষে মহিলাদের ক্ষেত্রে গড় বয়স ছিল ৩৩.৪ বছর। সামগ্রিকভাবে, মোট অভিবাসীর দু-তৃতীয়াংশ ৩৪ বছরের নিচে অবস্থান করছে। অভিবাসী কর্মীদের বয়সভিত্তিক বিন্যাস অনুযায়ী দেখা যাচ্ছে যে, অধিকাংশ ক্ষেত্রে যুবকরাই অভিবাসী হচ্ছে।

নিয়োগ ব্যয়

নিয়োগ ব্যয় বলতে বিদেশে চাকুরি নিশ্চিতকল্পে নিয়োগ প্রক্রিয়ার স্থান, কাল, পাত্র, পস্থা নির্বিশেষে সকল ধরনের ব্যয় অন্তর্ভুক্ত হয়েছে।

জাতীয় পর্যায়ে গড় নিয়োগ ব্যয় ৪ লক্ষ ১৭ হাজার টাকা। পুরুষ অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় ৪ লক্ষ ৭১ হাজার টাকা, অপরপক্ষে মহিলা অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় মাত্র ১ লক্ষ টাকা। অর্থাৎ, পুরুষ অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় মহিলা অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয়ের তুলনায় প্রায় চার গুণ বেশি।

২০১৫-২০১৮ সময়ে অধিকাংশ মহিলা অভিবাসী কর্মী (৮৩.৮ শতাংশ) গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল এবং গৃহকর্মী হিসেবে মহিলা অভিবাসী কর্মীদের অভিবাসন ব্যয় অনেক কম ছিল, কখনও কখনও তা শূন্য ব্যয় ছিল। সেজন্য উল্লিখিত সময়ে মহিলা অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় পুরুষ অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয়ের তুলনায় কম ছিল।

দক্ষতাভেদে নিয়োগ ব্যয়ের ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। অদক্ষ অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় সর্বোচ্চ ৪ লক্ষ ৭৮ হাজার টাকা ছিল, যেখানে দক্ষ কর্মীর ক্ষেত্রে ৪ লক্ষ ২৭ হাজার টাকা এবং গৃহকর্মীর ক্ষেত্রে তা ছিল ১ লক্ষ ১৯ হাজার টাকা।

গন্তব্য দেশের ভিত্তিতে একজন অভিবাসী কর্মীর সিঙ্গাপুরে যাওয়ার জন্য সর্বোচ্চ ৫ লক্ষ ৭৪ হাজার টাকা গড় নিয়োগ ব্যয় হয়ে থাকে। যেখানে সৌদি আরব এবং অন্যান্য দেশের ক্ষেত্রে ৪ লক্ষ ৩৬ হাজার টাকা, মালয়েশিয়ার ক্ষেত্রে ৪ লক্ষ ৪ হাজার টাকা, কাতারের ক্ষেত্রে ৪ লক্ষ ২ হাজার টাকা এবং ওমানে যাওয়ার ক্ষেত্রে ৩ লক্ষ ৮ হাজার টাকা গড় নিয়োগ ব্যয় হয়ে থাকে।

মাসিক গড় আয়

মাসিক গড় আয় হচ্ছে, অভিবাসী কর্মীরা বিদেশে প্রথম কোন চাকুরি বা কাজ হতে প্রথম তিন মাসে বেতন/মজুরি, বোনাস এবং অন্যান্য আয় (যেমন- অধিকাল ভাতা) অন্তর্ভুক্তসহ প্রকৃত যে আয় উপার্জন করে থাকে তার মাসিক গড় আয়।

অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ছিল ২৫ হাজার ৬৯৩ টাকা। এক্ষেত্রে, পুরুষ অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ছিল ২৪ হাজার ৬৭৩ টাকা এবং মহিলা অভিবাসী কর্মীর ছিল ১৮ হাজার ৩৩ টাকা। লক্ষণীয় যে, মহিলার তুলনায় পুরুষ অভিবাসী কর্মীর মাসিক গড় আয় তাৎপর্যপূর্ণভাবে বেশি।

বয়সভিত্তিক শ্রেণিবিভাজনে দেখা যায় যে, ৫৫+ বছর বয়সী অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় ছিল সর্বোচ্চ ৩৩ হাজার ৮১৯ টাকা। অন্যদিকে ৪৫-৫৪ বছর বয়সীদের মাসিক গড় আয় ২৪ হাজার ১৭০ টাকা; ৩৫-৪৪ বছর বয়সীদের ২৪ হাজার ১৯৯ টাকা; ২৫-৩৪ বছর বয়সীদের ২৩ হাজার ৩১৮ টাকা এবং ১৮-২৪ বছর বয়সীদের আয় সবচেয়ে কম ২২ হাজার ৯৬৯ টাকা। বয়সভিত্তিক শ্রেণিবিভাজনে ৩৫-৪৪, ৪৫-৫৪ এবং ৫৫+ বয়সী অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় জাতীয় মাসিক গড় আয়ের তুলনায় বেশি।

মাসিক গড় আয়

মাসিক গড় আয় হচ্ছে, অভিবাসী কর্মীরা বিদেশে প্রথম কোন চাকুরি বা কাজ হতে প্রথম তিন মাসে বেতন/মজুরি, বোনাস এবং অন্যান্য আয় (যেমন-অধিকাল ভাতা) অন্তর্ভুক্তসহ প্রকৃত যে আয় উপার্জন করে থাকে তার মাসিক গড় আয়।

টেকসই উন্নয়ন অডীট সূচক ১০.৭.১

“গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অংশ হিসেবে কর্মচারী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ”; সূচকটি হচ্ছে ব্যয় এবং আয়ের একটি অনুপাত। সূচকটির গাণিতিক প্রকাশ নিম্নরূপ:

$RCI =$ নিয়োগ ব্যয় এবং চাকুরি/কাজ হতে মাসিক উপার্জিত আয়ের অনুপাত

যেখানে,

$f =$ বিভিন্ন ধরনের অপেক্ষক যেমন - গড়

$C_k =$ অভিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত নিয়োগ ব্যয়

$E_k =$ একই অভিবাসী ব্যক্তির মাসিক আয়

দক্ষতার ধরন অনুযায়ী দক্ষ অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ছিল সর্বোচ্চ ২৯ হাজার ৪৭৭ টাকা; অদক্ষ কর্মীদের ছিল ২৩ হাজার ৬২৯ টাকা এবং গৃহকর্মীদের ছিল ১৬ হাজার ৬৭৮ টাকা।

প্রধান গন্তব্য দেশের ভিত্তিতে সিঙ্গাপুরে অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় ছিল সর্বোচ্চ ৩৮ হাজার ১২৯ টাকা; অন্যান্য দেশের ক্ষেত্রে অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় ছিল ২৬ হাজার ০৬১ টাকা; মালয়েশিয়ার ক্ষেত্রে ২৩ হাজার ৮৯৬ টাকা; কাতারের ক্ষেত্রে ২২ হাজার ২৯৩ টাকা; সৌদি আরবের ক্ষেত্রে ২২ হাজার ১৪০ টাকা এবং ওমানে অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় ছিল ১৯ হাজার ১৭৭ টাকা।

জাতীয় পর্যায়ে অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং চাকুরি/কাজ হতে মাসিক উপার্জিত আয়ের অনুপাত ছিল ১৭.৬। এক্ষেত্রে, নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাতে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। পুরুষদের অনুপাত (১৯.১) মহিলাদের অনুপাতের (৫.৬) তুলনায় প্রায় চার গুণ বেশি। দেখা যায় যে, মহিলাদের নিয়োগ ব্যয় পুনরুদ্ধার করতে যেখানে গড়ে ৫.৬ মাস সময় লাগে সেখানে পুরুষদের লাগে গড়ে ১৯.১ মাস। ২০১৫-২০১৮ সময়ে অধিকাংশ মহিলা গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল এবং গৃহকর্মী হিসেবে নিয়োজিত মহিলাদের নিয়োগ ব্যয় অনেক কম ছিল, কখনও কখনও তা শূন্য ব্যয় ছিল। সেজন্য, মাসিক কর্মসংস্থান আয়ের ভিত্তিতে নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে উল্লিখিত সময়ে পুরুষদের তুলনায় মহিলাদের অনেক কম মাস সময় প্রয়োজন হয়।

বয়সভিত্তিক শ্রেণিবিভাজনে দেখা যায় যে, অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং চাকুরি/কাজ হতে মাসিক উপার্জিত আয়ের অনুপাত ২৫-৩৪ বছর বয়সীদের সবচেয়ে বেশি যা ১৮.৫। অন্যদিকে, ১৮-২৪ বছর বয়সীদের ক্ষেত্রে ১৮.৪; ৩৫-৪৪ বছর বয়সীদের ক্ষেত্রে ১৬.৪; ৪৫-৫৪ বছর বয়সীদের ক্ষেত্রে ১৬.২ এবং ৫৫+ বছর বয়সীদের ক্ষেত্রে ৯.৫। কম বয়সী বিশেষ করে ১৮-২৪ এবং ২৫-৩৪ বছর বয়সীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে জাতীয় গড় সময় (১৭.৬) এর তুলনায় বেশি মাস সময় লাগে।

৫৫+ বছর বয়সী অভিবাসী কর্মীরা মাসিক গড় আয় করে সর্বোচ্চ ৩৩ হাজার ৮১৯ টাকা। অন্যদিকে ৪৫-৫৪ বছর বয়সীদের মাসিক গড় আয় ২৪ হাজার ১৭০ টাকা; ৩৫-৪৪ বছর বয়সীদের ২৪ হাজার ১৯৯ টাকা; ২৫-৩৪ বছর বয়সীদের ২৩ হাজার ৩১৮ টাকা এবং ১৮-২৪ বছর বয়সীদের সবচেয়ে কম আয় ২২ হাজার ৯৬৯ টাকা। বয়সভিত্তিক শ্রেণিবিভাজনে ৩৫-৪৪, ৪৫-৫৪ এবং ৫৫+ বয়সী অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় জাতীয় মাসিক গড় আয়ের তুলনায় বেশি।

টেকসই উন্নয়ন অডীট সূচক ১০.৭.১

“গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অংশ হিসেবে কর্মচারী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ”, সূচকটি হচ্ছে ব্যয় এবং আয়ের একটি অনুপাত। সূচকটির গাণিতিক প্রকাশ নিম্নরূপ:

RCI = নিয়োগ ব্যয় এবং চাকুরি/কাজ হতে মাসিক উপার্জিত আয়ের অনুপাত

যেখানে,

f = বিভিন্ন ধরনের অপেক্ষক যেমন - গড়

C_k = অভিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত নিয়োগ ব্যয়

E_k = একই অভিবাসী ব্যক্তির মাসিক আয়

দক্ষতার ধরন অনুযায়ী অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাতে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। গৃহকর্মীদের ক্ষেত্রে, মোট নিয়োগ ব্যয় তার ৭.১ মাসের উপার্জিত অর্থের সমান যা অন্যান্য সকল পেশার তুলনায় সবচেয়ে কম সময় এবং জাতীয় পর্যায়ের (১৭.৬ মাস) তুলনায় প্রায় এক তৃতীয়াংশ কম।

শিক্ষা সম্পন্নের ভিত্তিতে দেখা যায় যে, যারা বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা সম্পন্ন করেছে অভিবাসী কর্মী হিসেবে তাদের নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত সবচেয়ে কম ১২.৮। অন্যদিকে, কোন শ্রেণি পাশ নয় এমন ক্ষেত্রে ১৪.৮; উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা শ্রেণি সম্পন্নের ক্ষেত্রে ১৬.৫ এবং প্রাথমিক শিক্ষা সম্পন্নের ক্ষেত্রে ১৭.৮। শিক্ষা সম্পন্নের শ্রেণিবিভাজন অনুযায়ী দেখা যায় যে, প্রাথমিক, মাধ্যমিক এবং অন্যান্য শ্রেণির অনুপাত জাতীয় অনুপাত ১৭.৬ এর তুলনায় বেশি। তার অর্থ হচ্ছে, যে সকল অভিবাসী কর্মী শিক্ষায় প্রাথমিক, মাধ্যমিক এবং অন্যান্য শ্রেণি পাশ করেছে তাদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে প্রায় দেড় বছর সময় লাগে।

প্রধান গন্তব্য দেশের ভিত্তিতে অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত সৌদি আরবের ক্ষেত্রে সবচেয়ে বেশি ১৯.৭। তারপর কাতার ১৮.১; মালয়েশিয়ার ক্ষেত্রে ১৬.৯; ওমানের ক্ষেত্রে ১৬.১ এবং অন্যান্য দেশের ক্ষেত্রে ১৬.৭। সিঙ্গাপুরের ক্ষেত্রে অনুপাত ১৫.১ যা উল্লিখিত সকল দেশের তুলনায় কম।

অধ্যায় ১

ভূমিকা

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০ এর ভূমিকা বর্ণিত হয়েছে। অভিবাসনের ক্ষেত্রে প্রেক্ষাপট, বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অভিবাসন, দেশে অভিবাসন সংক্রান্ত কাজে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা এজেন্সিসমূহ এবং অভিবাসন ব্যয় হ্রাসের প্রভাব এই অধ্যায়ে আলোচনা করা হয়েছে।

অধ্যায় ১ : ভূমিকা

- ১.১ পটভূমি
- ১.২ আন্তর্জাতিক প্রসঙ্গে শ্রম অভিবাসন
- ১.৩ বাংলাদেশের সপ্তম পঞ্চ-বার্ষিক পরিকল্পনায় অভিবাসন
- ১.৪ বাংলাদেশের শ্রম অভিবাসন- সংশ্লিষ্ট মন্ত্রণালয়/অধিদপ্তর
- ১.৫ অভিবাসন ব্যয় কমানোর তাৎপর্য

অধ্যায় ১

ভূমিকা

১.১ গটভূমি

বহির্বিষয়ের অর্থনীতির সাথে ভাল মিলিয়ে বাংলাদেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে এবং এজন্যই শোভন ও উৎপাদনশীল কাজে প্রবেশ দারিদ্র বিমোচনের সবচেয়ে বাস্তব উপযোগী পন্থা। আগামী বছরগুলোতে কর্মসংস্থান জনগোষ্ঠীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাবে, যার ফলে যথোচিত কর্মসংস্থানের জন্য শ্রম বাজারের উপর চাপ তীব্রতর হবে। কর্মসংস্থান জনগোষ্ঠীর সংখ্যা উত্তরোত্তর বৃদ্ধির বিষয়টি ভাল মানের কর্মসংস্থানের ব্যাপারে একটি শঙ্কা তৈরি করেছে, বিশেষ করে যখন একটি বড় সংখ্যক কর্মী ঝুঁকিপূর্ণ ও অস্থায়ী ধরনের কাজে নিয়োজিত। জনসংখ্যার প্রাক্কলিত ধারা প্রাপ্তবয়স্ক কর্মসংস্থান জনগোষ্ঠীর বৃদ্ধির দিকে নির্দেশ করে, যা উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত শ্রমশক্তির শোভন কাজের জন্য একটি চ্যালেঞ্জ হিসেবে দেখা দিবে।

বাংলাদেশ বিশ্বের অন্যতম কর্মী রপ্তানিকারক দেশ এবং প্রতি বছর একটি বড় সংখ্যক জনগোষ্ঠী স্বৈচ্ছায় স্বল্প-মেয়াদী কর্মে নিয়োজিত হয়ে বিদেশ গমন করে থাকে। বাংলাদেশ থেকে ৬০৭৮ জন কর্মী অভিবাসনের মধ্য দিয়ে অভিবাসন শুরু হয় ১৯৭৬ খ্রিস্টাব্দে। জনশক্তি, কর্মসংস্থান এবং প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) এর মতে ১৯৭৬ থেকে ২০১৮ সাল পর্যন্ত মোট প্রায় ১২.২ মিলিয়ন বাংলাদেশী কাজের জন্য বিদেশ গমন করেছে। এর মানে এই নয় যে এই ১২.২ মিলিয়ন বাংলাদেশী বর্তমানে দেশের বাইরে কাজ করছে। বাংলাদেশী কর্মীরা প্রধানতঃ স্বল্প-মেয়াদী চুক্তিতে কাজ করে, ফলে মেয়াদ শেষে তাদের দেশে ফিরে আসতে হয়। মেয়াদ শেষে দেশে ফিরে আসা কর্মীদের বিষয়ে তথ্য সংরক্ষণের সঠিক ব্যবস্থা নেই, ফলে ঠিক কত সংখ্যক বাংলাদেশী বর্তমানে দেশের বাইরে কাজ করছে তার সঠিক হিসাব জানা নেই। সাধারণভাবে ধারণা করা হয় যে, বর্তমানে প্রায় ৮.৫ মিলিয়ন বাংলাদেশী অভিবাসী সারা বিশ্বে কর্মরত আছে। ২০১৫-২০১৮ সাল পর্যন্ত প্রায় ২.৭ মিলিয়ন মানুষ বাংলাদেশ থেকে অভিবাসী হয়েছে। তাদের মধ্যে ৯০ শতাংশ মানুষ মধ্যপ্রাচ্য এবং মালয়েশিয়াতে অভিবাসী হয়েছে। বাহরাইন, কাতার, সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, ওমান, মালয়েশিয়া এবং সিঙ্গাপুর - এই দেশসমূহ সিংহভাগ বাংলাদেশী অভিবাসীর গন্তব্যদেশ।

বাংলাদেশের অর্থনীতিতে অভিবাসী কর্মীদের উল্লেখযোগ্য অবদান বিবেচনা করে বাংলাদেশ সরকার এটিকে “অগ্রাধিকারভুক্ত খাত (Thrust Sector)” হিসেবে চিহ্নিত করেছে। দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি)’র প্রায় ৭-৮ শতাংশ এবং মোট শ্রমশক্তির প্রায় ১২ শতাংশ বিদেশে অভিবাসী হিসেবে কর্মরত রাখার মাধ্যমে আন্তর্জাতিক শ্রম অভিবাসন বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধিতে অন্যতম প্রধান নিয়ামক হিসেবে অবদান রাখছে। ২০১৯ অর্থ বছরে বৈদেশিক উপার্জন (রেমিট্যান্স) হিসেবে প্রায় ১৮.২ বিলিয়ন ইউএস ডলার অর্জিত হয়েছে। বিগত কয়েক বছর ধরে সার্বিক বৈদেশিক মুদ্রা উপার্জন (রেমিট্যান্স) বৃদ্ধি পেয়েছে, যা ২০১৩-১৪ অর্থবছরে ছিল ১৪.২ বিলিয়ন ইউএস ডলার, সেটা ২০১৮-১৯ অর্থ বছরে হয়েছে ১৬.৪ বিলিয়ন ইউএস ডলার। বাংলাদেশ সরকার কর্তৃক প্রবাসী বাংলাদেশীদের রেমিট্যান্স বৈধ মাধ্যমে প্রেরণের ক্ষেত্রে ২০১৯ সালে প্রেরিত অর্থের উপর ২ শতাংশ হারে প্রণোদনা ঘোষণা করা হয়েছে।

১.২ আন্তর্জাতিক প্রেক্ষাপটে শ্রম অভিবাসন

মানুষের এক দেশ হতে অন্য দেশে গমন বর্তমান বিশ্বের সামাজিক, অর্থনৈতিক এবং পরিবেশগত প্রেক্ষাপটের এক অবিচ্ছেদ্য অংশে পরিণত হয়েছে। শ্রম অভিবাসন উৎস ও গন্তব্য উভয় দেশের উন্নয়নে এবং অভিবাসীদের, তাদের পরিবারের ও সমাজের উন্নয়নের সম্ভাবনায় প্রত্যক্ষ ও বহুমুখী প্রভাব রয়েছে। অভিবাসনের উপকারিতা এবং উন্নয়নে এর অবদান স্বীকৃত হয়েছে, বিশেষ করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি)-এর এজেন্ডা ২০৩০-এ লক্ষ্যমাত্রা ১০.৭-“পরিকল্পিত ও সুষ্ঠু অভিবাসন নীতিমালা বাস্তবায়নসহ অপরাপর উদ্যোগ গ্রহণের মাধ্যমে সুশৃঙ্খল, নিরাপদ, নিয়মিত ও দায়িত্বশীল উপায়ে জনগণের অভিবাসন ও যাতায়াত সহজতর করা।” জাতিসংঘ মহাসচিব বিশ্ব অভিবাসন দিবস (২০১৯)-এ উল্লেখ করেছেনঃ “**অভিবাসীরা সমাজের অবিচ্ছেদ্য অংশ, তারা উৎস এবং গন্তব্য উভয় দেশের সমাজে পারস্পারিক বোঝাপড়া এবং টেকসই উন্নয়নে অবদান রাখছে। নিরাপদ, সুশৃঙ্খল এবং নিয়মিত অভিবাসন সকলের স্বার্থেই প্রয়োজন। আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমেই অভিবাসনের ক্ষেত্রে জাতীয় অগ্রাধিকার সবচেয়ে ভালভাবে অর্জিত হয়। সকল অভিবাসী তাদের মানবাধিকারের ক্ষেত্রে সমান সুরক্ষার অধিকারী। এই নীতিগুলো নিরাপদ, সুষ্ঠু এবং নিয়মিত অভিবাসন সম্পর্কিত বিশ্বব্যাপী সিদ্ধান্তে (Global Compact) সন্নিবেশিত আছে।**”

১.৩ বাংলাদেশের সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় অভিবাসন

বাংলাদেশের উন্নয়ন প্রক্রিয়ায় অভিবাসনকে সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় (অর্থবছর ২০১৬ - ২০২০) অবিচ্ছেদ্য উপাদান হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। এই পরিকল্পনায় অভিবাসনকে উন্নয়নের অন্যতম চালিকাশক্তি হিসেবে চিহ্নিত করা হয়েছে যা একটি ব্যাপক সংখ্যক কর্মীর কর্মসংস্থানের ব্যবস্থা করেছে। দক্ষ মানব সম্পদ তৈরি করা এবং এই দক্ষ মানব সম্পদের অভিবাসন সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বিশেষভাবে সন্নিবেশিত হয়েছে। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১-এ অভিবাসন প্রত্যাশী কর্মীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে ভবিষ্যতে বৈদেশিক মুদ্রা উপার্জন (রেমিট্যান্স) বৃদ্ধির প্রয়োজনকে বিশেষভাবে উল্লেখ করা হয়েছে। অধিকন্তু, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার সরকার কর্তৃক ঘোষিত লক্ষ্য অর্জনে দেশের এবং বিদেশের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরি করার লক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এন.এস.ডি.এ) গঠন করা হয়েছে। বাংলাদেশ সরকার দক্ষতা উন্নয়ন এবং অভিবাসন ব্যবস্থাপনার জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) কর্ম-পরিকল্পনা তৈরি করেছে যা নভেম্বর ২০১৭-এ অনুমোদিত হয়েছে।

১.৪ বাংলাদেশে শ্রম অভিবাসন - দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় বা এজেন্সিসমূহ

আন্তর্জাতিক শ্রম অভিবাসনের কাজে সরকারের পাঁচটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় সম্পর্কিত আছে- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। ২০০১ সাল পর্যন্ত শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় আন্তর্জাতিক শ্রম অভিবাসনের দায়িত্বে ছিল। প্রবাসী বাংলাদেশী এবং অভিবাসী শ্রমিকদের চাহিদার প্রেক্ষিতে ২০০১ সালের ডিসেম্বর মাসে একটি নতুন মন্ত্রণালয় খোলা হয়। শ্রম অভিবাসন বিষয়ে বিদেশে বাংলাদেশী দূতাবাস গুলোর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বৈদেশিক কর্মসংস্থানের ব্যবস্থাপনা বিষয়ে নীতিমালা তৈরি, পরিকল্পনা প্রণয়ন, আইন তৈরি, প্রকল্প গ্রহণ এবং বাস্তবায়ন পর্যবেক্ষণের কাজ প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় করে যাচ্ছে। এই বিষয়ে মন্ত্রণালয়কে সাহায্য করছে জনশক্তি, কর্মসংস্থান এবং প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল), ওয়েজ আরনার্স’স ওয়েলফেয়ার ফান্ড এবং প্রবাসী কল্যাণ ব্যাংক।

এজেন্সিগুলো সম্পর্কে নিম্নে সংক্ষেপে তুলে ধরা হল-

- **জনশক্তি, কর্মসংস্থান এবং প্রশিক্ষণ ব্যুরো (বি.এম.ই.টি):** এটি ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত হয়। রিক্রুটিং এজেন্টদের কার্যক্রম, চাকুরি প্রত্যাশীদের রেজিস্ট্রেশন এবং দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টির কাজ উদ্বুদ্ধকরণ, নিয়ন্ত্রণ এবং পর্যবেক্ষণ এই প্রতিষ্ঠানের প্রধান কাজ। এছাড়া, অভিবাসী কর্মীদের অধিকার সুনিশ্চিত করা এবং কল্যাণমূলক পরিসেবা বিস্তৃত করা এর কাজের মধ্যে পড়ে।
- **বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল):** এটি ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত একটি সরকারি প্রতিষ্ঠান যার দায়িত্ব বৈদেশিক কর্মসংস্থান প্রসার ও প্রক্রিয়াকরণ করা। অভিবাসী কর্মী গ্রহণকারী দেশগুলোতে কার্যকর কর্মসংস্থান প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনার দায়িত্বও এই প্রতিষ্ঠান গ্রহণ করে থাকে।
- **ওয়েজ আরনার্স'স ওয়েলফেয়ার ফান্ড (ডব্লু.ই.ডব্লু.এফ):** এটি ১৯৯০ সালে প্রতিষ্ঠিত হয়। বিদেশে কর্মরত শ্রমিকদের এবং তাদের পরিবারের সার্বিক এবং টেকসই কল্যাণ নিশ্চিত করার কাজ এই প্রতিষ্ঠান করে থাকে।
- **প্রবাসী কল্যাণ ব্যাংক (পি.কে.বি):** ব্যাংকটি প্রতিষ্ঠিত হয় ২০১১ সালে। প্রবাসীদের জন্য সহজ শর্তে ঋণ প্রদান, বৈদেশিক আয় সহজে দেশে পাঠানোর ব্যবস্থা করা এবং প্রবাসী উপার্জনকারীদের দেশে বিনিয়োগ করতে উৎসাহ দেয়া।

এছাড়াও কিছু সুনির্দিষ্ট এজেন্সি আছে যেগুলো শ্রম অভিবাসনের সাথে সরাসরি সম্পর্কিত বিষয়গুলো নিয়ে কাজ করছে, যেমন- বেসরকারি রিক্রুটিং এজেন্সি এবং তাদের দেশি ও বিদেশী মাধ্যম সমূহ, ব্যক্তিগত উদ্যোগ এবং সম্ভাব্য অভিবাসী ও তাদের পরিবার।

১.৫ অভিবাসন ব্যয় হ্রাসের প্রভাব

অভিবাসন ব্যয় হ্রাস প্রবাসীদের উপার্জন (রেমিট্যান্স) বৃদ্ধি করতে পারে এবং নিজ দেশ-বাংলাদেশের উন্নয়ন ত্বরান্বিত করতে পারে। অভিবাসন ব্যয় হ্রাস করলে ঋণগ্রস্থ হয়ে বিদেশে যাওয়া ও সম্ভাব্য শোষণের ঝুঁকিতে থাকা কর্মীদের সুরক্ষার উন্নতিবিধান হতে পারে। অভিবাসন ব্যয় সবচেয়ে বেশি হয় অভিবাসনের জটিল প্রক্রিয়ায় যেখানে “প্রেরণকারী ও গ্রহণকারী” উভয় দেশেই নিয়োগকারী জড়িত থাকে। অদক্ষ কর্মীদের অভিবাসন ব্যয় তুলনামূলকভাবে বেশি হতে পারে, তারা প্রবাসে অধিক ঝুঁকিতে থাকে ফলে রেমিটেন্স কমে যায় এবং দেশের উন্নয়নে রেমিটেন্সের প্রভাব কমে যায়। অভিবাসন ব্যয় হ্রাসের মাধ্যমে অবিবাসী কর্মীদের সুরক্ষা ঝুঁকি কমানো এবং দেশের উন্নয়ন ত্বরান্বিতকরণে ভাল ফলাফল পাওয়া যেতে পারে।

বাংলাদেশ হতে অন্য কোন দেশে, বিশেষ করে ধনী দেশে অভিবাসিত হওয়া মোটেও অবাধ ও সহজলভ্য নয়। দেশে কাজের ভাল সুযোগ না পেয়ে অনেকেই অত্যধিক ব্যয় করে ও বড় ঝুঁকি নিয়ে ধনী দেশসমূহে যাওয়ার চেষ্টা করে। অভিবাসী কর্মী হিসেবে নিয়োগ ব্যয় কিছু কিছু দেশে ব্যয়বহুল, এ নিয়োগ ব্যয় শুধুমাত্র প্রক্রিয়ার জটিলতার কারণেই তা নয়, বরং অনেক সময় অভিবাসন প্রক্রিয়ায় “উৎস ও গন্তব্য” উভয় দেশেই অভিবাসীদের মৌলিক অধিকার রক্ষা ও সুরক্ষা দেয়ার “অভিবাসন চেইন”-এ চুক্তি প্রতিষ্ঠায় অকৃতকার্যতার কারণেও নিয়োগ ব্যয় বেশী হয়ে থাকে।

অধ্যায় ২

জরিপ পদ্ধতি

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে অভিবাসন ব্যয় জরিপ ২০২০ এ ব্যবহৃত জরিপ পদ্ধতি বর্ণিত হয়েছে। জরিপের আওতা ও পরিধি, নমুনায়ন কাঠামো প্রস্তুত, নমুনায়ন প্রশমন, মাঠপর্যায়ের তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও সীমাবদ্ধতা এবং জরিপে ব্যবহৃত ধারণা ও সংজ্ঞাসমূহ এই অধ্যায়ে আলোচনা করা হয়েছে।

অধ্যায় ২ : জরিপ পদ্ধতি

- | | |
|-----|----------------------------------|
| ২.১ | জরিপের আওতা ও উদ্দেশ্য |
| ২.২ | নমুনায়ন কাঠামো |
| ২.৩ | জরিপ প্রশাঙ্গী |
| ২.৪ | নিয়োগ ব্যয় সূচকের হিসাব পদ্ধতি |
| ২.৫ | জরিপ পরিচালনা |
| ২.৬ | ধারণা ও সংজ্ঞা |

অধ্যায় ২

জরিপ পদ্ধতি

এই অধ্যায়ে অভিবাসন ব্যয় জরিপ, বাংলাদেশ ২০২০ এর জরিপ পদ্ধতি বর্ণিত হয়েছে। জরিপের আওতা ও পরিধি, নমুনায়ন কাঠামো প্রস্তুত, নমুনায়ন প্রণয়ন, মাঠপর্যায়ে তথ্যসংগ্রহ কার্যক্রম পরিচালনা, তথ্য প্রক্রিয়াকরণ ও বিশ্লেষণ, সীমাবদ্ধতা এবং জরিপে ব্যবহৃত ধারণা ও সংজ্ঞাসমূহ এ অধ্যায়ে আলোচনা করা হয়েছে।

জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো জরিপের পরিকল্পনা প্রণয়ন, জরিপ বাস্তবায়ন, উপাত্ত বিশ্লেষণ এবং রিপোর্ট প্রস্তুতে মূল ভূমিকা পালন করেছে। জরিপ কার্যক্রম বাস্তবায়নে প্রশ্নপত্র প্রণয়ন ও জটিল নমুনায়ন পদ্ধতি প্রণয়নের ক্ষেত্রে আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) অসামান্য অবদান রেখেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সার্বিক তত্ত্বাবধানে মাঠপর্যায় হতে তথ্য সংগ্রহের জন্য কর্মী নির্বাচন ও প্রশিক্ষণ, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ, সদর দপ্তর ও মাঠপর্যায়ের কার্যক্রমসমূহের তদারকিসহ জরিপের সার্বিক কর্মকাণ্ডসমূহ পরিচালিত হয়েছে।

২.১ জরিপের আওতা ও উদ্দেশ্য

জরিপটি শ্রম অভিবাসীদের লিঙ্গ, শিক্ষা, দক্ষতার ধরন এবং প্রধান গন্তব্য দেশ অনুযায়ী পৃথকীকরণের মাধ্যমে জাতীয় পর্যায়ে নির্ভরযোগ্য প্রাঙ্গলন সরবরাহ করার জন্য পরিচালিত হয়েছে। জরিপের নমুনায়ন কাঠামো প্রস্তুতের জন্য জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)’র সরবরাহকৃত ২০১৫-২০১৮ খ্রিস্টাব্দ সময়কালে অভিবাসী কর্মীদের নাম ও ঠিকানা সম্বলিত তথ্যভান্ডার ব্যবহৃত হয়েছে। জরিপের নমুনায়ন পদ্ধতি অনুসরণপূর্বক শহরাঞ্চল ও গ্রামাঞ্চল উভয় এলাকার অভিবাসী কর্মীদের খানাসমূহকে আওতাভুক্ত করে মোট ৮,০০০ অভিবাসী-খানার একটি নমুনা চয়ন করা হয়েছে। প্রাতিষ্ঠানিক খানাসমূহ অর্থাৎ হোস্টেল, হোটেল, হাসপাতাল, বৃদ্ধাশ্রম, সামরিক ও পুলিশ ব্যারাক, কারাগার, কল্যাণমূলক গৃহ এবং অন্যান্য প্রতিষ্ঠানে যারা বাস করে তাদের জরিপের আওতা বহির্ভূত রাখা হয়েছে।

জরিপের প্রাথমিক উদ্দেশ্য ছিল ২০১৫-২০১৮ খ্রিস্টাব্দ সময়কালে অভিবাসীদের নিয়োগ সম্পর্কিত ব্যয় এবং মাসিক উপার্জনের বিস্তারিত তথ্য সংগ্রহ করা। জরিপের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

- অভিবাসী কর্মীদের খানার আর্থ-সামাজিক তথ্য সংগ্রহ করা;
- অভিবাসীদের বিদেশী ভাষা প্রয়োগের কুশলতা এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা;
- দক্ষতার ধরন, গন্তব্যের প্রধান দেশ, লিঙ্গ বা শিক্ষার দ্বারা যেভাবেই পৃথক করা হোক না কেন অভিবাসী কর্মীদের নিয়োগ-সংক্রান্ত ব্যয় এবং ফি প্রদানের ক্ষেত্রে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করা;
- অভিবাসন ব্যয় পরিশোধের জন্য ঋণ গ্রহীতাদের সংখ্যা; ঋণ গ্রহণের উৎস এবং ঋণ পরিশোধের প্রকার সম্পর্কে তথ্য সংগ্রহ করা;
- অভিবাসী কর্মীরা তাদের দক্ষতার ধরন, গন্তব্যের প্রধান দেশ, লিঙ্গ বা শিক্ষা ভেদে কী পরিমাণ উপার্জন করেন সে সম্পর্কে তথ্য সংগ্রহ করা;
- টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সূচক ১০.৭.১: “গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অংশ হিসেবে কর্মচারী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ” এর প্রাঙ্গলন করা।

২.২ জরিপের নমুনায়ন কাঠামো

জরিপের নমুনায়নের জন্য নমুনা কাঠামোটি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের (MOEWE) আওতাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)'র বিশেষভাবে সংরক্ষিত শ্রম অভিবাসীদের প্রশাসনিক রেকর্ড/তথ্যভান্ডারের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়েছে। তথ্যভান্ডারে বার্ষিক গড়ে প্রায় ৭.০ লক্ষ শ্রম অভিবাসীদের রেকর্ড অন্তর্ভুক্ত হয়ে থাকে। বিএমইটি'র তথ্য অনুযায়ী বিগত ২০১৫, ২০১৬, ২০১৭ ও ২০১৮ সাল এ চার বৎসরে অভিবাসী কর্মীদের মোট সংখ্যায় স্থিতিশীল অবস্থা দেখা যায় অর্থাৎ প্রতি বছর গড়ে প্রায় ৭.০ লক্ষ বাংলাদেশি অভিবাসী হিসেবে বিদেশে পাড়ি জমান। নমুনা কাঠামোটিতে অর্থাৎ তথ্যভান্ডারে উল্লিখিত চার বৎসরে সারা দেশে ছড়িয়ে থাকা প্রায় ২.৭৩ মিলিয়ন শ্রম অভিবাসীর নাম, ঠিকানা ও অন্যান্য উপাত্তের তথ্য রয়েছে।

২.৩ জরিপের নমুনা নকশা

২.৩.১ চলকের বিন্যাস

সম্পর্কের চলক: উল্লিখিত জরিপের জন্য “কর্মী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অনুপাত” (এসডিজি সূচক ১০.৭.১) চলকটি বিবেচনা করা হয়েছে। বিবেচ্য চলকটি অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় পুনরুদ্ধারের জন্য কত মাসের উপার্জন করতে হবে তার মাধ্যমে ব্যাখ্যা করা যেতে পারে।

গড় এবং ভেদাংক: চলকটি একটি স্থায়িত্বের কাল হিসেবে বিবেচনা করে, চলকটির গড় এবং ভেদাংক প্রকাশ করা যেতে পারে চলকের গড় এবং ভেদাংক বিন্যাস রূপে। উদাহরণস্বরূপ, বিন্যাসটি এক্সপোনেন্সিয়াল নিবেশন, ওয়েবুল (Weibull) নিবেশন বা অন্যান্য নিবেশন যেমন, লগ-লজিস্টিক নিবেশন হিসেবে বিবেচিত হতে পারে।

এক্সপোনেন্সিয়াল নিবেশন: $F(x) = 1 - \exp(-x/\lambda), x \geq 0$

$$\text{গড়} = E(x) = \lambda$$

$$\text{ভেদাংক} = \sigma^2(x) = \lambda^2$$

ওয়েবুল (Weibull) নিবেশন: $F(x) = 1 - \exp[-(x/\lambda)^k], x \geq 0$

$$\text{গড়} = E(x) = \lambda \Gamma(1 + 1/k)$$

$$\text{ভেদাংক} = \sigma^2(x) = \lambda^2 \{ \Gamma(1 + 2/k) - [\Gamma(1 + 1/k)]^2 \}$$

প্রাক্কলনের ডোমেইন: বাংলাদেশের আন্তর্জাতিক অভিবাসী কর্মীদের গন্তব্যের প্রধান দেশসমূহ।

নির্ভুলতার মাপকাঠি: জরিপের প্রাক্কলন সমূহের ত্রুটির আপেক্ষিক মার্জিন একটি নির্দিষ্ট শতাংশের নীচে হওয়া উচিত, যেমন- ১০ শতাংশ এবং এর পাশাপাশি যথার্থতার মাত্রা অনেক বেশি হতে হবে, যেমন- ৯৫ শতাংশ।

২.৩.২ নমুনা আকার নির্ধারণ

সর্বনিম্ন প্রয়োজনীয় নমুনার আকারটি নিম্নের সূত্রটি ব্যবহার করে গণনা করা হয়েছেঃ

$$n \geq \frac{Z_{(1-\frac{\alpha}{2})}^2}{\varepsilon^2} \times \left(\frac{\sigma}{\mu}\right)^2$$

যেখানে n হলো প্রতিটি প্রাক্কলনের ডোমেইন এর জন্য প্রয়োজনীয় ন্যূনতম নমুনার আকার, $1-\alpha$ হলো যথার্থতার মাত্রা এবং $Z_{(1-\alpha/2)}$ হলো আদর্শ পরিমিত বিন্যাসের পারিপার্শ্বিক মান, ε হলো ত্রুটির তুলনামূলক প্রাপ্তিকতা, এবং μ ও σ সম্পর্কের চলকের গড় এবং ভেদাংক।

নমুনার আকার নির্ধারণ করা হয়েছে নিম্নলিখিতভাবে:

- ৮০ নমুনা উপজেলা/থানার সংখ্যা
- X১০০ প্রতি উপজেলা/থানায় নমুনা অভিবাসী খানার সংখ্যা
- ৮০০০ নমুনা খানার আকার

নমুনা আকার হতে একটি কার্যকর নমুনা আকার নিম্নরূপভাবে পাওয়া যেতে পারে:

- ৮০০০ নমুনা খানার আকার
- ৩০% নমুনায়নকৃত ব্যক্তি/রেকর্ডের শতাংশ (যাদের সনাক্ত করা যাবে)
- ২৪০০ কার্যকর নমুনা খানার আকার

২.৩.৩ নমুনা নকশা

জরিপের নমুনা নকশাটি ২৭ নভেম্বর ২০১৯ তারিখে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর এ উচ্চ-পর্যায়ের কারিগরি কমিটি দ্বারা অনুমোদিত হয়। নকশাটি একটি দ্বি-স্তরের স্তরিত দৈব নমুনায়ন নকশা যেখানে প্রথম স্তরে উপজেলা (থানা) সমূহ নমুনা নমুনা ফ্রেম থেকে নির্বাচিত হয়। নমুনা ফ্রেমটি ছিল পুরো বিএমইটি তথ্যভান্ডার যা ২০১৫ থেকে ২০১৮ অবধি চার বছরের প্রশাসনিক রেকর্ডকে অন্তর্ভুক্ত করে বিভাগ এবং প্রতিটি বিভাগের মধ্যে শহর/গ্রামীণ অবস্থান দ্বারা স্তরিতকরণ করা হয়েছে। সর্বমোট ১৬ টি স্তর তৈরি করা হয়েছে (৮ টি বিভাগ এবং ২ টি শহর/গ্রামীণ অবস্থান)। প্রতি স্তরে কমপক্ষে একটি উপজেলা/থানা নিয়ে বর্গমূল বন্টন দ্বারা নমুনা স্তরের মধ্যে নমুনার আকারটি বিভাজন করা হয়েছে। বর্গমূল বন্টনটি মূলতঃ সম বন্টন এবং আনুপাতিক বন্টনের মধ্যে একটি সমঝোতা এবং ছোট ছোট স্তর সমূহে বন্টনকৃত নমুনার আকার যথাযথ করে থাকে। প্রথম স্তরে উপজেলা/থানার নমুনা নির্বাচনের সম্ভাবনা নির্ণীত হয়েছে Probability Proportional to Size (PPS) এর ভিত্তিতে, যেখানে নির্বাচিত উপজেলা/থানায় অভিবাসী ব্যক্তির সংখ্যা ছিল ঐ নির্দিষ্ট স্তরের আকার (Measure of Size)।



নমুনায়নের দ্বিতীয় পর্যায়ে, একটি নির্দিষ্ট সংখ্যক (১০০) অভিবাসী ব্যক্তির খানা প্রতিটি নমুনা উপজেলা/থানাসমূহের মধ্যে সমান সম্ভাব্যতা সহ পর্যায়ক্রমিক নমুনায়ন দ্বারা নির্বাচন করা হয়েছে। নমুনা একক সমূহের পর্যাপ্ত বিস্তার নিশ্চিত করতে, নমুনা নির্বাচনের পূর্বে তথ্যভান্ডার অভিবাসী কর্মীদের পেশার তিনটি বৃহৎ শ্রেণি (i) দক্ষ কর্মী (ii) অদক্ষ কর্মী এবং (iii) গৃহকর্মী ভেদে পুনরায় সাজানো হয়েছে।

২.৩.৪ নমুনা চয়ন

নমুনা নকশার সাথে সামঞ্জস্য রেখে, নমুনা নির্বাচন নীচে বর্ণিত দুটি পর্যায়ে সম্পন্ন হয়েছে।

প্রথম পর্যায়ের নমুনায়ন

প্রথমত, বিএমইটি ২০১৫-২০১৮ এর ভৌগলিক এলাকাসমূহ বাংলাদেশের বর্তমান প্রশাসনিক এলাকাসমূহের সাথে সামঞ্জস্য করার জন্য নিম্নরূপে সাজানো হয়েছে:

৮	বিভাগ
৬৪	জেলা
৪৯২	উপজেলা/থানা

অতঃপর, প্রতিটি উপজেলা/থানা নির্বাচনের সম্ভাব্যতাগুলি সংশ্লিষ্ট স্তরের জন্য বরাদ্দকৃত নমুনা আকার ব্যবহার করে এবং সংশ্লিষ্ট ডোমেইনের অভিবাসী ব্যক্তির খানার সংখ্যার অংশে উপজেলা/থানায় রেকর্ড সংখ্যার অনুপাতে হিসাব করা হয়েছে। পরিশেষে, Tille নমুনায়ন অ্যালগরিদম ব্যবহার করে ৮০ টি নমুনা উপজেলা/থানা নির্বাচন করা হয়েছে।

দ্বিতীয় পর্যায়ের নমুনায়ন

নমুনায়নের দ্বিতীয় পর্যায়ে, প্রথম পর্যায়ে নির্বাচিত ৮০ টি নমুনা উপজেলা/থানায় প্রতিটিতে সমান সম্ভাবনার ভিত্তিতে ১০০ জন অভিবাসী ব্যক্তি/রেকর্ড চয়ন করা হয়েছে। এ উদ্দেশ্যে, নমুনা উপজেলা/থানা সমূহের নথিটি বিএমইটি ২০১৫-২০১৮ তথ্যভান্ডারের সাথে একত্রীকরণ করা হয়েছে। তথ্যভান্ডারটি উপজেলা/থানা দ্বারা এবং থানার মধ্যে তিনটি বৃহৎ শ্রেণি (i) দক্ষ কর্মী (ii) অদক্ষ কর্মী এবং (iii) গৃহকর্মী ভেদে পুনরায় সাজানো হয়েছে। অতঃপর নমুনা নির্বাচন Tille নমুনায়ন অ্যালগরিদম দ্বারা পরিচালিত হয়েছে এবং ব্যক্তি/রেকর্ড চয়নের সম্ভাবনা হিসাব করা হয়েছে।

২.৪ নিয়োগ ব্যয়ের সূচকের হিসাব পদ্ধতি

RCI = নিয়োগ ব্যয় এবং চাকুরি/কাজ হতে মাসিক উপার্জিত আয়ের অনুপাত

$$RCI = f \left(\frac{C_k}{E_k} \right)$$

যেখানে,

f = বিভিন্ন ধরনের অপেক্ষক যেমন- গড়, মধ্যমা, ৪র্থ চতুর্ধক

C_k = অভিবাসী ব্যক্তি কর্তৃক প্রদত্ত নিয়োগ ব্যয়

E_k = একই অভিবাসী ব্যক্তির মাসিক আয়

লিঙ্গ, শিক্ষা, বয়সের শ্রেণি, দক্ষতা এবং গণতন্ত্রের ভিত্তিতে পৃথকীকরণ করা হয়েছে।

২.৫ জরিপ পরিচালনা

২.৫.১ প্রশ্নপত্র

অভিবাসী ব্যয় জরিপ ২০২০ প্রশ্নাবলীতে ৭ টি অধ্যায় রয়েছে:

অধ্যায় ১: পরিবারের তথ্য: আর্থ-সামাজিক অবস্থা (আবাসন, সম্পদ ইত্যাদি)

অধ্যায় ২: পরিবারের রোস্টার (সদস্যদের প্রাথমিক তথ্য)

অধ্যায় ৩: ভাষা ও প্রশিক্ষণ

অধ্যায় ৪: অভিবাসী কর্মীর প্রাথমিক তথ্য

অধ্যায় ৫: অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয়

অধ্যায় ৬: অভিবাসী কর্মীর উপার্জন

অধ্যায় ৭: অভিবাসী কর্মীর কর্মপরিবেশ

** জরিপের প্রশ্নপত্রটি পরিশিষ্ট III এ অন্তর্ভুক্ত করা হয়েছে।

২.৫.২ জরিপ কর্মীদের প্রশিক্ষণ

দেশব্যাপী জরিপটি যথাযথভাবে পরিচালনার জন্য, জরিপ সুপারভাইজার এবং গণনাকারীদের পাশাপাশি জরিপ সমন্বয়কারীদের জন্য নিবিড় প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করা হয়েছিল। মোট ৮০ জন গণনাকারী, ৬৪ জন সুপারভাইজিং কর্মকর্তা ও ১০ জন উপা-সুপারভাইজার প্রশিক্ষণ কার্যক্রমে জড়িত ছিলেন এবং তথ্য সংগ্রহের বিষয়ে চার দিনের প্রশিক্ষণ গ্রহণ করেছিলেন। প্রশিক্ষণটিতে কম্পিউটার-সহায়ক ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) প্রোগ্রাম ব্যবহার করে প্রশিক্ষণের জন্য ৩ দিন, ফিল্ড টেস্টিং এবং পর্যালোচনা করার জন্য এক দিন নির্ধারিত ছিল। প্রশিক্ষণটিতে সাক্ষাৎকারের কৌশল, মাঠপর্যায়ের কার্যক্রম, প্রশ্নমালার বিভিন্ন অংশ নিয়ে বিশদ আলোচনা এবং মাঠপর্যায়ে সাক্ষাৎকার অনুশীলনের বিষয়ে নির্দেশাবলী অন্তর্ভুক্ত ছিল।

২.৫.৩ তথ্য সংগ্রহকরণ

উত্তরদাতার খানায় সহজে প্রবেশ এবং সনাক্তকরণের জন্য জরিপের উদ্দেশ্য সম্বলিত চিঠি এবং সনাক্তকরণ ব্যাজসমূহ গণনাকারীগণকে প্রদান করা হয়েছিল। গণনাকারীগণকে প্রশ্নমালা পূরণের আগে উত্তরদাতার খানাটি পরিদর্শন করে নিজেদের পরিচিত করার জন্য নির্দেশনা ছিল। সুপারভাইজিং কর্মকর্তাগণ পর্যায়ক্রমে অভিবাসী খানাগুলিতে গুণগতমান যাচাইয়ের জন্য দৈবভাবে পুনঃসাক্ষাৎকার নেয়ার পরামর্শ দেয়া হয়েছিল। খানার আকারের উপর নির্ভর করে প্রতিটি প্রশ্নপত্র সম্পন্ন করতে গণনাকারীগণের প্রায় ৩০-৪০ মিনিট সময় প্রয়োজন হতো এবং প্রায় সকল দল/গণনাকারীই নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য সংগ্রহ সম্পন্ন করতে সক্ষম হয়েছিল। এ জরিপে জড়িত বিবিএস এর কর্মকর্তাবৃন্দ এবং আউটসোর্সিং গণনাকারীদের ব্যাপক প্রশিক্ষণ দেয়া হয়েছিল। নমুনা চয়নকৃত অভিবাসী খানাগুলিতে কম্পিউটার-সহায়ক ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) প্রোগ্রাম ব্যবহার করে তথ্য সংগ্রহ সম্পন্ন করেন। সাক্ষাৎকার নেয়ার সময় ঘটে যাওয়া কোনও ভুল উপাত্ত সনাক্ত ও সংশোধন করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উচ্চপর্যায়ের কর্মকর্তাগণ মাঠপর্যায়ে তদারকির দায়িত্বে ছিলেন। এছাড়া দৈবভাবে কিছুসংখ্যক নমুনাখানার পুনঃসাক্ষাৎকার নিয়ে সংগৃহীত তথ্যের গুণগত মান নিশ্চিত করা হয়েছিল।

২.৫.৪ উপাত্ত প্রক্রিয়াজাতকরণ এবং বিশ্লেষণ

উপাত্ত সংগ্রহের সময় উত্তরের যথাযথতা নিশ্চিত করার জন্য লজিক এবং চেকগুলো অন্তর্ভুক্ত করে সেন্সাস এন্ড সার্ভে প্রসেসিং সিস্টেম (CSPro) সফটওয়্যার ব্যবহার করে জরিপের তথ্য ধারণের জন্য কম্পিউটার-সহায়ক ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) প্রোগ্রাম প্রস্তুত করা হয়েছে। ত্রুটিযুক্ত উত্তর ও সম্ভাব্য বিচ্ছিন্ন উপাত্তগুলি যথাযথভাবে যাচাই এবং সংশোধন করা হয়েছে। এছাড়া, ধারণকৃত উপাত্ত প্রতিদিন নির্দিষ্ট উপাত্ত-তত্ত্বাবধানকারীদের দ্বারা যাচাই ও প্রাথমিক সম্পাদনা ও কোডিং প্রশিক্ষিত উপাত্ত-তত্ত্বাবধানকারীদের পরামর্শ অনুসারে তথ্যসংগ্রহকারীগণ মাঠ পর্যায়ে সম্পন্ন করেন। পাশাপাশি, প্রত্যেক তথ্যসংগ্রহকারীর সামগ্রিক কর্মদক্ষতা যাচাইয়ে ব্যাচ মোডে (Batch Mode) উপাত্তগুলির যথাযথতা অনেকাংশে নিশ্চিত করা হয়েছে। জেলা এবং বিভাগীয় তত্ত্বাবধানকারী কর্মকর্তাগণ দৈবভাবে কিছুসংখ্যক নমুনাখানার প্রশ্নমালা পুনরায় নিরীক্ষাপূর্বক উপাত্ত সমূহের যথাযথতা নিশ্চিত করেছেন। নমুনা চয়নের সম্ভাব্যতা হিসাব করার জন্য প্রাথমিকভাবে বেজ-ওয়েট (Base Weight) প্রস্তুত করা হয়েছে। চূড়ান্ত-ওয়েট হিসাব করার জন্য যে সকল উত্তরদাতা অনুপস্থিত/উত্তর প্রদান করেননি তা সমন্বয় করা হয়েছে। STATA সফটওয়্যার ব্যবহার করে ধারণকৃত উপাত্ত বিশ্লেষণ করা হয়েছে।

২.৫.৫ জরিপের বিকল্প উত্তরদাতা

জরিপের নমুনা বাছাইয়ের নিমিত্ত ব্যবহৃত ফ্রেমটি জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET) দ্বারা বিশেষভাবে সংরক্ষিত অভিবাসী কর্মীদের প্রশাসনিক তথ্যভান্ডার/রেকর্ডের ভিত্তিতে করা হয়েছিল। ২০১৫-২০১৮ সালের তথ্যভান্ডারে শ্রম অভিবাসীদের প্রায় ২৭.৩ লক্ষ রেকর্ড রয়েছে। নমুনা নকশা অনুসরণ করে BMET তথ্যভান্ডার হতে নমুনা নির্বাচন করা হয়েছিল। প্রাথমিকভাবে, প্রত্যাবাসিত অভিবাসীরা জরিপের উত্তরদাতা ছিলেন এবং যখন অভিবাসী প্রত্যাবর্তিত হয়নি বা কোনও কারণে প্রত্যাবর্তনকারী সাক্ষাৎকার দিতে রাজি হননি শুধুমাত্র সেক্ষেত্রেই যোগ্য বিকল্প উত্তরদাতাদের সাক্ষাৎকার নেয়া হয়েছিল। জরিপের ফলাফলে প্রতীয়মান হয় যে, উত্তরদাতাদের প্রায় এক-তৃতীয়াংশ প্রত্যাবর্তনকারী অভিবাসী এবং বাকী দুই-তৃতীয়াংশ বিকল্প উত্তরদাতা ছিলেন।

২.৫.৬ জরিপের সীমাবদ্ধতা এবং চ্যালেঞ্জসমূহ

প্রথমত, জরিপের নমুনায়ন কাঠামো হিসাবে ব্যবহার করা এবং জরিপ পরিচালনা করতে দেশে প্রত্যাবর্তনকারী অভিবাসীদের কোনও হালনাগাদ তথ্যভান্ডার নেই। বিকল্প হিসেবে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET) হতে সংগৃহীত অভিবাসী কর্মীদের তথ্যভান্ডার ব্যবহার করা হয়েছে। জরিপে এক-তৃতীয়াংশের উত্তরদাতা ছিলেন প্রত্যাবর্তনকারী অভিবাসী এবং দুই-তৃতীয়াংশ ছিলেন বিকল্প উত্তরদাতা।

দ্বিতীয়ত, তথ্য সরবরাহের ক্ষেত্রে কিছু সংখ্যক উত্তরদাতা উত্তরপ্রদানে অনিচ্ছা প্রকাশ করেছিল বিশেষত, যখন নিয়োগ ব্যয় সম্পর্কিত দফা-ভিত্তিক বিভিন্ন উপাত্ত স্মৃতিচারণপূর্বক উত্তর দেয়ার বিষয় ছিল। উত্তরপ্রদানে অনিচ্ছা প্রকাশ কারণ কেবলমাত্র স্মৃতিচারণের সমস্যাগুলির জন্য নয়, বেশিরভাগ ক্ষেত্রে ব্যয় বিষয়ক কোনও লিখিত লেনদেন হয়নি। অভিবাসীদের মধ্যে বেশিরভাগই একক পরিমাণ/সাকুল্য হিসাবে নিয়োগ ব্যয় নির্বাহ করে। কখনও কখনও, অভিবাসী নিজেও মোট ব্যয় জানেন না কারণ অভিবাসীর খানার অন্য একজন সদস্য অভিবাসীর জন্য সেই ব্যয় বহন করে। নিয়োগ ব্যয়ে স্বচ্ছতার খাতিরে দফা-ভিত্তিক নিয়োগ ব্যয় উল্লেখ পূর্বক রশিদ সরবরাহের কিছু ব্যবস্থা থাকা প্রয়োজন যাতে পরবর্তীতে দফা-ভিত্তিক বিভিন্ন উপাত্ত সংগ্রহ সহজ হয়।

পরিশেষে, জরিপের গুণগতমানকে উন্নতকরণ এবং ফলাফল প্রকাশের সময়সীমা হ্রাস করার জন্য কম্পিউটার-সহায়ক ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) পদ্ধতির ব্যবহার এবং একটি শক্তিশালী তদারকি দল প্রবর্তন করা প্রয়োজন।

২.৬ খারণা ও সংজ্ঞা

খানা

যদি এক বা একাধিক ব্যক্তি আত্মীয় বা অনাত্মীয় সূত্রে একটি গৃহে একত্রে বসবাস ও একই পাকে খাওয়া-দাওয়া করে তবে সবাইকে মিলিতভাবে একটি খানা হিসেবে গণ্য করা হয় এবং প্রত্যেক ব্যক্তি খানার সদস্য হিসেবে বিবেচিত হয়। খানার সদস্যরা রক্তের সম্পর্ক বা বিবাহের দ্বারা একে অপরের সাথে সম্পর্কিত নাও হতে পারে। খানার সদস্য হিসাবে বিবেচিত হওয়ার জন্য, কোনও ব্যক্তিকে অবশ্যই বছরের একটি বিশেষ সময় (যেমন- ছয় মাস) খানার অন্যান্য সদস্যদের সাথে একই বাড়িতে থাকতে হবে এবং অন্য কোনও খানার সদস্য হওয়া যাবে না।

অভিবাসী খানা

"অভিবাসী খানা" বাংলাদেশে অবস্থিত এমন একটি খানা যার কমপক্ষে একজন সদস্য চাকুরির লক্ষ্যে বাংলাদেশ হতে অস্থায়ীভাবে বিশ্বের অন্য কোন দেশে অভিবাসিত হয়েছিল।

অভিবাসী কর্মী

একজন "অভিবাসী কর্মী" হলেন এমন একজন ব্যক্তি যিনি চাকুরির লক্ষ্যে বাংলাদেশ হতে অন্য দেশে অভিবাসিত হয়েছিলেন।

প্রত্যাবর্তিত শ্রম অভিবাসী

প্রত্যাবর্তিত শ্রম অভিবাসীর কোন অনন্য সংজ্ঞা নেই, তবে আন্তর্জাতিক অভিবাসনের তথ্য সংগ্রহের জন্য জাতিসংঘের পরিসংখ্যান বিভাগ কর্তৃক প্রণীত সংজ্ঞাটির ব্যাপক ব্যবহার রয়েছে। এই সংজ্ঞায় 'প্রত্যাবর্তনকারীরা' হলেন সেই ব্যক্তি যারা অন্য কোন দেশে আন্তর্জাতিক অভিবাসী হওয়ার পর (স্বল্পমেয়াদী বা দীর্ঘমেয়াদী) স্বদেশে প্রত্যাবর্তন করেন এবং যারা কমপক্ষে এক বছরের জন্য তাদের নিজের দেশে থাকতে চান' (এসওপিএমআই ২০০৮: ১৬৪)।

এসডিজি সূচক ১০.৭.১

"কর্মী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অনুপাত"। সূচকটি হচ্ছে ব্যয় এবং মাসিক আয়ের একটি অনুপাত। সূচক ১০.৭.১ এর অনুপাতের লব ও হর এর জন্য ব্যবহৃত উপাত্ত একই আন্তর্জাতিক অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং আয় পর্যবেক্ষণের ভিত্তিতে করা হয়েছে।

নিয়োগ ব্যয়

নিয়োগ ব্যয় হলো সময়, ধরন বা অবস্থান নির্বিশেষে শ্রমিকদের চাকুরী সুনিশ্চিতকরণের জন্য নিয়োগ প্রক্রিয়ায় প্রদেয় যে কোন ফি বা ব্যয়কে বোঝায়। বিদেশী নিয়োগকর্তার কাছ থেকে একটি ভালো চাকুরির সন্ধান, যোগ্যতা অর্জন এবং সুরক্ষিত করার জন্য এবং বিদেশে প্রথম চাকুরির কর্মস্থলে পৌঁছানোর জন্য অভিবাসী কর্মী বা তাদের খানাগুলো মোট যে পরিমাণ অর্থ পরিশোধ করেছিল তার সমষ্টি হলো নিয়োগ ব্যয়।

উপার্জন

বিদেশে অভিবাসী কর্মীদের উপার্জনের উপাত্তে গন্তব্য দেশে প্রথম চাকুরির ক্ষেত্রে গত মাসের জন্য প্রাপ্ত আয়, বোনাস এবং অন্যান্য উপার্জন সহ (যেমন: ওভারটাইম কাজের জন্য) আওতাভুক্ত করা উচিত। গন্তব্য দেশে কর এবং সামাজিক সুরক্ষা করের ক্ষেত্রে যে কোন কর্তনের পাশাপাশি নিয়োগকর্তা কর্তৃক প্রাথমিকভাবে প্রদেয় নিয়োগের ব্যয় পুনরুদ্ধারের জন্য মজুরিতে যে কোন কর্তনের ব্যাপারে সমন্বয় করা প্রয়োজন। অত্র জরিপে অভিবাসী কর্মীদের প্রথম তিন মাসের আয়ের মাসিক গড় আয় বিবেচনা করা হয়েছে।

বয়সের শ্রেণি

আন্তর্জাতিক শ্রমবাজারের দৃঢ় নির্ধারক হল বয়স তাই বয়সের সাধারণ শ্রেণি বা ক্যাটাগরি গুরুত্বপূর্ণ। জরিপের অভিবাসন সম্পর্কিত প্রশ্নসমূহ ১৮ বছর বা তার বেশি বয়সের অভিবাসী কর্মীদের জন্য প্রযোজ্য। জরিপের তথ্য উপস্থাপনের জন্য বয়সের ১৮–২৪; ২৫–৩৪; ৩৫–৪৪; ৪৫–৫৪; ৫৫ বা তার বেশি শ্রেণিসমূহ ব্যবহার করা হয়েছে।

লিঙ্গ

জরিপে প্রত্যেক অভিবাসী কর্মীর লিঙ্গ (পুরুষ বা মহিলা) রেকর্ড করা হয়েছে, কারণ লিঙ্গভেদে তথ্য উপস্থাপন এবং আন্তর্জাতিক শ্রম বাজারে প্রবেশের ক্ষেত্রে লিঙ্গবৈষম্য বিশ্লেষণের জন্য তথ্যের লিঙ্গভেদ একটি মৌলিক প্রয়োজনীয়তা।

শিক্ষার শ্রেণি

শিক্ষার শ্রেণি বলতে সে স্তরকে বোঝায় যে শ্রেণি পর্যন্ত একজন শ্রম অভিবাসী কোন সরকারী বা বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশোনা শেষ করেছে ও পাশ করেছে।

শিক্ষার শ্রেণিসমূহ নিম্নরূপ:

- কখনও স্কুলে যাননি বা পাশ করেনি
- প্রাথমিক স্তর
- মাধ্যমিক স্তর
- উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা
- স্নাতক বা স্নাতকোত্তর
- অন্যান্য (সম্পন্নকৃত শিক্ষার স্তর সম্পর্কে জানে না)

বৈবাহিক স্থিতি

- অবিবাহিত - সাক্ষাৎকারের সময় যারা অবিবাহিত ছিলেন তাদেরকে বোঝায়।
- বিবাহিত - সাক্ষাৎকারের সময় যারা বিবাহিত ছিলেন তাদেরকে বোঝায়। ‘বিবাহিত’ শব্দটির মধ্যে আইন অনুসারে বা ধর্মীয় আচার দ্বারা বিবাহিতদের অন্তর্ভুক্ত রয়েছে।
- বিধবা/ বিপন্নিক - স্বামীর/স্ত্রীর মৃত্যুর পরে যারা সাক্ষাৎকারের সময় পর্যন্ত পুনরায় বিয়ে করেননি তাদের বোঝায়।
- তালাকপ্রাপ্ত – সাক্ষাৎকারের সময় যে সকল স্বামীর/স্ত্রীর বিবাহ বিচ্ছেদ পাওয়া গিয়েছে তাদেরকে বোঝায় এবং এই বিবাহ বিচ্ছেদ আইন বা ধর্মীয় ব্যবস্থা দ্বারা করা হয়েছিল।
- পৃথক - যাদের পুনরায় একত্রিত হওয়ার কোন সম্ভাবনা ছাড়াই দীর্ঘ সময়ের জন্য বিচ্ছেদের মধ্যে রয়েছে এবং তাদের বিবাহ অকার্যকর ছিল তাদেরকে বোঝায়।

প্রধান গন্তব্যদেশ

২০১৫-২০১৮ সাল সময়কালে বিশ্বের বিভিন্ন দেশে গমনকারী শ্রম অভিবাসীর সংখ্যার ভিত্তিতে গন্তব্যের দেশসমূহকে মোট ছয়টি প্রধান দেশ শনাক্ত করা হয়েছে। প্রধান গন্তব্য দেশসমূহ হলো সৌদি আরব, ওমান, মালয়েশিয়া, কাতার, সিঙ্গাপুর এবং অন্যান্য দেশ।

দক্ষতার ধরন

দক্ষ কর্মী - সকল পেশাদারী শ্রম অভিবাসী এবং অন্যান্য দক্ষ এবং আধা-দক্ষ অভিবাসী কর্মী যেমন-টেকনিশিয়ান, ইলেক্ট্রিশিয়ান ইত্যাদি।

অদক্ষ কর্মী - শ্রমিক, নির্মাণ শ্রমিক, কৃষি শ্রমিক, বিভিন্ন কাজে সাহায্যকারী ইত্যাদি।

গৃহকর্মী - গৃহকর্মী, গৃহের কাজে সাহায্যকারী এবং যেসকল কর্মী গৃহে কাজ করে ইত্যাদি।

উপাত্তের নির্ভরযোগ্যতা

জরিপের প্রাক্কলন একটি নমুনা জরিপের উপর ভিত্তি করে পরিমাপ করায় প্রাক্কলনসমূহ নমুনাজ এবং অ-নমুনাজ ত্রুটি দ্বারা প্রভাবিত হয়।

নমুনাজ ত্রুটি

নমুনা চয়ন করার কালে এবং নমুনার ভিত্তিতে গণসমষ্টির প্রাক্কলনকালে নমুনাজ ত্রুটির উদ্ভব হয়ে থাকে। নমুনাজ ত্রুটি নমুনায়নের সম্ভাবনার হিসাবের উপর ভিত্তি করে প্রাক্কলনের ফলাফল, যা শুমারি দ্বারা প্রভাবিত হয় না। পরিসংখ্যানে এ জাতীয় ত্রুটিকে আপেক্ষিক আদর্শ বিচ্যুতি হিসাবে আখ্যায়িত করা হয় এবং প্রায়শই আরএসই (RSE) হিসাবে চিহ্নিত করা হয় এবং শতাংশে উপস্থাপন করা হয়ে থাকে। এ ত্রুটি জরিপের প্রাক্কলনের যথার্থতা পরিমাপের ইচ্ছিত বহন করে। অন্যকথায়, এটি অন্যান্য নমুনা-ভিত্তিক পরিমাপগুলোর সাথে ব্যবধানের মাত্রা প্রতিফলিত করে। জাতীয় পর্যায়ে কয়েকটি গুরুত্বপূর্ণ চলকের নমুনাজ ত্রুটি পরিমাপ করা হয়েছে যা পরিশিষ্টে উপস্থাপন করা হয়েছে।

অ-নমুনাজ ত্রুটি

অ-নমুনাজ ত্রুটির উৎস অনেক এবং এই ত্রুটি কমিয়ে গণসমষ্টির প্রাক্কলন করা হয়ে থাকে। উচ্চমানের উপাত্ত নিশ্চিতকরণে অ-নমুনাজ ত্রুটি হ্রাস করতে বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছিল। নমুনাজ ত্রুটিগুলির মত, এ অ-নমুনাজ ত্রুটি পরিমাপ করা যায় না এবং কেবলমাত্র বেশ কয়েকটি প্রশাসনিক পদ্ধতির মাধ্যমে তার মাত্রা কমানো যেতে পারে। অ-নমুনাজ ত্রুটিগুলি সাধারণত অসম্পূর্ণ জরিপ কভারেজ, নমুনা কাঠামো বিচ্যুতি, উত্তর-প্রদানে বিচ্যুতি, উপাত্ত এডিটিং, কোডিং এবং ভুল তথ্য ধারণ ও প্রক্রিয়াকরণের ফলে দেখা দিতে পারে।

গণনাকারী প্রশ্নের ব্যাখ্যা করতে বা উত্তরদাতা প্রশ্ন বুঝতে অসুবিধার কারণে এই ধরনের বিচ্যুতি ঘটতে পারে। এ বিচ্যুতিটি হ্রাস করার জন্যে গণনাকারীগণকে চার দিনের দীর্ঘ প্রাথমিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া, রেকর্ড করা উপাত্তের যথাযথতা নিশ্চিত করার জন্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উচ্চ-পর্যায়ের কর্মকর্তাগণ নমুনা খানাসমূহে দৈবভাবে পুনঃযাচাই করেন।

উপাত্তের ধারণ ও প্রক্রিয়াকরণের ত্রুটিসমূহ সংশোধনে ম্যানুয়ালি এবং কম্পিউটারের-সাহায্যে ব্যক্তিগত সাক্ষাৎকার (CAPI) প্রোগ্রাম এর মাধ্যমে CSPro সফটওয়্যার ব্যবহার করে বেশ কয়েকটি ধাপে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে; তথ্যের গুণগতমান এবং গ্রহণযোগ্যতা নিশ্চিত করতে Stata সফটওয়্যার ব্যবহার করে ব্যাচ মোডে পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছিল।

আরোপিত সময়

এসডিজি সূচক ১০.৭.১ পরিমাপের প্রয়োজনে অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং মাসিক উপার্জনের উপাত্ত পরিমাপের ক্ষেত্রে অভিবাসী কর্মীর গন্তব্য দেশে প্রাপ্ত প্রথম কাজ এবং চাকুরির প্রথম বছরকে আরোপিত সময় হিসেবে বিবেচনা করা হয়েছে।

প্রাক্কলনের পূর্ণসংখ্যা

প্রাক্কলনের যোগফল এক দশমিক স্থান পর্যন্ত স্বতন্ত্র পূর্ণসংখ্যার কারণে সর্বদা সংশ্লিষ্ট সারণিতে প্রদর্শিত মোটের সমান নাও হতে পারে।

অধ্যায় ৩

অভিবাসী কর্মী এবং খানার সদস্যদের বৃত্তান্ত

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে ২০১৫-২০১৮ সালের অভিবাসী কর্মীর এবং অভিবাসী খানার ও তার সদস্যদের আর্থসামাজিক ও জনসংখ্যিক বৈশিষ্ট্যগুলোর একটি সাধারণ চিত্র উপস্থাপিত হয়েছে। জনসংখ্যিক বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে বয়স এবং লিঙ্গ, খানার আকার, শিক্ষা, বৈবাহিক অবস্থা, খানা প্রধানের লিঙ্গ এবং দেশে তাদের ভৌগোলিক অবস্থান।

অধ্যায় ৩ : অভিবাসী কর্মী এবং খানার সদস্যদের বৃত্তান্ত

৩.১ অভিবাসী কর্মীদের বৃত্তান্ত

৩.২ অভিবাসী খানার সদস্যদের বৈশিষ্ট্য

৩.৩ অভিবাসী খানার বাসস্থানের বৈশিষ্ট্য

অধ্যায় ৩

অভিবাসী কর্মী এবং খানার সদস্যদের বৃত্তান্ত

এই অধ্যায়ে ২০১৫-২০১৮ সালের অভিবাসী কর্মী, অভিবাসী খানা ও খানার সদস্যদের আর্থসামাজিক ও জনমিতিক বৈশিষ্ট্যসমূহের একটি সাধারণ চিত্র উপস্থাপিত হয়েছে। জনমিতিক বৈশিষ্ট্যসমূহের মধ্যে রয়েছে অভিবাসী কর্মীর বয়স, লিঙ্গ, খানার আকার, শিক্ষা, বৈবাহিক অবস্থা, খানা প্রধানের লিঙ্গ ইত্যাদি।

৩.১ অভিবাসী কর্মীদের বৃত্তান্ত

বাংলাদেশ হতে বিশ্বের বিভিন্ন দেশে শ্রম অভিবাসনের দীর্ঘ ইতিহাস রয়েছে। ২০১৫ হতে ২০১৮ সালে, আনুমানিক ২.৭ মিলিয়ন বাংলাদেশি কর্মসংস্থানের জন্য বিশ্বের বিভিন্ন দেশে গমন করেন। অধিকাংশ বাংলাদেশি স্বল্প-মেয়াদী চুক্তিভিত্তিক কর্মী হিসেবে মূলতঃ উপসাগরীয় এবং অন্যান্য আরব দেশসমূহে গমন করে থাকেন। বাংলাদেশ হতে স্বল্প-মেয়াদী অভিবাসীদের গন্তব্যের প্রধান দেশসমূহের মধ্যে রয়েছেঃ বাহরাইন, ব্রুনাই, ইরান, কুয়েত, মালয়েশিয়া, ওমান, কাতার, সৌদি আরব, সিঙ্গাপুর, কোরিয়া এবং সংযুক্ত আরব আমিরাত। তবে, বাংলাদেশি অভিবাসী কর্মীদের শ্রমবাজার স্থিতিশীল নয়। উদাহরণস্বরূপ, সত্তরের দশকে বাংলাদেশি কর্মীদের জন্য সৌদি আরব, ইরাক, ইরান এবং লিবিয়া প্রধান গন্তব্য দেশ ছিল। অতঃপর, যদিও বাংলাদেশি কর্মীদের জন্য সৌদি আরব শীর্ষস্থানে রয়েছে, তথাপি মালয়েশিয়া এবং সংযুক্ত আরব আমিরাতও বাংলাদেশি কর্মীদের কাছে আকর্ষণীয় হয়ে উঠেছে।

অভিবাসী কর্মীদের সংখ্যা বিবেচনায় দেশের প্রধান উৎস জেলাসমূহ ছিল কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, টাঙ্গাইল, ঢাকা, চট্টগ্রাম, নরসিংদী, চাঁদপুর, কিশোরগঞ্জ, নোয়াখালী এবং ময়মনসিংহ। এই জরিপের মাধ্যমে অভিবাসী কর্মীদের বয়স, শিক্ষার স্তর, দক্ষতার ধরন, প্রধান গন্তব্য দেশ এবং লিঙ্গের ভিত্তিতে বিভিন্ন ধরনের তথ্য তুলে ধরা হয়েছে।

৩.১.১ অভিবাসী কর্মীদের লিঙ্গ ও এলাকাভেদে (যেখান হতে অভিবাসী হয়েছে) বিন্যাস


২০১৫-২০১৮ সালে ২.৭ মিলিয়ন অভিবাসী কর্মীদের মধ্যে ১৪.৮ শতাংশ মহিলা এবং ৮৫.২ শতাংশ পুরুষ শ্রম অভিবাসী হয়ে বিদেশে গমন করেন। মোট অভিবাসী কর্মীর প্রায় দু-তৃতীয়াংশ (১৭ লক্ষ ২ হাজার বা ৬২.৪ শতাংশ) বাংলাদেশের পল্লীঅঞ্চল হতে এবং ১০ লক্ষ ২৭ হাজার বা ৩৭.৬ শতাংশ শহরাঞ্চল হতে বিদেশে গমন করেন।

সারণি-৩.১: লিঙ্গ এবং এলাকাভেদে (যেখান হতে অভিবাসী হয়েছে) শ্রম অভিবাসীদের বিন্যাস

এলাকা	সংখ্যা			শতকরা		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
গ্রামাঞ্চল	১৪৩২৫১৬	২৬৯৪২১	১৭০১৯৩৭	৫২.৫	৯.৯	৬২.৪
শহরাঞ্চল	৮৯৩৩০৩	১৩৩৬২৫	১০২৬৯২৮	৩৭.৫	৮০.১	৩৭.৬
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	৮৫.২	১৪.৮	১০০.০


মোট অভিবাসীদের মধ্যে দেশের গ্রামাঞ্চল হতে ৯.৯ শতাংশ এবং শহরাঞ্চল হতে ৪.৯ শতাংশ মহিলা অভিবাসী হয়েছেন। অন্যদিকে পুরুষদের ক্ষেত্রে গ্রামাঞ্চল হতে ৫২.৫ শতাংশ এবং শহরাঞ্চল হতে ৩২.৭ শতাংশ অভিবাসী হয়েছেন। বাংলাদেশি অভিবাসী কর্মীদের প্রায় দু-তৃতীয়াংশ গ্রামাঞ্চল হতে এবং প্রায় এক-তৃতীয়াংশ শহরাঞ্চল হতে অভিবাসী হয়েছেন।

লেখচিত্র-৩.১: অভিবাসী কর্মীদের লিঙ্গ ও এলাকাভেদে (যেখান হতে অভিবাসী হয়েছেন) বিন্যাস



৩.১.২ বয়স এবং লিঙ্গভেদে শ্রম অভিবাসী

লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বয়সের বিন্যাস লেখচিত্র-৩.২ এ উপস্থাপন করা হয়েছে।




লেখচিত্র হতে দেখা যায় যে, অভিবাসী কর্মীদের ক্ষেত্রে কম বয়সী কর্মীদের আধিক্য বিদ্যমান। পুরুষ অভিবাসীদের গড় বয়স ছিল ৩২.৫ বছর এবং মহিলাদের গড় বয়স ছিল ৩৩.৪ বছর।

অভিবাসী কর্মীদের বয়সের বিন্যাস অনুযায়ী প্রথম-চতুর্থক, মধ্যমা এবং তৃতীয়-চতুর্থকে পুরুষের বয়স ছিল যথাক্রমে ২৭, ৩২ এবং ৩৭ বছর এবং মহিলাদের বয়স ছিল যথাক্রমে ২৯, ৩৩ এবং ৩৮ বছর। শ্রম অভিবাসীদের বেশিরভাগ ক্ষেত্রে অল্পবয়সী বা তরুণরা বিদেশে গমন করেন। সামগ্রিকভাবে, মোট অভিবাসীর প্রায় দু-তৃতীয়াংশ বা ৬২.৮ শতাংশ কর্মী ছিল ৩৪ বছরের কম বয়সী। লিঙ্গভেদে, ৩৪ বছরের কম বয়সী পুরুষ এবং মহিলা কর্মীদের সংখ্যা যথাক্রমে ৬৪.১ শতাংশ এবং ৫৫.৩ শতাংশ। সামগ্রিকভাবে, লিঙ্গভেদে বয়সের বিন্যাস ধারণা দেয় যে, পুরুষ কর্মীদের গড় বয়সের তুলনায় মহিলাদের গড় বয়স বেশি ছিল। শ্রম অভিবাসীদের বয়স ও লিঙ্গভেদে বিন্যাস নীচে সারণি-৩.২ এ দেখানো হয়েছে:

সারণি-৩.২: লিঙ্গ এবং বয়সের শ্রেণিভেদে শ্রম অভিবাসীদের বিন্যাস									
বয়সের শ্রেণি	সংখ্যা			%			মোট শ্রম অভিবাসীর %		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
১৫-১৯	৫১৫৩	৮৭২৪	১৩৮৭৭	০.২	২.২	০.৫	০.২	০.৩	০.৫
২০-২৪	২৫৩৮৩৪	২৮২৮৬	২৮২১১৯	১০.৯	৭.০	১০.৩	৯.৩	১.০	১০.৩
২৫-২৯	৬৫৮২৪৭	৭৫১০২	৭৩৩৩৪৯	২৮.৩	১৮.৬	২৬.৯	২৪.১	২.৮	২৬.৯
৩০-৩৪	৫৭৩১৭৯	১১০৮৯৪	৬৮৪০৭৩	২৪.৬	২৭.৫	২৫.১	২১.০	৪.১	২৫.১
৩৫-৩৯	৪৪২২৬৮	১০২০৬৬	৫৪৪৩৩৪	১৯.০	২৫.৩	১৯.৯	১৬.২	৩.৭	১৯.৯
৪০-৪৪	২১৮৫৬৭	৪৪৩৯৩	২৬২৯৬০	৯.৪	১১.০	৯.৬	৮.০	১.৬	৯.৬
৪৫-৪৯	১১০৪৪১	২৩২৩১	১৩৩৬৭২	৪.৭	৫.৮	৪.৯	৪.০	০.৯	৪.৯
৫০-৫৪	৪২৭৫৩	৭১১৭	৪৯৮৭১	১.৮	১.৮	১.৮	১.৬	০.৩	১.৮
৫৫-৫৯	১৪৩৫৩	১২৯৪	১৫৬৪৭	০.৬	০.৩	০.৬	০.৫	০.০	০.৬
৬০-৬৪	৫০১০	১৩৯৫	৬৪০৫	০.২	০.৩	০.২	০.২	০.১	০.২
৬৫+	২০১৪	৫৪৩	২৫৫৭	০.১	০.১	০.১	০.১	০.০	০.১
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০	৮৫.২	১৪.৮	১০০.০


সারণি-৩.২ হতে দেখা যায় যে, পুরুষ অভিবাসী কর্মীর ক্ষেত্রে সর্বাধিক ২৮.৩ শতাংশ ছিল ২৫-২৯ বছর বয়স শ্রেণির, অতঃপর, ৩০-৩৪ বছর বয়সী শ্রেণির ছিল ২৪.৬ শতাংশ এবং ৩৫-৩৯ বছর বয়স শ্রেণির ছিল ১৯.০ শতাংশ। অপরদিকে, মহিলা অভিবাসী কর্মীর ক্ষেত্রে সর্বাধিক ২৭.৫ শতাংশ ছিল ৩০-৩৪ বছর বয়স শ্রেণির, অতঃপর, ৩৫-৩৯ বছর বয়সী শ্রেণির ছিল ২৫.৩ শতাংশ এবং ২৫-২৯ বছর বয়স শ্রেণির ছিল ১৮.৬ শতাংশ।



লেখচিত্র-৩.৩-এ প্রতীয়মান হয় যে, মোট অভিবাসী কর্মীদের মধ্যে পুরুষ কর্মী ছিল ২৪.১ শতাংশ ২৫-২৯ বছর বয়স শ্রেণির, ২১.০ শতাংশ ৩০-৩৪ বছর বয়স শ্রেণির এবং ১৬.২ শতাংশ ৩৫-৩৯ বছর বয়স শ্রেণির। অপরদিকে, মোট অভিবাসী কর্মীর মধ্যে মহিলা কর্মী ছিল ৪.১ শতাংশ ৩০-৩৪ বছর বয়স শ্রেণির, অতঃপর ৩.৭ শতাংশ ৩৫-৩৯ বছর বয়স শ্রেণির।

৩.১.৩ শিক্ষার স্তর ও লিঙ্গভেদে শ্রম অভিবাসীদের বিন্যাস


সামগ্রিকভাবে, শিক্ষার স্তর ও লিঙ্গভেদে নীচের লেখচিত্র-৩.৪ এ শ্রম অভিবাসীদের বিন্যাস চিত্রিত হয়েছে।



তুলনামূলকভাবে, মহিলা অভিবাসীদের অধিকাংশেরই পড়াশোনা কম ছিল। জরিপ অনুযায়ী ৩১.৮ শতাংশ মহিলা এবং ৭.১ শতাংশ পুরুষ অভিবাসী কর্মী কোন শ্রেণিই পাস করেনি। অন্যদিকে, ৮২.৭ শতাংশ মহিলা প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেছেন, যেখানে পুরুষদের ক্ষেত্রে তা ছিল ২৮.২ শতাংশ। মহিলা অভিবাসীদের ২৮.৬ শতাংশ মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করেছেন, যেখানে পুরুষ অভিবাসীদের ৫৫.৮ শতাংশ মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করেন। অভিবাসী কর্মীদের প্রায় ৮৮.৫ শতাংশ সর্বোচ্চ মাধ্যমিক শ্রেণি পর্যন্ত শিক্ষা সম্পন্ন করেন।


৩.১.৪ বৈবাহিক অবস্থা ও লিঙ্গভেদে শ্রম অভিবাসী

অভিবাসী কর্মীদের বৈবাহিক অবস্থার তথ্যে পুরুষ-মহিলাভেদে যথেষ্ট পার্থক্য রয়েছে। পুরুষ অভিবাসী কর্মীদের মধ্যে ৬২.৫ শতাংশ বিবাহিত এবং ৩৭.২ শতাংশ অবিবাহিত ছিলেন। মহিলাদের ক্ষেত্রে ৬০.১ শতাংশ বিবাহিত এবং ১৩.৯ শতাংশ অবিবাহিত। পুরুষ কর্মীদের ক্ষেত্রে তালাকপ্রাপ্ত, বিপন্নিক ও বিচ্ছিন্ন অভিবাসীদের সংখ্যা সম্মিলিতভাবে মাত্র ০.৩ শতাংশ, যা মহিলাদের ক্ষেত্রে সম্মিলিতভাবে ছিল প্রায় ২৬.০ শতাংশ।



৩.১.৫ প্রধান গন্তব্যদেশ ও লিঙ্গভেদে শ্রম অভিবাসী


নীচের লেখচিত্র-৩.৬ এ পুরুষ-মহিলা অভিবাসী কর্মীদের পৃথকভাবে প্রধান গন্তব্য দেশভেদে উপস্থাপন করা হয়েছে। প্রধান গন্তব্য দেশসমূহে অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে সংখ্যার অনুপাতে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়েছে।




লেখচিত্র-৩.৬ এ দেখা যায় যে, ২০১৫-২০১৮ সময়ে উভয় লিঙ্গের অভিবাসী কর্মীদের জন্য সৌদি আরব ছিল প্রধানতম গন্তব্যদেশ। মহিলা কর্মীদের মধ্যে অর্ধেকেরও বেশি (৫২.৬ শতাংশ) মহিলা সৌদি আরবে গমন করেন এবং পুরুষদের মধ্যে সৌদি আরবে গমন করে ২৯.৩ শতাংশ। প্রধান গন্তব্যদেশ সমূহের মধ্যে ৫২.৬ শতাংশ মহিলা সৌদি আরবে কাজ করেন, অতঃপর অন্যান্য দেশে ৩২.৬ শতাংশ, ওমানে ৯.৮ শতাংশ, কাতারে ৪.৬ শতাংশ কাজ করেন। অপরদিকে, পুরুষ কর্মীদের ২৯.৩ শতাংশ সৌদি আরবে, অতঃপর অন্যান্য দেশে ২০.০ শতাংশ, ওমানে ১৬.২ শতাংশ, কাতারে ১৪.৪ শতাংশ, মালয়েশিয়ায় ১৩.৩ শতাংশ এবং সিঙ্গাপুরে ৬.৮ শতাংশ কাজ করেন।

৩.১.৬ অভিবাসী কর্মীদের দক্ষতা ও লিঙ্গভেদে অবস্থা

দক্ষতার ধরন ও লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস নিম্নের লেখচিত্র-৩.৭ এ উপস্থাপিত হয়েছে। পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের মধ্যে দক্ষতার ধরন অনুযায়ী কর্মীদের সংখ্যার অনুপাতে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। গৃহকর্মী হিসেবে ৮৫.৬ শতাংশ মহিলা এবং মাত্র ১৪.৪ শতাংশ পুরুষ কর্মরত ছিল, অর্থাৎ গৃহকর্মী হিসেবে পুরুষদের তুলনায় মহিলাদের সুস্পষ্ট আধিক্য ছিল। অন্যদিকে, দক্ষ ও অদক্ষ অভিবাসী কর্মীদের ক্ষেত্রে মহিলাদের তুলনায় পুরুষ কর্মীদের সংখ্যার অনুপাতে আধিক্য ছিল। দক্ষ ও অদক্ষ কর্মী হিসেবে পুরুষ কর্মীদের অংশগ্রহণ ছিল যথাক্রমে ৯৩.৯ শতাংশ এবং ৯৮.১ শতাংশ।




লেখচিত্র-৩.৭.১ এ দক্ষতার ধরন ও লিঙ্গভেদে শ্রম অভিবাসীদের বিন্যাস উপস্থাপন করা হয়েছে। মহিলা অভিবাসী কর্মীদের ৮.৭ শতাংশ অদক্ষ, ৭.৫ শতাংশ দক্ষ এবং ৮৩.৮ শতাংশ গৃহকর্মী হিসেবে নিযুক্ত ছিলেন। অন্যদিকে, পুরুষ অভিবাসী কর্মীদের মধ্যে ৭৭.৪ শতাংশ অদক্ষ, ২০.১ শতাংশ দক্ষ এবং মাত্র ২.৪ শতাংশ গৃহকর্মী হিসেবে নিযুক্ত ছিলেন।



৩.১.৭ দক্ষতার ধরন এবং প্রধান গন্তব্য দেশভেদে শ্রম অভিবাসী

লেখচিত্র-৩.৮ এ প্রতীয়মান হয় যে, সৌদি আরবে কর্মরতদের বেশিরভাগ (৬৬.৪ শতাংশ) অদক্ষ কর্মী হিসেবে, ১০.৮ শতাংশ দক্ষ কর্মী এবং ২৩.২ শতাংশ গৃহকর্মী হিসেবে নিযুক্ত ছিল; ওমানে অদক্ষ কর্মী হিসেবে ৬২.২ শতাংশ, দক্ষ কর্মী ২৬.৮ শতাংশ এবং গৃহকর্মী হিসেবে ১১.০ শতাংশ নিযুক্ত ছিল; মালয়েশিয়ায় অদক্ষ কর্মী ছিল ৮৬.১ শতাংশ, দক্ষ কর্মী ১৩.৩ শতাংশ এবং গৃহকর্মী ০.৬ শতাংশ; কাতারে অদক্ষ কর্মী ছিল ৫৯.৬ শতাংশ, দক্ষ কর্মী ৩৩.৬ শতাংশ এবং গৃহকর্মী ৬.৮ শতাংশ; সিঙ্গাপুরে অদক্ষ কর্মী ছিল ৮৯.৬ শতাংশ, দক্ষ কর্মী ৯.৭ শতাংশ এবং গৃহকর্মী ০.৭ শতাংশ; অন্যান্য দেশের ক্ষেত্রে অদক্ষ কর্মী ৬১.০ শতাংশ, দক্ষ কর্মী ১৯.৯ শতাংশ এবং গৃহকর্মী হিসেবে ১৯.১ শতাংশ নিযুক্ত ছিল।



৩.২ অভিবাসী খানার সদস্যদের বৈশিষ্ট্য

৩.২.১ বয়স ও লিঙ্গভেদে অভিবাসী খানার সদস্যদের বিন্যাস

২০১৫-২০১৮ সময়ে অভিবাসী খানাসমূহে মোট সদস্যসংখ্যা ছিল ১২.৬ মিলিয়ন; এদের মধ্যে ৬.০ মিলিয়ন পুরুষ এবং ৬.৭ মিলিয়ন মহিলা ছিল (সারণি-৩.৩)। সারণি হতে আরও দেখা যায় যে, মোট সদস্যদের প্রায় এক-তৃতীয়াংশ (৩৩.৬ শতাংশ) ছিল ০ হতে ১৭ বছর বয়সী। ৬৫ বছর বা তার বেশি বয়সীদের (০.৮ মিলিয়ন বা ৬.৬ শতাংশ) তুলনায় কর্মক্ষম সদস্যের সংখ্যা (৭.৫ মিলিয়ন বা ৫৯.৮ শতাংশ) খুব বেশি ছিল। অভিবাসী খানাসমূহে মোট সদস্যের সংখ্যা এবং শতাংশ বিন্যাস নিম্নের সারণিতে দেখানো হয়েছে।

সারণি-৩.৩: বয়সের শ্রেণি, লিঙ্গ এবং এলাকাভেদে অভিবাসী খানার সদস্যের বিন্যাস

বয়সের শ্রেণি	গ্রামাঞ্চল			শহরাঞ্চল			মোট		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
০-১৭	১৩৭৯৩৩১	১৩৫৭৭৭৭	২৭৩৭১০৮	৭৭১০৪৯	৭৩৬৬২১	১৫০৭৬৭০	২১৫০৩৮১	২০৯৪৩৯৮	৪২৪৪৭৭৯
১৮-২৪	৪৪৭৫৯৫	৬৭১৭০৪	১১১৯৩২৯	২৬০৫৮০	৩৯৮৯১৩	৬৫৯৪৯৩	৭০৮১৭৫	১০৭০৬৪৬	১৭৭৮৮২২
২৫-৬৪	১৫৬৫২৭৪	২০০৪৫২৬	৩৫৬৯৮০০	১০০৪৪৬৭	১১৯৫৬৮৮	২২০০০৮৫	২৫৬৯৭৪১	৩২০০১৪৪	৫৭৬৯৮৮৫
৬৫-৯৯	৩৩৩৪৭৬	২০০৭৯২	৫৩৪২৬৮	২০০২২৪	১০২৯৪৯	৩০৩১৭৩	৫৩৩৭০০	৩০৩৭৪১	৮৩৭৪৪২
মোট	৩৭২৫৬৭৬	৪২৩৪৮২৯	৭৯৬০৫০৫	২২৩৬৩২১	২৪৩৪১০১	৪৬৭০৪২২	৫৯৬১৯৯৭	৬৬৬৮৯৩০	১২৬৩০৯২৭
(শতাংশ)									
০-১৭	৩৭.০	৩২.১	৩৪.৪	৩৪.৫	৩০.৩	৩২.৩	৩৬.১	৩১.৪	৩৩.৬
১৮-২৪	১২.০	১৫.৯	১৪.১	১১.৭	১৬.৪	১৪.১	১১.৯	১৬.১	১৪.১
২৫-৬৪	৪২.০	৪৭.৩	৪৪.৮	৪৪.৯	৪৯.১	৪৭.১	৪৩.১	৪৮.০	৪৫.৭
৬৫-৯৯	৯.০	৪.৭	৬.৭	৯.০	৪.২	৬.৫	৯.০	৪.৬	৬.৬
মোট	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

৩.২.২ অভিবাসী খানার সদস্যদের নির্ভরতার অনুপাত

অভিবাসী খানার সদস্যদের নির্ভরতার অনুপাত মূলত কর্মক্ষম বয়সের ব্যক্তিদের সাথে শিশু এবং বয়স্ক ব্যক্তিদের অনুপাতকে পরিমাপ করে। নির্ভরতা অনুপাতটি ১৫ বছরের কম বয়সী এবং ৬৫ বা তার চেয়ে বেশি বয়সের সদস্যের যোগফলকে ১৫ হতে ৬৪ বছর বয়সী লোকের সংখ্যা দ্বারা ভাগের অনুপাত হিসেবে সংজ্ঞায়িত করা হয়েছে।

সারণি ৩.৪: লিঙ্গ এবং এলাকাভেদে অভিবাসী খানার নির্ভরতার অনুপাত

বয়সের শ্রেণি	গ্রামাঞ্চল			শহরাঞ্চল			বাংলাদেশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
সংখ্যা									
০-১৪	১১৪৪৩৩৫	১১১৯৫৮৯	২২৬৩৯২৪	৬৩৬৯২৩	৬১৮৯৩০	১২৫৫৮৫৩	১৭৮১২৫৮	১৭৩৮৫১৯	৩৫১৯৭৭৭
১৫-৬৪	২২৪৭৮৬৫	২৯১৪৪৪৮	৫১৬২৩১৩	১৩৯৯১৭৪	১৭১২২২২	৩১১১৩৯৫	৩৬৪৭০০৮	৪৬২৬৬৭০	৮২৭৩৭০৮
৬৫+	৩৩৩৪৭৬	২০০৭৯২	৫৩৪২৬৮	২০০২২৪	১০২৯৪৯	৩০৩১৭৩	৫৩৩৭০০	৩০৩৭৪১	৮৩৭৪৪২
মোট	৩৭২৫৬৭৬	৪২৩৪৮২৯	৭৯৬০৫০৫	২২৩৬৩২১	২৪৩৪১০১	৪৬৭০৪২২	৫৯৬১৯৯৭	৬৬৬৮৯৩০	১২৬৩০৯২৭
অনুপাত									
শিশু নির্ভরতা অনুপাত	৫০.৯	৩৮.৪	৪৩.৯	৪৫.৫	৩৬.১	৪০.৮	৪৮.৮	৩৭.৬	৪২.৫
বয়স্ক নির্ভরতা অনুপাত	১৪.৮	৬.৯	১০.৩	১৪.৩	৬.০	৯.৭	১৪.৬	৬.৬	১০.১
মোট নির্ভরতা অনুপাত	৬৫.৭	৪৫.৩	৫৪.২	৫৯.৮	৪২.২	৫০.১	৬৩.৪	৪৪.১	৫২.৭

সারণি-৩.৪ এ দেখানো হয়েছে যে, ২০১৫-১৮ সালে অভিবাসী খানার সদস্যদের মোট নির্ভরতা অনুপাত ছিল ৫২.৭ শতাংশ। এলাকা অনুসারে, মোট নির্ভরতা অনুপাত শহরাঞ্চলে ৫০.১ শতাংশ এবং গ্রামাঞ্চলে ৫৪.২ শতাংশ ছিল। কর্মক্ষম নহে এমন সদস্যদের (১-১৪ বছর বয়সী এবং ৬৫ বছর বা তার বেশি) সংখ্যার অনুপাত শহরাঞ্চলের চেয়ে গ্রামীণ অঞ্চলে বেশি। শিশু নির্ভরতা অনুপাত শহরাঞ্চলে ৪০.৪ শতাংশ এবং গ্রামাঞ্চলে ৪৩.৯ শতাংশ ছিল। বয়স্ক নির্ভরতা অনুপাত শহরাঞ্চলে ৯.৭ শতাংশ এবং গ্রামাঞ্চলে ১০.৩ শতাংশ ছিল।


৩.২.৩ মহিলা খানাপ্রধান অভিবাসী খানা এবং খানার আকার

সাধারণত, আমাদের দেশটি পুরুষতান্ত্রিক দেশ; জরিপে প্রতিফলিত হয়েছে যে, অভিবাসী খানাসমূহে মহিলা খানা প্রধান ছিল ২৭.৮ শতাংশ, যেখানে পুরুষ খানা প্রধান ছিল ৭২.২ শতাংশ (সারণি-৩.৫)। এলাকা অনুসারে, মহিলা খানা প্রধান সম্বলিত খানা শহরাঞ্চলের (২৬.০ শতাংশ) তুলনায় গ্রামাঞ্চলে (২৮.৯ শতাংশ) বেশি।

সারণি-৩.৫: এলাকা অনুযায়ী প্রধানের লিঙ্গ এবং খানার আকারের বিন্যাস

খানা প্রধানের লিঙ্গ	খানা প্রধান (%)			খানার গড় আকার		
	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	মোট	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	মোট
পুরুষ	৭১.১	৭৪.০	৭২.২	৫.০	৪.৮	৪.৯
মহিলা	২৮.৯	২৬.০	২৭.৮	৪.০	৩.৮	৩.৯
মোট	১০০.০	১০০.০	১০০.০	৪.৭	৪.৫	৪.৬

নীচের লেখচিত্র-৩.৯ হতে দেখা যায় যে, জাতীয় পর্যায়ে পুরুষ খানা প্রধান বিশিষ্ট খানাসমূহের গড় আকার ছিল ৪.৯; মহিলা খানা প্রধান বিশিষ্ট খানাসমূহের গড় আকার ছিল ৩.৯, যা পুরুষ খানা প্রধান বিশিষ্ট খানাসমূহের গড় আকারের চেয়ে কম। একই ধারা গ্রামাঞ্চল এবং শহরাঞ্চল উভয় ক্ষেত্রেই লক্ষ্য করা যায়। গ্রামাঞ্চল ও শহরাঞ্চলে মহিলা খানা প্রধান বিশিষ্ট খানাসমূহের গড় আকার ছিল যথাক্রমে ৪.০ এবং ৩.৮, যেখানে পুরুষ খানা প্রধান বিশিষ্ট খানাসমূহের গড় আকার ছিল যথাক্রমে ৫.০ এবং ৪.৮।




৩.২.৫ অভিবাসী খানার সদস্যদের বৈবাহিক অবস্থা

সারণি-৩.৬ এ অভিবাসী খানাসমূহের ১০ বছর বা তার বেশি বয়সী সদস্যদের বৈবাহিক অবস্থা উপস্থাপন করা হয়েছে। সারণি হতে দেখা যায় যে, ১০ বছর বা তার বেশি বয়সী মোট মহিলা সদস্যদের ৬৮.৪ শতাংশ মহিলা বিবাহিত, অন্যদিকে ৫৬.১ শতাংশ পুরুষ বিবাহিত ছিলেন। বিধবা(বিপ্লীক)/তালাকপ্রাপ্ত/বিচ্ছিন্ন সদস্যদের হার পুরুষদের ক্ষেত্রে মাত্র ১.২ শতাংশ, যা মহিলাদের ক্ষেত্রে ৯.২ শতাংশ ছিল।

সারণি-৩.৬: বৈবাহিক অবস্থা, লিঙ্গ এবং এলাকাভেদে অভিবাসী খানার (১০ বছর+) সদস্যদের বিন্যাস

বৈবাহিক অবস্থা	গ্রামাঞ্চল			শহরাঞ্চল			বাংলাদেশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
অবিবাহিত	৪২.৫	২৩.০	৩২.০	৪২.৮	২১.৩	৩১.৪	৪২.৬	২২.৪	৩১.৮
বিবাহিত	৫৬.২	৬৭.৭	৬২.৪	৫৬.১	৬৯.৭	৬৩.৩	৫৬.১	৬৮.৪	৬২.৭
বিধবা (বিপ্লীক)	১.২	৮.১	৪.৯	১.০	৭.৮	৪.৬	১.১	৮.০	৪.৮
বিচ্ছিন্ন	০.০	০.৪	০.২	০.০	০.৬	০.৩	০.০	০.৫	০.৩
তালাকপ্রাপ্ত	০.১	০.৮	০.৫	০.১	০.৬	০.৪	০.১	০.৭	০.৪
মোট	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৩.১০ এ দেখা যায় যে, অভিবাসী খানাসমূহের ১০ বছর বা তার বেশি বয়সী সদস্যদের বৈবাহিক অবস্থায় শহর এবং গ্রাম অঞ্চলে পার্থক্য রয়েছে। শহরাঞ্চলে ৪২.৮ শতাংশ পুরুষ এবং ২১.৩ শতাংশ মহিলা অবিবাহিত ছিলেন, অপরদিকে গ্রামাঞ্চলে ৪২.৫ শতাংশ পুরুষ এবং ২৩.০ শতাংশ মহিলা অবিবাহিত ছিলেন। শহরাঞ্চলে ৫৬.১ শতাংশ পুরুষ এবং ৬৯.৭ শতাংশ মহিলা এবং গ্রামাঞ্চলে ৫৬.২ শতাংশ পুরুষ এবং ৬৭.৭ শতাংশ মহিলা বিবাহিত ছিলেন।



৩.৩ অভিবাসী খানার বাসস্থানের বৈশিষ্ট্য


৩.৩.১ বাসস্থানের মালিকানার ধরণের অবস্থা

সারণি-৩.৭ হতে দেখা যায় যে, অভিবাসী কর্মীদের বাংলাদেশে বাসস্থানের মালিকানার ধরণের ক্ষেত্রে ভাড়াবাড়ি গ্রামাঞ্চলে ছিল ২.৭ শতাংশ এবং শহরাঞ্চলে ৪৪.৮ শতাংশ, যা গ্রামাঞ্চলের তুলনায় অনেক বেশি। অন্যদিকে, গ্রামাঞ্চলে নিজস্ব মালিকানাধীন বাড়ি ছিল ৯৪.০ শতাংশ এবং শহরাঞ্চলে ৫৩.৪ শতাংশ, যা গ্রামাঞ্চলের তুলনায় অনেক কম ছিল।

সারণি-৩.৭: বাসস্থানের মালিকানার ধরণের অভিবাসী কর্মীর লিঙ্গ ও এলাকাভেদে বিন্যাস

বাসস্থানের মালিকানার ধরন	গ্রামাঞ্চল			শহরাঞ্চল			মোট		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
নিজস্ব	৯৫.৯	৭৩.৪	৯৪.০	৬২.৩	২০.০	৫৩.৪	৯৪.৫	৭৫.৯	৯১.৮
ভাড়া	১.৯	১০.৩	২.৭	৩৬.১	৭৭.২	৪৪.৮	৪.০	১৮.৫	৬.১
বিনাভাড়া	২.১	১৬.৩	৩.৪	১.৫	২.৮	১.৮	১.৪	৫.৭	২.১
মোট	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

জাতীয় পর্যায়ে শ্রম অভিবাসীদের বাংলাদেশে বাসস্থানের মালিকানার ক্ষেত্রে নিজস্ব মালিকানা ছিল ৯১.৮ শতাংশ। মহিলা অভিবাসীদের বাসস্থানের ৭৫.৯ শতাংশের নিজস্ব মালিকানা ছিল, পুরুষ অভিবাসীদের নিজস্ব মালিকানা ছিল ৯৪.৫ শতাংশ। অভিবাসী কর্মীদের বাসস্থানের মালিকানার বিন্যাস নীচে লেখচিত্র-৩.১১ এ চিত্রিত হয়েছে:



৩.৩.২ আলোর প্রধান উৎসভেদে অভিবাসী খানা

আলোর প্রধান উৎসের ভিত্তিতে অভিবাসী খানাসমূহের বিন্যাস সারণি-৩.৮ এ উপস্থাপন করা হয়েছে। দেখা গেছে, সময়ের সাথে সাথে বিদ্যুতের ব্যবহার বাড়ছে। অভিবাসী খানার মধ্যে আলোর উৎস হিসেবে বিদ্যুতের ব্যবহার ছিল সর্বাধিক (৯১.৩ শতাংশ), এরপর ছিল সৌর বিদ্যুতের ব্যবহার (৭.২ শতাংশ)।

সারণি-৩.৮: আলোর প্রধান উৎস ও এলাকাভেদে অভিবাসী খানার বিন্যাস						
আলোর প্রধান উৎস	অভিবাসী খানার এলাকা					
	সংখ্যা			%		
	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	মোট	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	মোট
বিদ্যুৎ	১৫৩৪৮২৬	৯৫৬৬৩৮	২৪৯১৪৬৪	৯০.২	৯৩.২	৯১.৩
সৌর শক্তি	১৩৫৩৪২	৬০৬২৩	১৯৫৯৬৫	৮.০	৫.৯	৭.২
কেরোসিন	৩১৭৬৯	৯৪৩০	৪১১৯৯	১.৯	০.৯	১.৫
বায়ো-গ্যাস	০	২৩৮	২৩৮	০.০	০.০	০.০
মোট	১৭০১৯৩৭	১০২৬৯২৮	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

অভিবাসী খানাসমূহে বিদ্যুতের ব্যবহারের ক্ষেত্রে শহরাঞ্চল ও গ্রামাঞ্চলে একটি সুস্পষ্ট পার্থক্য রয়েছে, গ্রামাঞ্চলের খানাসমূহে বিদ্যুতের ব্যবহার ছিল ৯০.২ শতাংশ এবং শহরাঞ্চলে খানাসমূহে ছিল ৯৩.২ শতাংশ। আলোর উৎস হিসেবে বিদ্যুতের উত্তরোত্তর বর্ধিত হারে ব্যবহারের সাথে সাথে কেরোসিনের মতো অন্যান্য উৎসের বিদ্যুতের ব্যবহার হ্রাস পাচ্ছে।

৩.৩.৩ রান্নার কাজে ব্যবহৃত জ্বালানীর উৎসের ধরনভেদে অভিবাসী খানা

অভিবাসী খানাসমূহে রান্নার কাজে ব্যবহৃত প্রধান জ্বালানীর ধরন সারণি-৩.৯ এ উপস্থাপিত হয়েছে। এ সারণিতে দেখা যায় যে, খানার রান্নার জন্য ব্যবহৃত প্রধান জ্বালানী ছিল জ্বালানী কাঠ (৫৭.৮ শতাংশ), অতঃপর, প্রাকৃতিক গ্যাস / এলপি গ্যাস ২৫.৪ শতাংশ এবং গোবর / পাতা / খড় ছিল ১৬.৮ শতাংশ।

সারণি-৩.৯: রান্নার কাজে ব্যবহৃত জ্বালানীর উৎসের ধরন ও লিঙ্গভেদে অভিবাসী খানার বিন্যাস						
রান্নার কাজে ব্যবহৃত জ্বালানীর ধরন	খানার সংখ্যা			শতাংশ		
	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	মোট	গ্রামাঞ্চল	শহরাঞ্চল	মোট
জ্বালানী কাঠ	১১০৫৩৪৭	৪৭১১৯৫	১৫৭৬৫৪২	৬৪.৯	৪৫.৯	৫৭.৮
গোবর / পাতা / খড়	৩২২৪৯২	১৩৫৭৯৩	৪৫৮২৮৫	১৮.৯	১৩.২	১৬.৮
গ্যাস / এলপি গ্যাস	২৭৩৩৯৮	৪১৯৯৪১	৬৯৩৩৩৮	১৬.১	৪০.৯	২৫.৪
বায়ো-গ্যাস	৭০১	০	৭০১	০.০	০.০	০.০
মোট	১৭০১৯৩৭	১০২৬৯২৮	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

গ্রামাঞ্চল এবং শহরাঞ্চলে অভিবাসী রান্নার কাজে ব্যবহৃত জ্বালানীর ধরনের ক্ষেত্রে অনেক বৈচিত্র্য রয়েছে। গ্রামাঞ্চলে রান্নার কাজে যেখানে মাত্র ১৬.১ শতাংশ প্রাকৃতিক গ্যাস/এলপি গ্যাস ব্যবহার করছে, সেখানে শহরাঞ্চলে প্রাকৃতিক গ্যাস/এলপি গ্যাস ব্যবহার করছে ৪০.৯ শতাংশ।


৩.৩.৪ শৌচাগার ব্যবহার সুবিধাভেদে অভিবাসী খানা

সারণি-৩.১০ হতে দেখা যায় যে, ৪৬.৬ শতাংশ অভিবাসী খানায় স্যানিটারি টয়লেট ব্যবহৃত হয়, ৪২.৮ শতাংশ খানায় পিট ল্যাট্রিন, ১০.৫ শতাংশ খানায় কাঁচা ল্যাট্রিন এবং ০.২ শতাংশ খানার কোনও শৌচাগার নেই। সময়ের সাথে সাথে কাঁচা ল্যাট্রিনের ব্যবহার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে।

সারণি-৩.১০: শৌচাগার ব্যবহার সুবিধা এবং অভিবাসীর লিঙ্গভেদে অভিবাসী খানার বন্টন

শৌচাগারের ধরন	খানার সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
স্যানিটারি টয়লেট	১১২৫৩১৫	১৪৫৬১৫	১২৭০৯৩০	৪৮.৮	৩৬.১	৪৬.৬
পিট ল্যাট্রিন	৯৭৮৩৭১	১৮৮৮০২	১১৬৭১৭৩	৪২.১	৪৬.৮	৪২.৮
কাঁচা পায়খানা	২১৯১৩০	৬৬৯০৯	২৮৬০৩৯	৯.৮	১৬.৬	১০.৫
খোলা পায়খানা	৩০০৩	১৭২০	৪৭২৩	০.১	০.৮	০.২
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

শৌচাগার ব্যবহারের ধরন অনুযায়ী অভিবাসী খানাসমূহের বিন্যাস নীচে লেখচিত্র-৩.১২ এ দেখানো হয়েছে।




৩.৩.৫ অভিবাসী খানার সম্পদ/ভোগ্যপণ্যের বিন্যাস

টেকসই পণ্য সাধারণত প্রতিনিয়ত কেনার প্রয়োজন হয় না। টেকসই পণ্য এবং ভোগ্যপণ্য হিসেবে ঐ সকল পণ্য পরিচিত যা সাধারণত কমপক্ষে তিন বছরের জন্য স্থায়ী হয়। শ্রম অভিবাসীদের খানাপ্রধানের লিঙ্গভেদে সম্পদ/ভোগ্যপণ্যের বিন্যাস সারণি-৩.১১ এ দেখানো হয়েছে।

সারণি-৩.১১: খানা প্রধানের লিঙ্গভেদে অভিবাসী খানাগুলোর মধ্যে সম্পদ/ভোগ্যপণ্যের ধরনের বিন্যাস

সম্পদ/ভোগ্যপণ্যের ধরন	পুরুষ-প্রধান	মহিলা-প্রধান	মোট
চার বা বেশী চাকার যানবাহন	০.৩	০.২	০.৩
টেলিফোন	১.০	০.৬	০.৯
ইঞ্জিন চালিত নৌকা	১.১	০.৫	০.৯
রিকশা/ভ্যান	১.৮	০.৭	১.৫
তিন-চাকার যানবাহন	১.৭	১.৩	১.৬
মাইক্রোয়েভ ওভেন	১.৮	২.৩	২.০
কম্পিউটার	৩.৫	৪.২	৩.৭
মোটর সাইকেল	৭.২	৩.৭	৬.২
সেলাই মেশিন	১৪.৮	১৫.০	১৪.৮
বাই সাইকেল	২০.৫	১৩.০	১৮.৮
রেফ্রিজারেটর/ ফ্রিজার	৫৩.০	৫৫.৯	৫৩.৮
টেলিভিশন	৬৩.১	৫৯.৬	৬২.২
আলমিরা/ওয়ারড্রোব	৮১.৪	৮২.৮	৮১.৮
বৈদ্যুতিক পাখা	৯২.৬	৯৩.৪	৯২.৮
মোবাইল	৯৯.৮	৯৯.৭	৯৯.৮
মোট	৪৪৩.৭	৪৩৩.১	৪৪০.৭

অভিবাসী খানাপ্রধানের লিঙ্গভেদে খানায় অবস্থিত সম্পদ/ভোগ্যপণ্যের কিছুটা বৈচিত্র্য বিদ্যমান, তবে তারতম্যটি তেমন উল্লেখযোগ্য নয়। লেখচিত্র-৩.১৩ হতে এটা স্পষ্ট যে, প্রায় সকল অভিবাসী খানায় মোবাইল ফোন রয়েছে। অতঃপর ৯২.৮ শতাংশ খানায় বৈদ্যুতিক পাখা, ৮১.৮ শতাংশ খানায় আলমিরা/ওয়ারড্রোব, ৬২.২ শতাংশ খানায় টেলিভিশন এবং ৫৩.৮ শতাংশ খানায় রেফ্রিজারেটর/ফ্রিজার রয়েছে।



অধ্যায় ৪

শিক্ষা, প্রশিক্ষণ ও বিদেশি ভাষায় পারদর্শিতা

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে অভিবাসী কর্মীদের মধ্যে শিক্ষা সম্পদের স্তর, সাধারণ শিক্ষা ব্যবস্থার বাইরে প্রশিক্ষণের সুযোগ এবং অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতার বিষয় উপস্থাপন করা হয়েছে।

অধ্যায় ৪ : শিক্ষা, প্রশিক্ষণ ও বিদেশি ভাষায় পারদর্শিতা

- | | |
|-----|---|
| ৪.১ | অভিবাসী কর্মীদের শিক্ষার অবস্থা |
| ৪.২ | অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতা |
| ৪.৩ | অভিবাসী কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ |
| ৪.৪ | বৃত্তিমূলক প্রশিক্ষণের উৎস ও মেয়াদ |

অধ্যায় ৪

শিক্ষা, প্রশিক্ষণ ও বিদেশি ভাষায় পারদর্শিতা

অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতা সহকর্মীদের সাথে তাদের দৈনন্দিন কাজে মিথস্ক্রিয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অধিকাংশ ক্ষেত্রে অভিবাসীদের উন্নতি তাদের দক্ষতার উপর নির্ভর করে এবং এটি শিক্ষা পদ্ধতি এবং আনুষ্ঠানিক প্রশিক্ষণের মাধ্যমে প্রদান করা হয় যা চাকুরির আবশ্যিক শর্তাবলীর সাথে সুনির্দিষ্টভাবে সম্পর্কিত হতে পারে। এই অধ্যায়ে অভিবাসী কর্মীদের মধ্যে শিক্ষা সম্পন্নের স্তর এবং সাধারণ শিক্ষা ব্যবস্থার বাইরে প্রশিক্ষণের সুযোগ ইত্যাদি বিষয় উপস্থাপন করা হয়েছে।

৪.১ অভিবাসী কর্মীদের শিক্ষার অবস্থা


বয়সভেদে শ্রমজীবী মানুষদের মধ্যে শিক্ষার ঘাটতি পর্যাপ্ত নিরাপদ ও সুযোগ সুবিধা সম্বলিত চাকুরি অথবা ভাল বেতনের চাকুরি খুঁজে পাওয়ার ক্ষেত্রে দুর্বলতা হিসেবে কাজ করে। চাকুরি ক্ষেত্রে আন্তর্জাতিক অভিবাসী কর্মীদের উন্নতি তাদের শিক্ষা সম্পন্নের ভাল স্তর, ব্যক্তিগত দক্ষতা এবং আনুষ্ঠানিক শিক্ষার উপর নির্ভর করে যা চাকুরির আবশ্যিক শর্তাবলীর সাথে সুনির্দিষ্টভাবে সম্পর্কিত হতে পারে।

৪.১.১ শিক্ষা সম্পন্নের স্তর এবং লিঙ্গভেদে অভিবাসী কর্মী

সারণি- ৪.১ এ দেখা যায় যে, ১০.৭ শতাংশ অভিবাসী কর্মী কোন শিক্ষা সম্পন্ন করেনি অর্থাৎ কোন শ্রেণি পাশ নয় এমন, ২৭.০ শতাংশ প্রাথমিক শিক্ষা, ৫০.৯ শতাংশ মাধ্যমিক শিক্ষা, ৯.৩ শতাংশ উচ্চ মাধ্যমিক এবং ১.৫ শতাংশ বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষা সম্পন্ন করেছে।

সারণি- ৪.১: শিক্ষার শ্রেণি ও লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস						
শিক্ষার স্তর	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
কোন শ্রেণি পাশ নয়	১৬৫,৭৬০	১২৬,৩৬২	২৯২,১২৩	৭.১	৩১.৪	১০.৭
প্রাথমিক	৫৬৩,৫২৭	১৭২,০৮৬	৭৩৫,৬১২	২৪.২	৪২.৭	২৭.০
মাধ্যমিক	১,২৮৯,২৩৭	৯৯,০৩৬	১,৩৮৮,২৭৪	৫৫.৪	২৪.৬	৫০.৯
উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা	২৪৮,৭৮৭	৩,৯৮২	২৫২,৭৬৯	১০.৭	১.০	৯.৩
বিশ্ববিদ্যালয় স্তর	৪১,২৭৫	৭৮৬	৪২,০৬২	১.৮	০.২	১.৫
অন্যান্য (কোন শ্রেণি জানা নেই)	১৭,২৩২	৭৯৩	১৮,০২৬	০.৭	০.২	০.৭
মোট	২,৩২৫,৮১৯	৪০৩,০৪৬	২,৭২৮,৮৬৫	১০০.০	১০০.০	১০০.০


শিক্ষা সম্পন্নের স্তরের ক্ষেত্রে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য রয়েছে। এক্ষেত্রে দেখা যায় যে, ৭.১ শতাংশ পুরুষ এবং ৩১.৪ শতাংশ মহিলা কোন শ্রেণি পাশ করেনি। প্রাথমিক শিক্ষা সম্পন্নের ক্ষেত্রে ২৪.২ শতাংশ পুরুষ এবং ৪২.৭ শতাংশ মহিলা প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেছে। সাধারণভাবে দেখা যায় যে, মহিলা অভিবাসীদের শিক্ষা সম্পন্নের স্তর কম ছিল।



লেখচিত্র-৪.১ এর বিন্যাস অনুযায়ী দেখা যায় যে, অভিবাসী কর্মীদের শিক্ষা সম্পন্নের স্তরের ক্ষেত্রে পুরুষদের তুলনায় মহিলারা কম শিক্ষিত। অর্থাৎ সাধারণভাবে মহিলা অভিবাসীদের শিক্ষা সম্পন্নের স্তর কম ছিল।

৪.১.২ শিক্ষা সম্পন্নের স্তর এবং দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মী

শিক্ষা সম্পন্নের স্তর এবং দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস নিম্নের লেখচিত্র-৪.২ এ প্রদর্শিত হয়েছে। যারা কোন শ্রেণি পাশ করেনি তাদের মধ্যে ৩৯.৯ শতাংশ গৃহকর্মী হিসেবে, মাত্র ৯.৩ শতাংশ দক্ষ কর্মী হিসেবে এবং ৫০.৮ শতাংশ অদক্ষ কর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল। অন্যদিকে, যারা বিশ্ববিদ্যালয় স্তর শিক্ষা সম্পন্ন করেছে তাদের মধ্যে ২৪.২ শতাংশ দক্ষ কর্মী হিসেবে, মাত্র ১.৯ শতাংশ গৃহকর্মী হিসেবে এবং ৭৩.৯ শতাংশ অদক্ষ কর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল।



৪.২ অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতা

অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতা গন্তব্য দেশের সহকর্মীদের সাথে কর্মক্ষেত্রে দৈনন্দিন কাজে মিথস্ক্রিয়ার ক্ষেত্রে সরাসরি প্রভাব রয়েছে।


৪.২.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় পারদর্শিতা

নিম্নের সারণি-৪.২ এ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ অবস্থার বিন্যাস দেখানো হয়েছে।

সারণি ৪.২: লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ অবস্থা

বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ (কথা বলা অথবা পড়া অথবা লিখা)	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
হ্যাঁ	১৮৬৪১১৫	১০৯৬৪৬	১৯৭৩৭৬১	৮০.১	২৭.২	৭২.৩
না	৪৬১৭০৪	২৯৩৪০০	৭৫৫১০৪	১৯.৯	৭২.৮	২৭.৭
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০


গন্তব্য দেশে বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ পারদর্শিতার ক্ষেত্রে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য রয়েছে। দেখা যায় যে, ৮০.১ শতাংশ পুরুষ অভিবাসী কর্মী কোন না কোনভাবে বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে পারে, অন্যদিকে মোট মহিলা অভিবাসী কর্মীদের মধ্যে মাত্র ২৭.২ শতাংশ মহিলা বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে সক্ষম যা তাদের চাকুরি পাওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধক। সর্বোপরি মোট ৭২.৩ শতাংশ অভিবাসী কর্মী গন্তব্য দেশে বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে সক্ষম।



লেখচিত্র-৪.৩ এ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ পারদর্শিতার বিন্যাস দেখানো হয়েছে।

৪.২.২ দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষায় যোগাযোগের পারদর্শিতা


নিম্নের লেখচিত্র-৪.৪ এ দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ পারদর্শিতার ক্ষেত্রে ভিন্নতা রয়েছে। অধিকাংশ দক্ষ কর্মী (৮৪.০ শতাংশ) বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে সক্ষম। অদক্ষ কর্মীদের ক্ষেত্রে ৭৯.৪ শতাংশ এবং গৃহকর্মীদের ক্ষেত্রে তা ২৪.৭ শতাংশ।



সর্বোপরি, প্রায় পঁচ ভাগের চার ভাগ দক্ষ এবং অদক্ষ কর্মী বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে সক্ষম। অন্যদিকে মাত্র চার ভাগের এক ভাগ গৃহকর্মী বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ করতে সক্ষম।

৪.২.৩ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের ভাষা পারদর্শিতা

নিম্নের লেখচিত্র-৪.৫ এ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের বিদেশি ভাষা ব্যবহারের মাধ্যমে যোগাযোগ পারদর্শিতার বিন্যাস দেখানো হয়েছে।



৪.৩ অভিবাসী কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ

আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থার বাইরে বৃত্তিমূলক প্রশিক্ষণ অধিকাংশ কর্মীদের দক্ষতা বৃদ্ধির জন্য গুরুত্বপূর্ণ সুযোগ প্রদান করে। জরিপে অভিবাসী কর্মীদের জিজ্ঞাসা করা হয়েছিল যে, অন্য দেশে চাকুরির জন্য অভিবাসী হওয়ার পূর্বে তারা কখনও কোন ধরনের বৃত্তিমূলক প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত ছিল কিনা। যদি সম্পৃক্ত থাকে তাহলে তার মেয়াদ, উৎস এবং প্রশিক্ষণের ধরন কি ছিল। যদি কেউ একাধিক প্রশিক্ষণ গ্রহণ করে থাকে সেক্ষেত্রে শুধুমাত্র সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশিক্ষণের তথ্য সংগ্রহ করা হয়েছে।


৪.৩.১ লিঙ্গভেদে বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ

সারণি-৪.৩ এ দেখা যায় যে, ৯ লক্ষ ২২ হাজার অভিবাসী কর্মী (মোট অভিবাসী কর্মীর প্রায় ৩৩.৮ শতাংশ) সাধারণ শিক্ষা ব্যবস্থার বাইরে আনুষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছে। এক্ষেত্রে, প্রশিক্ষণে পুরুষ অংশগ্রহণ করেছে ৩১.৫ শতাংশ এবং মহিলা করেছে ৪৬.৯ শতাংশ। লিঙ্গভেদে দেখা যায় যে, পুরুষের তুলনায় মহিলাদের প্রশিক্ষণ গ্রহণের অনুপাত অনেক বেশি।

সারণি- ৪.৩: লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণের অবস্থা


বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
প্রশিক্ষণ গ্রহণ করেছে	৭৩২৭৯৪	১৮৯১৭৬	৯২১৯৭০	৩১.৫	৪৬.৯	৩৩.৮
প্রশিক্ষণ গ্রহণ করেনি	১৫৯৩০২৫	২১৩৮৭০	১৮০৬৮৯৫	৬৮.৫	৫৩.১	৬৬.২
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৪.৬ এ দেখা যাচ্ছে যে, মোট অভিবাসী কর্মীর প্রায় ৩৩.৮ শতাংশ সাধারণ শিক্ষা ব্যবস্থার বাইরে আনুষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছে। মহিলাদের প্রশিক্ষণ গ্রহণের অনুপাত (৪৬.৯ শতাংশ) পুরুষের (৩১.৫ শতাংশ) প্রশিক্ষণ গ্রহণের তুলনায় অনেক বেশি।



৪.৩.২ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ

লেখচিত্র-৪.৭ অনুযায়ী প্রধান গন্তব্য দেশভেদে দেখা যায় যে, সিঙ্গাপুরে গমনকারী অভিবাসী কর্মীর ৮২.৩ শতাংশ সাধারণ শিক্ষা ব্যবস্থার বাইরে আনুষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছে যা সর্বোচ্চ। অন্যদিকে, সৌদি আরবে ৩৪.৭ শতাংশ, মালয়েশিয়ায় ৩২.৪ শতাংশ এবং অন্যান্য দেশে গমনকারী ২৮.৭ শতাংশ অভিবাসী কর্মী আনুষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছে। সবচেয়ে কম প্রশিক্ষণ গ্রহণ করেছে ওমানে গমনকারী ২২.৮ শতাংশ।



৪.৩.৩ প্রশিক্ষণ মেয়াদভেদে বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ

নিম্নের সারণি-৪.৮ অনুযায়ী দেখা যায় যে, ১ সপ্তাহের কম মেয়াদের প্রশিক্ষণ গ্রহণের হার ছিল সবচেয়ে বেশি ২৫.৩ শতাংশ। অন্যদিকে, ১-৩ সপ্তাহ মেয়াদের প্রশিক্ষণ গ্রহণের হার ২৪.৪ শতাংশ এবং ৩-৪ সপ্তাহ মেয়াদের প্রশিক্ষণ গ্রহণের হার ছিল ১৬.০ শতাংশ। প্রশিক্ষণ গ্রহণের মেয়াদের ক্ষেত্রে লিঙ্গভেদে পার্থক্য পরিলক্ষিত হয়। দীর্ঘমেয়াদী প্রশিক্ষণ (৪ মাস বা তদুর্ধ্ব) গ্রহণের ক্ষেত্রে দেখা যায় যে, পুরুষদের তুলনায় মহিলাদের প্রশিক্ষণ গ্রহণের মেয়াদের হার অনেক কম। এক্ষেত্রে পুরুষের অনুপাত ২৬.২ শতাংশ এবং মহিলার অনুপাত ২.৯ শতাংশ।

সারণি-৪.৮: লিঙ্গ এবং প্রশিক্ষণের মেয়াদভেদে অভিবাসীদের প্রশিক্ষণ গ্রহণ

প্রশিক্ষণের মেয়াদ	অভিবাসীর লিঙ্গ		
	পুরুষ	মহিলা	মোট
১ সপ্তাহের কম	২৯.৪	৯.৭	২৫.৩
১-২ সপ্তাহ	১১.৯	১৬.৬	১২.৮
৩-৪ সপ্তাহ	১১.১	৩৫.০	১৬.০
১-৩ মাস	২১.৫	৩৫.৮	২৪.৪
৪-৬ মাস	১৫.১	২.৩	১২.৫
৬ মাসের বেশি	১১.১	০.৬	৮.৯
মোট	১০০.০	১০০.০	১০০.০

৪.৩.৪ প্রশিক্ষণের ধরনভেদে বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ

সারণি-৪.৫ অনুযায়ী দেখা যায় যে, বিদেশি ভাষা প্রশিক্ষণ গ্রহণের হার ছিল সবচেয়ে বেশি ৩৪.৭ শতাংশ (এক্ষেত্রে মহিলা ৬৬.৯ শতাংশ এবং পুরুষ ২৬.৪ শতাংশ)। নির্মাণ সংক্রান্ত কাজে প্রশিক্ষণ গ্রহণের হার ১৪.৬ শতাংশ (এক্ষেত্রে পুরুষ ১৮.৪ শতাংশ এবং মহিলা ০.৩ শতাংশ), গাড়ি চালনা এবং ইঞ্জিন মিস্ত্রি সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের হার ১০.৫ শতাংশ (এক্ষেত্রে পুরুষ ১৩.১ শতাংশ এবং মহিলা ০.২ শতাংশ), বিদ্যুৎ এবং ইলেকট্রনিক যন্ত্র সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের হার ৬.৬ শতাংশ (এক্ষেত্রে পুরুষ ৮.৩ শতাংশ এবং মহিলা ০.৩ শতাংশ)।

সারণি-৪.৫: লিঙ্গ এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণের ধরনভেদে অভিবাসী কর্মীর বিন্যাস			
প্রশিক্ষণের ধরন	পুরুষ	মহিলা	মোট
যন্ত্র/পূর্তকর্ম সংক্রান্ত	১.৪	০.৩	১.২
বিদ্যুৎ এবং ইলেকট্রনিক যন্ত্র সংক্রান্ত	৮.৩	০.০	৬.৬
কম্পিউটার	১.৬	০.০	১.২
চামড়া এবং বস্ত্রবয়ন সংক্রান্ত	০.৩	০.৪	০.৩
ক্যাটারিং, হোটেল এবং রেস্টুরেন্ট	২.৮	৫.৬	৩.৪
হস্তশিল্প এবং বুটেরশিল্প সংক্রান্ত	০.৬	১.০	০.৬
সৃজনশীল শিল্প/ চিত্র শিল্প/আলোকচিত্র	০.৩	০.৩	০.৩
কৃষি শস্য উৎপাদন এবং সংরক্ষণ	০.৭	০.১	০.৫
শস্য ব্যতীত কৃষি কাজ	১.২	০.৪	১.০
স্বাস্থ্য এবং সহায়ক চিকিৎসা সেবা	০.৪	০.৫	০.৪
অফিস ব্যবস্থাপনা	০.৮	০.৩	০.৭
গাড়ি চালনা এবং ইঞ্জিন মিস্ত্রি সংক্রান্ত	১৩.১	০.২	১০.৫
রূপচর্চা এবং কেশ বিন্যাস	০.২	০.৭	০.৩
ভ্রমণ সংক্রান্ত	০.০	০.০	০.০
মুদ্রণ সংক্রান্ত	০.৩	০.১	০.২
বিদেশি ভাষা	২৬.৪	৬৬.৯	৩৪.৭
নির্মাণ সংক্রান্ত কাজ	১৮.৪	০.৩	১৪.৬
আসবাবপত্র	২.৫	৪.৩	২.৯
ঢালাই (ওয়েলডিং)	৬.৬	০.০	৫.৩
হীস-মুরগি সংক্রান্ত (পোল্ট্রি)	০.১	০.০	০.১
ভবনের পানির লাইন/পাইপ সংযোজন সংক্রান্ত	৮.২	০.০	৬.৫
তৈরি পোষাক	১.৪	৭.৩	২.৬
অন্যান্য	৪.৪	১১.৪	৫.৮
মোট	১০০.০	১০০.০	১০০.০


৪.৩.৫ প্রশিক্ষণের উৎসভেদে বৃত্তিমূলক প্রশিক্ষণ গ্রহণ

সারণি-৪.৬ অনুযায়ী অভিবাসী কর্মীদের প্রশিক্ষণ গ্রহণের উৎসের বিন্যাসভেদে দেখা যায় যে, বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণের অনুপাত সবচেয়ে বেশি যা ৫৪.০ শতাংশ। অন্যদিকে সরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণের হার ৩৮.৮ শতাংশ এবং যৌথ প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণের হার ৫.০ শতাংশ।

সারণি-৪.৬: লিঙ্গ ও প্রশিক্ষণের উৎসভেদে অভিবাসী কর্মীদের বৃত্তিমূলক প্রশিক্ষণের বিন্যাস

প্রশিক্ষণের উৎস	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
সরকারি প্রতিষ্ঠান	২৪৬৫১৫	১১১৬১১	৩৫৮১২৫	৩৩.৬	৫৯.০	৩৮.৮
বেসরকারি প্রতিষ্ঠান	৪৩৩৯৯৯	৬৪০৫২	৪৯৮০৫০	৫৯.২	৩৩.৯	৫৪.০
এনজিও	২৯০৫	০	২৯০৫	০.৪	০.০	০.৩
বিদেশি প্রতিষ্ঠান	৪৮০৪	৪৭৪	৫২৭৮	০.৭	০.৩	০.৬
যৌথ প্রতিষ্ঠান	৩৫১১০	১০৮৮৬	৪৫৯৯৭	৪.৮	৫.৮	৫.০
বিএমইটি	৪৭৩৫	১২২৩	৫৯৫৮	০.৬	০.৬	০.৬
অন্যান্য	৪৭২৭	৯৩১	৫৬৫৮	০.৬	০.৫	০.৬
মোট	৭৩২৭৯৪	১৮৯১৭৬	৯২১৯৭১	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৪.৮ অনুযায়ী দেখা যায় যে, অভিবাসী কর্মীদের ৯০.০ শতাংশের বেশি (৯২.৯ শতাংশ) হয় সরকারি না হয় বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণ করে। পছন্দের প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ক্ষেত্রে লিঙ্গভেদে পার্থক্য পরিলক্ষিত হয়। প্রায় পাঁচ ভাগের তিন ভাগ (৫৯.০ শতাংশ) মহিলা অভিবাসী কর্মী সরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণ করে, পুরুষ অভিবাসী কর্মীদের ক্ষেত্রে এটা ছিল পাঁচ ভাগের দুই ভাগ (৩৩.৬ শতাংশ)। অন্যদিকে, প্রায় পাঁচ ভাগের দুই ভাগ (৩৩.৯ শতাংশ) মহিলা অভিবাসী কর্মী বেসরকারি প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ গ্রহণ করে, পুরুষ অভিবাসী কর্মীদের ক্ষেত্রে এটা ছিল পাঁচ ভাগের তিন ভাগ (৫৯.২ শতাংশ)।




৪.৪ চাকুরি/কাজ পাওয়ার জন্য তথ্যের উৎসসমূহ

অধিকাংশ ঘটনায় দেখা যায় যে, নিয়োগ সংস্থাগুলো তাদের প্রতিনিধি বা দালাল এর মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করে থাকে। তারা মূলত দুটি প্রধান কাজ সম্পাদন করে; কর্মীদের নিয়োগ এবং আর্থিক লেনদেন। তৃণমূল পর্যায়ে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম মৌখিকভাবে সম্পাদিত হয়ে থাকে, এমনকি আর্থিক লেনদেন কোন রশিদ ছাড়া সম্পাদিত হয়ে থাকে। স্থানীয় নিয়োগকারী (অনানুষ্ঠানিক প্রতিনিধি বা দালাল) নিয়োগ সংস্থাগুলোর পক্ষে কাজ করে এবং কোন শনাক্তকরণ প্রামাণ্য দলিলপত্রাদি সরবরাহ করে না। নিম্নের সারণি-৪.৭ এ লিঙ্গভেদে চাকুরি/কাজ পাওয়ার জন্য তথ্য পাওয়ার উৎসসমূহের বিন্যাস দেখানো হয়েছে।

সারণি-৪.৭: লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের চাকুরি/কাজ পাওয়ার জন্য তথ্য পাওয়ার উৎসসমূহের বিন্যাস

তথ্য পাওয়ার উৎসসমূহ	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
আত্মীয়/বন্ধু	১২৯৯৩২৭	১০৬৭৭৯	১৪০৬১০৬	৫৫.৯	২৬.৫	৫১.৫
স্থানীয় নিয়োগকারী	৫৪০৬২৫	১৩৭৮২৭	৬৭৮৪৫২	২৩.২	৩৪.২	২৪.৯
স্থানীয় এজেন্সি	২৯২৪১২	৮৪৯৪১	৩৭৭৩৫২	১২.৬	২১.১	১৩.৮
বিদেশি এজেন্সি	৮৮৪০১	৩৪৬৪৮	১২৩০৪৯	৩.৮	৮.৬	৪.৫
সরাসরি নিয়োগকারী	৬৭৭১২	২৫৫৮১	৯৩২৯৩	২.৯	৬.৩	৩.৪
সরকারি নিয়োগ এজেন্সি	১৯৪৩৯	১০৬২৩	৩০০৬১	০.৮	২.৬	১.১
ইন্টারনেট	৬৭২	০	৬৭২	০.০	০.০	০.০
অন্যান্য	১৭২৩১	২৬৪৯	১৯৮৮০	০.৭	০.৭	০.৭
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৪.৯ অনুযায়ী দেখা যায় যে, অভিবাসী কর্মীদের চাকুরি/কাজ পাওয়ার জন্য তথ্য পাওয়ার উৎসসমূহের ক্ষেত্রে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য রয়েছে। পুরুষ অভিবাসী কর্মীদের প্রায় পাঁচ ভাগের তিন ভাগ (৫৫.৯ শতাংশ) চাকুরি/কাজ পাওয়ার জন্য আত্মীয়/বন্ধুদের নিকট থেকে তথ্য পেয়েছিল। পক্ষান্তরে, ৩৪.২ শতাংশ মহিলা অভিবাসী কর্মী স্থানীয় নিয়োগকারীর মাধ্যমে তথ্য পেয়েছিল যা ছিল সবচেয়ে বেশি। পুরুষ এবং মহিলা উভয়ের ক্ষেত্রে প্রধান তিনটি তথ্য পাওয়ার উৎস হচ্ছে আত্মীয়/বন্ধু, স্থানীয় নিয়োগকারী এবং স্থানীয় এজেন্সি।



অধ্যায় ৫

নিয়োগ ব্যয়

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় সম্পর্কে আলোচিত হয়েছে অর্থাৎ বিদেশে চাকুরি নিশ্চিতকরে নিয়োগ প্রক্রিয়ায় স্থান, কাল, পাত্র, পছা নির্বিশেষে সকল ব্যয় অন্তর্ভুক্ত হয়েছে। এছাড়া নিয়োগ ব্যয়ের প্রকারভেদ, ঋণগ্রহণ, পরিশোধ ইত্যাদি বিষয়ও এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

অধ্যায় ৫ : নিয়োগ ব্যয়

- | | |
|-----|---|
| ৫.১ | অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের ধরন |
| ৫.২ | অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় |
| ৫.৩ | এক নজরে অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় |
| ৫.৪ | বিদেশে কাজের জন্য মেডিকেল/জীবন বীমার অবস্থা |
| ৫.৫ | নিয়োগকর্তা কর্তৃক বন্দোবস্তকৃত কর্ম ভিসার অবস্থা |
| ৫.৬ | ঋণ, ঋণ পরিশোধ এবং জামানত বাজেয়াপ্তের অবস্থা |

অধ্যায়-৫

নিয়োগ ব্যয়

এ অধ্যায়ে অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় সম্পর্কে আলোচিত হয়েছে অর্থাৎ বিদেশে চাকুরি নিশ্চিতকল্পে নিয়োগ প্রক্রিয়ায় স্থান, কাল, পাত্র, পদ্ম নির্বিশেষে সকল ব্যয় অন্তর্ভুক্ত হয়েছে। এছাড়া নিয়োগ ব্যয়ের প্রকারভেদ, ঋনগ্রহণ, পরিশোধ ইত্যাদি বিষয়ও এ অধ্যায়ে আলোচিত হয়েছে।

অভিবাসী নিজে বা তার খানার কোন সদস্য বিদেশে চাকুরি খোঁজা, উপযুক্ত করা, চাকুরি নিশ্চিত করা এবং বিদেশে চাকুরিস্থলে পৌঁছানো পর্যন্ত যত ব্যয় করেছে তার সকল ব্যয়ের সমষ্টিই হল নিয়োগ ব্যয়। বৈদেশিক নিয়োগের বিধি-বিধান, অনুশীলন, পর্যবেক্ষণ, অভিবাসন প্রত্যাশীদের শিক্ষিত করা, তাদের অধিকার সম্পর্কে সচেতন করা, কর্মী প্রেরণকারী ও গ্রহণকারী দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধি ইত্যাদির মাধ্যমে নিয়োগ ব্যয় উল্লেখযোগ্য ভাবে হ্রাস করা যেতে পারে। অপ্রয়োজনীয় ব্যয় কমানোর ফলে প্রচুর সুবিধা বয়ে আনবে - এটি শুধুমাত্র কর্মসংস্থানের সুযোগই বৃদ্ধি করবে না উপরন্তু এটি অবৈধ অভিবাসন হ্রাস করবে, ফলে রেমিটেন্স প্রবাহ বৃদ্ধি পাবে। অভিবাসী পরিবার সমূহে রেমিটেন্স তাদের শিক্ষা, স্বাস্থ্য ও উৎপাদনশীল কর্মকাণ্ডে ব্যবহৃত হতে পারে।

৫.১ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের প্রকারভেদ


সাধারণত নিয়োগ ব্যয়ে বিভিন্ন ডকুমেন্ট প্রস্তুত সংক্রান্ত ব্যয় - যেমন পাসপোর্ট, ভিসা, বসবাসের অনুমতি; নিরাপত্তা সংক্রান্ত ব্যয় - যেমন মেডিকেল চেক-আপ, নিরাপত্তা ছাড়পত্র; দক্ষতা সংক্রান্ত ব্যয় - যেমন ভাষা, কারিগরি প্রশিক্ষণ; পরিবহণ সংক্রান্ত ব্যয় - যেমন স্থানীয় ও আন্তর্জাতিক পরিবহণ; নিয়োগকারী/এজেন্সি/দালালদের সেবা প্রদানের ব্যয় এবং অন্যান্য অভাবিত ব্যয় ইত্যাদি অন্তর্ভুক্ত করা হয়েছে।

সারণি-৬.১ অনুযায়ী প্রায় সকল অভিবাসী কর্মীই পাসপোর্ট ফি, ভিসা ফি, মেডিকেল ফি, ওয়ার্ক পারমিট, অভ্যন্তরীণ পরিবহণ এবং আন্তর্জাতিক পরিবহণ ব্যয় বহন করেছেন। উল্লিখিত ব্যয়সমূহ আংশিক বা সম্পূর্ণভাবে নিয়োগকারী/এজেন্সি বা দালালকে প্রদান করেছেন। লিঙ্গভেদে আন্তর্জাতিক পরিবহণ ও ভিসা ফি ব্যতীত অন্যান্য সকল ক্ষেত্রে মহিলা ও পুরুষের ব্যয়ের একই ধরনের ধারা পরিলক্ষিত হয়েছে। উল্লিখিত দুইটি ক্ষেত্রে মহিলা কর্মীদের ব্যয় পুরুষ অভিবাসী কর্মীদের চেয়ে অনেক কম পরিলক্ষিত হয়েছে।

সারণি-৫.১: লিঙ্গভেদে অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এর প্রকারভেদ

নিয়োগ ব্যয় এর প্রকারভেদ	পুরুষ	মহিলা	মোট
চুক্তি চূড়ান্তকরণ ফি	৫.৭	৫.৯	৫.৮
দক্ষতা যাচাই ফি	৬.৭	২.৫	৬.১
কল্যাণ ফি	৫.৯	৮.১	৬.২
বিমা ফি	১২.৩	৯.৩	১১.৯
প্রস্থান ব্রিফিং ফি	১৭.৯	১১.৫	১৭.০
প্রশিক্ষণ ফি	২৯.০	৩৭.৩	৩০.২
ঋণ এর সুদ বাবদ ব্যয়	৪২.৮	২৭.৫	৪০.৬
নিয়োগকারীর ফি	৪৮.৩	২৩.২	৪৪.৭
নিরাপত্তা ছাড়পত্র ফি	৬৩.৫	৪৭.৩	৬১.২
ভিসা ফি	৬৯.৩	২৫.৫	৬৩.০
অন্যান্য ব্যয়	৬৭.৮	৫৭.৪	৬৬.৩
আন্তর্জাতিক পরিবহণ ব্যয়	৭৬.০	৩০.০	৬৯.৪
দালাল ফি	৭৩.২	৫৯.৭	৭১.৩
মেডিকেল ফি	৮৮.৫	৭৩.৬	৮৬.৪
অভ্যন্তরীণ পরিবহণ ব্যয়	৯৩.১	৮৭.০	৯২.২
পাসপোর্ট ফি	৯৬.২	৮৭.৬	৯৫.০

নিম্নের লেখচিত্র-৫.১ এ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় এর ধরনভিত্তিক পরিসংখ্যান (শতকরা হার) উপস্থাপন করা হয়েছে। সকল ধরনের ব্যয়ের মধ্যে ৯৫.০ শতাংশ অভিবাসী কর্মীই পাসপোর্ট ফি প্রদান করেছেন, অতঃপর অভ্যন্তরীণ পরিবহণ ব্যয় ৯২.২ শতাংশ, মেডিকেল ফি ৮৬.৪ শতাংশ, দালাল ফি ৭১.৩ শতাংশ, আন্তর্জাতিক পরিবহণ ব্যয় ৬৯.৪ শতাংশ, অন্যান্য ব্যয় ৬৬.৩ শতাংশ, ভিসা ফি ৬৩.০ শতাংশ, নিরাপত্তা ছাড়পত্র ফি ৬১.২ শতাংশ ইত্যাদি খাতে ব্যয় করেছেন।



৫.২ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়

অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় বলতে বিদেশে চাকুরি নিশ্চিতভাবে নিয়োগ প্রক্রিয়ার স্থান, কাল, সময়, পস্থা নির্বিশেষে সকল ধরনের ব্যয় অন্তর্ভুক্ত হয়েছে। নিয়োগ ব্যয়ে অভিবাসী নিজে বা তার পরিবারের কোন সদস্য ব্যয় করেছে বিদেশে চাকুরি খোঁজা, উপযুক্ত করা, চাকুরি নিশ্চিত করা এবং বিদেশে চাকুরিস্থলে পৌঁছানো পর্যন্ত সকল ব্যয়ের সমষ্টি।


৫.২.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়

নিম্নের সারণি-৫.২ এ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় উপস্থাপিত হয়েছে। জরিপের প্রাক্কলিত হিসাব হতে দেখা যায় যে সকল অভিবাসী কর্মীর গড়ে ৪ লক্ষ ১৭ হাজার টাকা নিয়োগ ব্যয় হয়েছে সেখানে পুরুষ কর্মীদের ব্যয় হয়েছে ৪ লক্ষ ৭১ হাজার টাকা এবং মহিলা কর্মীদের নিয়োগ ব্যয় হয়েছে ১.০ লক্ষ টাকা।

সারণি-৫.২ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়


অভিবাসী কর্মীদের লিঙ্গ	গড় নিয়োগ ব্যয় (টাকা)
পুরুষ	৪,৭১,৬৬৮
মহিলা	১,০০,১০২
মোট	৪,১৬,৭৮৯

লেখচিত্র-৫.২ এ উল্লিখিত পরিসংখ্যান অনুযায়ী নিয়োগ ব্যয়ের ক্ষেত্রে পুরুষ কর্মীদের প্রথম-চতুর্থক, মধ্যমা, ও তৃতীয়-চতুর্থক যথাক্রমে ৩ লক্ষ ৫০ হাজার টাকা, ৪ লক্ষ ৫০ হাজার টাকা ও ৬ লক্ষ টাকা। মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে তা যথাক্রমে ৩৩ হাজার, ৬৫ হাজার ও ১ লক্ষ ২০ হাজার টাকা। লেখচিত্রের লিঙ্গভিত্তিক নিয়োগ ব্যয় এর বিন্যাস হতে প্রতীয়মান হয় যে পুরুষের গড় নিয়োগ ব্যয় (৪ লক্ষ ৭১ হাজার টাকা) মহিলাদের নিয়োগ ব্যয়ের (১.০ লক্ষ টাকা) চারগুণেরও বেশি।



লেখচিত্র-৫.২ এ নিম্ন বা প্রথম-চতুর্থক মোট উপাত্তের ২৫ শতাংশ প্রতিনিধিত্ব করে, অর্থাৎ চিত্রের পুরুষ অভিবাসী কর্মীদের ২৫ শতাংশ কর্মীর নিয়োগ ব্যয় ৩ লক্ষ ৫০ হাজার টাকার কম। একই ভাবে, উচ্চতর বা তৃতীয়-চতুর্থক মোট উপাত্তের ৭৫ শতাংশ প্রতিনিধিত্ব করে, অর্থাৎ পুরুষ অভিবাসী কর্মীদের ক্ষেত্রে ৭৫ শতাংশ কর্মীর নিয়োগ ব্যয় ৬ লক্ষ টাকার কম। লেখচিত্রের বক্স এর মাঝখানে অবস্থিত কাল লাইনটি উপাত্তের মধ্যমা প্রকাশ করে যা পুরুষ কর্মীর ক্ষেত্রে ৪ লক্ষ ৫০ হাজার টাকা নির্দেশ করে।

লেখচিত্র-৫.৩ এ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়ের বিন্যাস লিঙ্গভেদে চিত্রিত হয়েছে। পুরুষ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়ের বিন্যাস প্রায় সুষম হলেও মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে ডানদিকে খুবই তীর্যক হিসেবে প্রতীয়মান হয়েছে।



উল্লিখিত লেখচিত্রে লালবর্ণের উল্লম্ব রেখা অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় নির্দেশ করে যা ৪ লক্ষ ১৭ হাজার টাকা, সোনালী বর্ণের উল্লম্ব রেখা মহিলা কর্মীদের গড় নিয়োগ ব্যয় ১ লক্ষ টাকা এবং কাল বর্ণের উল্লম্ব রেখা পুরুষ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় ৪ লক্ষ ৭১ হাজার টাকা নির্দেশ করে।

৫.২.২ অভিবাসী কর্মীদের দক্ষতাভেদে গড় নিয়োগ ব্যয়

সারণি-৫.৩ হতে দেখা যায় যে, অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় হয়েছে ৪ লক্ষ ১৭ হাজার টাকা, নিয়োগ ব্যয় পুরুষ কর্মীদের ৪ লক্ষ ৭১ হাজার টাকা এবং মহিলা কর্মীদের ১ লক্ষ টাকা।


সারণি-৫.৩: অভিবাসী কর্মীদের দক্ষতাভেদে গড় নিয়োগ ব্যয়

দক্ষতার ধরন	গড় নিয়োগ ব্যয় (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ কর্মী	৪,৪২,৫৯২	১,৮৯,৭৭২	৪,২৭,২১৭
অদক্ষ কর্মী	৪,৮২,৯৬২	২,১৯,৪৮৯	৪,৭৭,৯২৭
গৃহ কর্মী	৩,৫৩,০৩৭	৭৯,৬৪৫	১,১৮,৯৬৪
মোট	৪,৭১,৬৬৮	১,০০,১০২	৪,১৬,৭৮৯

দক্ষতাভেদে দেখা যায় যে, অদক্ষ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় সবচেয়ে বেশি (৪ লক্ষ ৭৮ হাজার টাকা); অতঃপর দক্ষ কর্মীদের নিয়োগ ব্যয়ের ক্ষেত্রে পুরুষ ও মহিলা কর্মীদের উল্লেখযোগ্য পার্থক্য বিদ্যমান রয়েছে।



লেখচিত্র-৫.৫ এ অভিবাসী কর্মীদের প্রতিটি দক্ষতা ধরনের জন্য নিয়োগ ব্যয় বিন্যাস চিত্রিত হয়েছে।



লেখচিত্র-৫.৫ হতে দক্ষতাভেদে গড় নিয়োগ ব্যয় এর বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লিখিত বক্স সমূহের নিম্ন-চতুর্থক মোট উপাত্তের ২৫.০ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্থক

মোট উপাত্তের ৭৫.০ শতাংশ প্রতিনিধিত্ব করে। বঙ্গসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাত্তের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বঙ্গই মোট উপাত্তের মধ্যম ৫০.০ শতাংশ উপাত্তের প্রতিনিধিত্ব করে।


৫.২.৩: অভিবাসী কর্মীদের বয়সভেদে গড় নিয়োগ ব্যয়

অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় ও কর্মীদের বয়স পারস্পরিক সম্পর্কিত, অর্থাৎ নিয়োগ ব্যয় বয়স বাড়ার সাথে বিপরীত আনুপাতিকভাবে সম্পর্কিত।

সারণি-৫.৪ অভিবাসী কর্মীদের বয়সভেদে গড় নিয়োগ ব্যয়

বয়সের শ্রেণি	গড় নিয়োগ ব্যয় (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
১৮-২৪	৪,৬৮,২৮৫	১,০৯,৫৪৩	৪,২৩,৪৩০
২৫-৩৪	৪,৮০,৭২১	১,০৬,৭৫৩	৪,৩১,৬৪৮
৩৫-৪৪	৪,৬৪,৬৯৯	৯২,৩০৯	৩,৯৭,১৪০
৪৫-৫৪	৪,৫০,৩১৯	৮৮,১৬৯	৩,৯০,৪৩৮
৫৫ +	৩,৫৯,৬৩১	৭৪,৩৯৭	৩,২২,১৬৩
জাতীয় পর্যায়ে	৪,৭১,৬৬৮	১,০০,১০২	৪,১৬,৭৮৯


সারণি-৫.৪ এ দেখা যাচ্ছে যে, মহিলা কর্মীদের গড় নিয়োগ ব্যয় পুরুষ কর্মীদের গড় নিয়োগ ব্যয়ের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। বয়সের ভেদে তুলনামূলকভাবে কম বয়সে নিয়োগ ব্যয় বেশি এবং বয়স বেশি হওয়ার সাথে নিয়োগ ব্যয় কমে আসে। পুরুষ কর্মীদের সবচেয়ে বেশি নিয়োগ ব্যয় লিপিবদ্ধ করা হয়েছে ২৫-৩৪ বছর বয়সের ক্ষেত্রে যেখানে মহিলা কর্মীদের ক্ষেত্রে ১৮-২৪ বছর বয়সে নিয়োগ ব্যয় সবচেয়ে বেশি ছিল।



লেখচিত্র- ৫.৬ অনুযায়ী পুরুষ কর্মীদের গড় নিয়োগ ব্যয়ের (৪ লক্ষ ৭১ হাজার টাকা) তুলনায় ৩৫ বছর ও তদুর্ধ্ব বয়সের ক্ষেত্রে পুরুষদের নিয়োগ ব্যয় কম। একইভাবে মহিলা কর্মীদের গড় নিয়োগ ব্যয়ের (১ লক্ষ টাকা) তুলনায় ৩৫ বছর ও তদুর্ধ্ব বয়সের ক্ষেত্রে মহিলা অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয় কম।

৫.২.৪ : গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়

লেখচিত্র-৫.৭ হতে গন্তব্য দেশভেদে গড় নিয়োগ ব্যয় এর বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লেখিত বক্স সমূহের নিম্ন-চতুর্থক মোট উপাত্তের ২৫.০ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্থক মোট উপাত্তের ৭৫.০ শতাংশ প্রতিনিধিত্ব করে। বক্সসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাত্তের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বক্সই মোট উপাত্তের মধ্যম ৫০.০ শতাংশ উপাত্তের প্রতিনিধিত্ব করে।




উপরের লেখচিত্র হতে দেখা যায় যে, প্রতিটি বক্সের নীচের দিকের হইসকার (Whisker) মোট উপাত্তের সর্বনিম্ন ২৫.০ শতাংশ উপাত্তের বিস্তৃতি প্রকাশ করে এবং উপরের দিকের হইসকার মোট উপাত্তের সর্বোচ্চ ২৫.০ শতাংশ উপাত্তের বিস্তৃতি প্রকাশ করে।

সারণি- ৫.৫ : গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়

গন্তব্য দেশ	গড় নিয়োগ ব্যয় (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
সৌদি আরব	৫,৪৭,৯৮৪	৭৬,৯৯৫	৪,৩৬,৩৬৬
ওমান	৩,৩১,৬৯১	৮২,১৯৬	৩,০৮,০৪৭
মালয়েশিয়া	৪,০৪,৭৭৪	২,৮৬,১৯২	৪,০৪,৪৪৮
কাতার	৪,২১,১৭৩	৬৭,৩১৮	৪,০২,৪৭৮
সিঙ্গাপুর	৫,৭৬,৭৬৩	১,৬৫,৪৮৯	৫,৭৪,২৪১
অন্যান্য দেশ	৫,১৮,৪৬৮	১,৪৫,৭৬০	৪,৩৬,৪৪৯
মোট	৪,৭১,৬৬৮	১,০০,১০২	৪,১৬,৭৮৯

অভিবাসী কর্মীদের গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় দেখা যায় যে সিঙ্গাপুর গমনে সর্বোচ্চ ৫ লক্ষ ৭৪ হাজার টাকা ব্যয় হয়েছে, অতঃপর, সৌদি আরব গমনে ৪ লক্ষ ৩৬ হাজার টাকা, অন্যান্য দেশ এ গমনে ৪ লক্ষ ৩৬ হাজার টাকা, মালয়েশিয়া গমনে ৪ লক্ষ ৪ হাজার টাকা, কাতার গমনে ৪ লক্ষ ২ হাজার টাকা এবং ওমান গমনে ৩ লক্ষ ৮ হাজার টাকা ব্যয় হয়েছে (সারণি-৫.৫)

নিম্নের লেখচিত্র-৫.৮ অনুযায়ী সিঙ্গাপুরে অভিবাসী কর্মী হিসেবে গমনে সর্বোচ্চ ৫ লক্ষ ৭৪ হাজার টাকা এবং ওমান গমনে সর্বনিম্ন ৩ লক্ষ ৮ হাজার টাকা গড় নিয়োগ ব্যয় হয়েছে। পুরুষ অভিবাসী কর্মীদের গড় নিয়োগ ব্যয়ের ক্ষেত্রে একই ধরনের ধারা পরিলক্ষিত হয়েছে।



মহিলা কর্মীদের ক্ষেত্রে সৌদি আরব, ওমান, মালয়েশিয়া, কাতার, সিঙ্গাপুর, ও অন্যান্য দেশ এ যথাক্রমে নিয়োগ ব্যয় হয়েছে ৭৭ হাজার, ৮২ হাজার, ২ লক্ষ ৮৬ হাজার, ৬৭ হাজার টাকা, ১ লক্ষ ৬৫ হাজার, ও ১ লক্ষ ৪৬ হাজার টাকা। মহিলা কর্মীদের নিয়োগ ব্যয় অনেক কম হওয়ার প্রধান কারণ হতে পারে যে প্রায় (৮৩.৪ শতাংশ) মহিলা গৃহকর্মী হিসেবে নিয়োজিত হয়েছেন।

৫.৩ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় - এক নজরে

অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ে বিদেশে চাকুরি নিশ্চিতকল্পে সকল ধরনের ব্যয় অন্তর্ভুক্ত হয়েছে। এ নিয়োগ ব্যয়ে অভিবাসী নিজে বা তার পরিবারের কোন সদস্য কর্তৃক বিদেশে চাকুরি, উপযুক্ত করা, চাকুরি নিশ্চিত করা পর্যন্ত এবং বিদেশে চাকুরিস্থলে পৌঁছানো পর্যন্ত সকল ব্যয়ের সমষ্টি হবে।

৫.৩.১ দক্ষতা ও গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় - এক নজরে

নিম্নের লেখচিত্র-৫.৯ এ অভিবাসী কর্মীদের লিঙ্গ দক্ষতা ও গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় চিত্রায়িত হয়েছে।



চিত্রানুযায়ী, সবুজ রংয়ের অনুভূমিক লাইনটি জাতীয় পর্যায়ে (সকল অভিবাসী কর্মীর) গড় নিয়োগ ব্যয় নির্দেশ করে যা ৪ লক্ষ ১৭ হাজার টাকা। সবুজ রংয়ের গোলাকার চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের লিঙ্গ নির্দেশ করে। পুরুষ কর্মী জাতীয় পর্যায়ে চেয়ে বেশি এবং মহিলা কর্মী জাতীয় পর্যায়ে চেয়ে কম নিয়োগ ব্যয় হয়ে থাকে।

কমলা রংয়ের ত্রিকোণাকৃতি চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের দক্ষতার ধরন নির্দেশ করে। দক্ষতাভেদে, অদক্ষ কর্মীদের নিয়োগ ব্যয় সর্বোচ্চ, অতঃপর দক্ষ কর্মীদের ব্যয়। গৃহকর্মীদের নিয়োগ ব্যয় জাতীয় পর্যায়ে নিয়োগ ব্যয়ের চেয়ে অনেক কম। হালকা নীল রংয়ের হীরক আকৃতির চিহ্নসমূহ গন্তব্যদেশ নির্দেশ করে। গন্তব্যদেশভেদে, সিঙ্গাপুরে গমনে সর্বোচ্চ নিয়োগ ব্যয় হয়েছে, অতঃপর যথাক্রমে অন্যান্য দেশ ও সৌদি আরব। মালয়েশিয়া, কাতার ও ওমানে গমনে নিয়োগ ব্যয় জাতীয় পর্যায়ে নিয়োগ ব্যয়ের তুলনায় কম ব্যয় হয়েছে।

৫.৩.২ অভিবাসী কর্মীদের বয়স ও শিক্ষাভেদে নিয়োগ ব্যয় - এক নজরে

নিম্নের লেখচিত্র-৫.১০ এ অভিবাসী কর্মীদের বয়স ও শিক্ষাভেদে নিয়োগ ব্যয় চিত্রায়িত হয়েছে।



লেখচিত্র-৫.১০ এ অভিবাসী কর্মীদের বয়স ও শিক্ষাগত যোগ্যতাভেদে নিয়োগ ব্যয় উপস্থাপিত হয়েছে। চিত্রে লাল রং অনুভূমিক লাইনটি জাতীয় পর্যায়ে গড় নিয়োগ ব্যয় নির্দেশ করে। বেগুনি রংয়ের ত্রিকোণাকৃতি চিহ্নসমূহ অভিবাসীদের বয়স নির্দেশ করে। বয়সভেদে, ২৫-৩৪ বছর বয়সের অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় সর্বোচ্চ, অতঃপর যাদের বয়স ১৮-২৪ বছর। অভিবাসী কর্মী যাদের বয়স ৩৫-৪৪, ৪৫-৫৪ এবং ৫৫+ বছর তাদের নিয়োগ ব্যয় জাতীয় পর্যায়ের গড় নিয়োগ ব্যয়ের চেয়ে কম। কমলা রংয়ের হীরক আকৃতির চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের শিক্ষাগত যোগ্যতা নির্দেশ করে। শিক্ষাগত যোগ্যতাভেদে, উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা সম্পন্নদের নিয়োগ ব্যয় সর্বোচ্চ, অতঃপর যথাক্রমে বিশ্ববিদ্যালয় পর্যায়, মাধ্যমিক ও অন্যান্য পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন কর্মীদের নিয়োগ ব্যয়। কর্মীদের মধ্যে যারা প্রাথমিক পর্যায় ও কোন শ্রেণি পাশ করেনি তাদের নিয়োগ ব্যয় জাতীয় পর্যায়ের গড় নিয়োগ ব্যয়ের চেয়ে কম এবং এর প্রধান কারণ হতে পারে যে এই দুটি শ্রেণির বেশির ভাগ অভিবাসী কর্মীই গৃহকর্মী হিসেবে নিয়োজিত।

৫.৪ অভিবাসী কর্মীদের মেডিকেল/জীবন বীমার অবস্থা


জরিপের ফলাফল অনুযায়ী (সারণি-৫.৬), অভিবাসী কর্মীদের মধ্যে মোট ১০ লক্ষ ২২ হাজার (৩৭.৫ শতাংশ) কর্মীর মেডিকেল/জীবন বীমা আছে। প্রায় অর্ধেক (৪৬.৫ শতাংশ) কর্মীর মেডিকেল/জীবন বীমা নেই এবং ১৬.০ শতাংশ কর্মীর মেডিকেল/জীবন বীমা আছে কিনা সে বিষয়ে অভিবাসী কর্মীগণ অবগত নছেন।

সারণি-৫.৬: অভিবাসী কর্মীদের মেডিকেল/জীবন বীমার অবস্থা

মেডিকেল/জীবন বীমার অবস্থা	অভিবাসী কর্মীদের লিঙ্গ		
	পুরুষ	মহিলা	মোট
মেডিকেল/জীবন বীমা রয়েছে	৯০০৯২৩	১২১৯৭৫	১০২২৮৯৮
	৩৮.৭	৩০.৩	৩৭.৫
মেডিকেল/জীবন বীমা নেই	১০৭০৯৯৩	১৯৮২৪১	১২৬৯২৩৪
	৪৬.১	৪৯.২	৪৬.৫
জানা নেই	৩৫৩৯০৩	৮২৮৩০	৪৩৬৭৩৪
	১৫.২	২০.৬	১৬.০
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫
	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৫.১১ অনুযায়ী, মহিলা ও পুরুষ অভিবাসী কর্মীর মেডিকেল/জীবন বীমার অবস্থায় দেখা যায় যে ৩৮.৭ শতাংশ পুরুষের এবং ৩০.৩ শতাংশ মহিলা অভিবাসী কর্মীর মেডিকেল/জীবন বীমা রয়েছে। সার্বিকভাবে, ৩৭.৫ শতাংশ অভিবাসীর বীমা সুবিধা রয়েছে। অভিবাসী কর্মীর মধ্যে প্রায় অর্ধেক (৪৬.৫ শতাংশ) কর্মীর বীমা সুবিধা নেই বলে প্রতীয়মান হয়েছে।

লেখচিত্র-৫.১১: লিঙ্গভেদে অভিবাসী কর্মীর মেডিকেল/জীবন বীমার অবস্থা



৫.৫ অভিবাসী কর্মীদের কর্ম ভিসার অবস্থা

অভিবাসী কর্মীদের কর্ম বা কাজের ভিসা হল বিদেশে কোন চাকুরি বা কাজের জন্য অনুমতি। জরিপের আওতায় উত্তরদাতাদের জিজ্ঞেস করা হয়েছিল যে অভিবাসী কর্মীর নিয়োগকারী/এজেন্সি কর্তৃক কর্ম ভিসার ব্যবস্থা করা হয়েছিল কিনা।

৫.৫.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীর কর্মভিসার অবস্থা

নিচের সারণি-৫.৭ অনুযায়ী অভিবাসী কর্মীদের নিয়োগকারী কর্তৃক ৮৪.৫ শতাংশ কর্মীদের কর্ম ভিসার ব্যবস্থা করা হয়েছিল, ১২.৮ শতাংশ কর্মভিসার ব্যবস্থা করা হয়নি এবং ৩.১ শতাংশ কর্ম ভিসার ব্যবস্থা করা হয়েছিল কিনা তা জানা নেই। অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে, ৯০.৬ শতাংশ মহিলা কর্মী ও ৮৩.৮ শতাংশ পুরুষ কর্মীর কর্ম ভিসার ব্যবস্থা নিয়োগকারী কর্তৃক করা হয়েছিল।

সারণি-৫.৭: লিঙ্গভেদে নিয়োগকারী কর্তৃক কর্ম ভিসার অবস্থা

কর্ম ভিসার অবস্থা	সংখ্যা			শতকরা হার		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
কর্ম ভিসার ব্যবস্থা করা হয়েছিল	১৯৪০৬১০	৩৬৫২৫৭	২৩০৫৮৬৮	৮৩.৮	৯০.৬	৮৪.৫
কর্ম ভিসার ব্যবস্থা করা হয়নি	৩১৮১১২	২০৭৫৫	৩৩৮৮৬৭	১৩.৭	৫.১	১২.৮
জানা নেই	৬৭০৯৬	১৭০৩৮	৮৪১৩০	২.৯	৪.২	৩.১
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

অভিবাসী কর্মীদের নিয়োগকারী কর্তৃক কর্ম ভিসা প্রদানে লিঙ্গভেদে পার্থক্য পরিলক্ষিত হয় যা মহিলা কর্মীদের ক্ষেত্রে ৯০.৬ শতাংশ এবং পুরুষের ক্ষেত্রে ৮৩.৮ শতাংশ। সার্বিকভাবে, মোট অভিবাসী কর্মীর ৮৪.৫ শতাংশ এর কর্ম ভিসা নিয়োগকারী কর্তৃক প্রদান করা হয়েছে (লেখচিত্র-৫.১২)।




৫.৫.২ দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের কর্ম ভিসার অবস্থা

নিম্নের সারণি-৫.৮ এ অভিবাসী কর্মীদের দক্ষতাভেদে নিয়োগকারী কর্তৃক কর্ম ভিসা প্রদানের পরিসংখ্যান উপস্থাপিত হয়েছে।

সারণি-৫.৮: দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের কর্ম ভিসার অবস্থা

দক্ষতার ধরন	কর্ম ভিসার অবস্থা			
	কর্ম ভিসার ব্যবস্থা করা হয়েছিল	কর্ম ভিসার ব্যবস্থা করা হয়নি	জানা নেই	মোট
দক্ষ কর্মী	৪৫০১৩০	৩৬৬৫২	১১৬৫৪	৪৯৮৪৩৬
	৯০.৩	৭.৪	২.৩	১০০.০
অদক্ষ কর্মী	১৫০৯৭৮৪	২৬৯৮০৫	৫৬৪৭৬	১৮৩৬০৬৫
	৮২.২	১৪.৭	৩.১	১০০.০
গৃহ কর্মী	৩৪৫৯৫৩	৩২৪১০	১৬০০০	৩৯৪৩৬৩
	৮৭.৭	৮.২	৪.১	১০০.০
মোট	২৩০৫৮৬৮	৩৩৮৮৬৭	৮৪১৩০	২৭২৮৮৬৫
	৮৪.৫	১২.৪	৩.১	১০০.০

লেখচিত্র-৫.১৩ হতে প্রতীয়মান হয় যে, অভিবাসী কর্মীদের মধ্যে দক্ষ কর্মীদের মধ্যে কর্ম ভিসা থাকার পরিমাণ সর্বোচ্চ (৯০.৩ শতাংশ) অদক্ষ কর্মীদের ক্ষেত্রে তা সর্বনিম্ন (৮২.২ শতাংশ)। গৃহকর্মীদের ক্ষেত্রে কর্ম ভিসা নিয়োগকারী কর্তৃক প্রদানের পরিমাণ ছিল ৮৭.৭ শতাংশ এবং সাকুল্যে ৮৪.৫ শতাংশ অভিবাসী কর্মীর কর্ম ভিসা নিয়োগকারী কর্তৃক প্রদান করা হয়েছিল।



৫.৬ অভিবাসী কর্মীদের ঋণ, পরিশোধ ও বাজেয়াপ্ত অবস্থা


বাজেয়াপ্তকরণ বলতে অত্র জরিপে অভিবাসী কর্মী কর্তৃক কোন সম্পত্তি যা জামানতের বিপরীতে ঋণ পরিশোধ ব্যর্থতায় হাস পাওয়া বুঝাবে। চুক্তির শর্তানুযায়ী অভিবাসী কর্মী ঋণ পরিশোধে ব্যর্থ হলে তার আওতায় কোন সম্পত্তি বা অর্থের মালিকানা হারানো হয়ে থাকে।

৫.৬.১ লিঙ্গভেদে ঋণ এর অবস্থা

সারণি-৫.৯ লিঙ্গভেদে অভিবাসী কর্মী কর্তৃক বিদেশে চাকুরির নিয়োগ ব্যয় এর জন্য ঋণ এর অবস্থা প্রতিফলিত হয়েছে।


সারণি-৫.৯: বিদেশে চাকুরির নিয়োগ ব্যয় এর জন্য লিঙ্গভেদে ঋণ এর অবস্থা						
নিয়োগ ব্যয় এর জন্য ঋণ এর অবস্থা	সংখ্যা			শতকরা হার		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
হ্যাঁ	১৮৯১৮২৪	২২৫৭৩১	২১১৭৫৫৫	৮১.৩	৫৬.০	৭৭.৬
না	৪২৪১৯৩	১৭৩০৭৫	৫৯৭২৬৮	১৮.২	৪২.৯	২১.৯
জানা নেই	৯৮০২	৪২৩৯	১৪০৪১	০.৪	১.১	০.৫
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৭	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৫.১৪ অনুযায়ী, অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় বহনের জন্য অর্থ ঋণ এর পরিসংখ্যান থেকে জানা যায় যে পুরুষ কর্মীদের মধ্যে সর্বোচ্চ ৮১.৩ শতাংশ কর্মী ঋণ করেছেন যা মহিলা কর্মীদের ক্ষেত্রে ৫৬.০ শতাংশ। সার্বিকভাবে, মোট অভিবাসী কর্মীদের মধ্যে ৭৭.৬ শতাংশ কর্মী ঋণ করেছেন, ২১.৯ শতাংশ কর্মী নিয়োগ ব্যয় মিটানোর জন্য কোনরূপ অর্থ ঋণ করেননি।



৫.৬.২ নিয়োগ ব্যয় মিটানোর জন্য ঋণ এর উৎস

নিম্নের লেখচিত্রে-৫.১৫ এ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয় মিটানোর জন্য ঋণকৃত অর্থের উৎস এর বিন্যাস উপস্থাপিত হয়েছে। চিত্র হতে এটি পরিষ্কার যে, বন্ধু/আত্মীয়স্বজন ছিল ঋণ এর প্রধানতম উৎস (৪১.৫ শতাংশ) অতঃপর পরিবারের সদস্য ২৮.২ শতাংশ এনজিও ২০.৫ শতাংশ, মহাজন ১৫.৩ শতাংশ এবং জমি/বন্ধক ১৪.৪ শতাংশ।




৫.৬.৩ লিঙ্গভেদে ঋণকৃত অর্থ পরিশোধের ধরন

সারণি-৫.১০ এ অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে নিয়োগ ব্যয় মিটানোর জন্য ঋণকৃত অর্থ পরিশোধের ধরনের বিন্যাস উপস্থাপিত হয়েছে। ঋণ গ্রহণকৃত কর্মীদের মধ্যে ২৮.২ শতাংশ কর্মী সুনির্দিষ্ট সুদের হার সহ পরিশোধ করেছেন, ৩২.৭ শতাংশ কর্মী ঋণকৃত মূল অর্থের সাথে অতিরিক্ত নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করেছেন এবং ৫.৬ শতাংশ কর্মী অতিরিক্ত নির্দিষ্ট পরিমাণ অর্থ ও সুদের হার উভয়সহ ঋণকৃত অর্থ পরিশোধ করেছেন।

সারণি-৫.১০: অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে ঋণকৃত অর্থ পরিশোধের ধরন

অর্থ পরিশোধের ধরন	সংখ্যা			শতকরা হার		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
সুনির্দিষ্ট সুদের হার	৫৪১৫০৫	৫৫৩৮৭	৫৯৬৮৯২	২৮.৬	২৪.৫	২৮.২
অতিরিক্ত নির্দিষ্ট পরিমাণ অর্থ	৬১৫৬০৪	৭৭০৫৬	৬৯২৬৬০	৩২.৫	৩৪.১	৩২.৭
উভয়ই (অতিরিক্ত নির্দিষ্ট পরিমাণ অর্থ ও সুনির্দিষ্ট সুদের হার)	১১৩৬৮৮	৫১৯৭	১১৮৮৮৬	৬.০	২.৩	৫.৬
ঋণকৃত অর্থের অতিরিক্ত পরিশোধ করার প্রয়োজন হয় নি	৫৭১১৯১	৮০৮৯৩	৬৫২০৮৪	৩০.২	৩৫.৮	৩০.৮
জানা নেই	৪৯৮৩৬	৭১৯৮	৫৭০৩৪	২.৬	৩.২	২.৭
মোট	১৮৯১৮২৪	২২৫৭৩১	২১১৭৫৫৫	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৫.১৬ এ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের ঋণকৃত অর্থ পরিশোধের অনুপাত উপস্থাপিত হয়েছে। চিত্রানুযায়ী এটি প্রতীয়মান হয় যে, ৩০.২ শতাংশ পুরুষ এবং ৩৫.৮ শতাংশ মহিলা কর্মীর ক্ষেত্রে ঋণকৃত অর্থের অতিরিক্ত পরিশোধ করার প্রয়োজন হয়নি।



৫.৬.৪ লিঙ্গভেদে ঋণকৃত অর্থ পরিশোধ ব্যর্থতায় জামানত বাজেয়াপ্তের অবস্থা

অভিবাসী কর্মীদের জামানত বাজেয়াপ্তকরণ বলতে কোন সম্পত্তি বা জামানতের বিপরীতে ঋণকৃত অর্থ পরিশোধে ব্যর্থতায় সম্পত্তি বা জামানত হারানোকে বুঝায়। ঋণের চুক্তি অনুযায়ী অভিবাসী কর্মী ঋণ পরিশোধে ব্যর্থ হলে তার আওতায় কোন সম্পত্তি বা অর্থের মালিকানা হারিয়ে থাকেন।

লেখচিত্র-৫.১৭ অনুযায়ী পুরুষ অভিবাসী কর্মী যারা নিয়োগ ব্যয় মিটানোর জন্য ঋণ করেছিলেন তাদের প্রায় ১২.৫ শতাংশ কর্মী ঋণকৃত অর্থ পরিশোধে ব্যর্থতায় জামানতের মালিকানা হারিয়েছিলেন। মহিলা কর্মীর ক্ষেত্রে জামানতের মালিকানা হারানোর হার তুলনামূলকভাবে বেশি যা ১৬.০ শতাংশ। সার্বিকভাবে, অভিবাসী কর্মী যারা নিয়োগ ব্যয় মিটানোর জন্য অর্থ ঋণ করেছিলেন তাদের ১২.৭ শতাংশ অর্থ পরিশোধে ব্যর্থতার কারণে সম্পত্তি বা জামানতের মালিকানা হারিয়েছিলেন।



অধ্যায় ৬

আয় - বেতন / মজুরি এবং অন্যান্য সুবিধাদি



বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে অভিবাসী কর্মীর বিদেশে কর্মসংস্থান হতে আয় (বেতন/মজুরি এবং অন্যান্য সুবিধাদি), লিঙ্গ, বয়স, দক্ষতা ও প্রধান গন্তব্য দেশভেদে মাসিক গড় বেতন/মজুরি, পারিশ্রমিক এর ধরন ইত্যাদি তথ্য উপস্থাপিত হয়েছে।

অধ্যায় ৬: বেতন/মজুরি এবং অন্যান্য সুবিধাদি

- | | |
|-----|---|
| ৬.১ | অভিবাসী কর্মীদের লিখিত চুক্তির অবস্থা |
| ৬.২ | অভিবাসী কর্মীদের লিখিত চুক্তিতে উল্লিখিত বেতন/মজুরির অবস্থা |
| ৬.৩ | চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরির অবস্থা |
| ৬.৪ | মাসিক উপার্জিত গড় বেতন/মজুরি |
| ৬.৫ | ১ম তিন মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি |
| ৬.৬ | ১২ তম মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি |
| ৬.৭ | বেতন/ মজুরী হতে কর্তন |
| ৬.৮ | এক নজরে মাসিক গড় আয় |

অধ্যায় ৬

আয় - বেতন / মজুরি এবং অন্যান্য সুবিধাদি

অভিবাসী কর্মীর বিদেশে চাকুরি হতে আয় (বেতন/মজুরি এবং অন্যান্য সুবিধাদি), লিঙ্গ, বয়স, দক্ষতা ও প্রধান গন্তব্য দেশভেদে মাসিক গড় বেতন/মজুরি, পারিশ্রমিক এর ধরন ইত্যাদি তথ্য এ অধ্যায়ে উপস্থাপিত হয়েছে। জরিপটিতে সকল বেতনভোগী অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি, চাকুরির প্রথম বৎসরের ১ম তিনমাসের মোট বেতন/মজুরি এবং ১২-তম মাসের বেতন/মজুরির তথ্য সংগ্রহ করা হয়েছে। বেতন/মজুরি ছাড়াও প্রাপ্ত অন্যান্য সকল ধরনের সুবিধাদির তথ্যাদি সংগৃহীত হয়েছে।

৬.১ অভিবাসী কর্মীদের চুক্তির অবস্থা

চুক্তি বলতে একজন অভিবাসী কর্মীর সাথে গন্তব্যদেশের নিয়োগকারী এজেন্সির এর স্বাক্ষরিত সমঝোতা। এর মাধ্যমে কর্মী ও নিয়োগকারী প্রতিষ্ঠান এ দুই পক্ষের মধ্যে অভিবাসী কর্মীর অধিকার ও দায়-দায়িত্ব প্রতিষ্ঠা পেয়ে থাকে। এ চুক্তির মধ্যে প্রতিষ্ঠানের বর্ণনা, অভিবাসী কর্মীর পেশা, কাজের বর্ণনা, সচরাচর শ্রমঘন্টা, কাজের ধরন, বেতন/মজুরি ইত্যাদি বিষয় উল্লেখিত রয়েছে।


৬.১.১ লিঙ্গভেদে চুক্তির অবস্থা

সারণি-৬.১ হতে প্রতীয়মান হয় যে, ২০১৫-২০১৮ সালের মধ্যে মোট ২.৭৩ মিলিয়ন অভিবাসী কর্মীর মধ্যে ১.২৮ মিলিয়ন কর্মীর (৪৬.৯ শতাংশ) সাথে নিয়োগকারী/এজেন্সির সাথে চুক্তি রয়েছে, ১.২১ মিলিয়ন (৪১.০ শতাংশ) কর্মীর কোন চুক্তি নেই এবং ১২.১ শতাংশ কর্মীর এতদসংক্রান্ত চুক্তি রয়েছে কিনা তা জানা নেই।

সারণি-৬.১ লিঙ্গভেদে নিয়োগকারী/এজেন্সির সাথে অভিবাসী কর্মীর চুক্তির অবস্থা

চুক্তির অবস্থা	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
চুক্তি ছিল	১১২২৪৬৫	১৫৮৫৮৭	১২৮১০৫১	৪৮.৩	৩৯.৩	৪৬.৯
চুক্তি ছিল না	৯৩৭৬২৭	১৮১৩৩২	১১১৮৯৫৯	৪০.৩	৪৫.০	৪১.০
জানা নেই	২৬৫৭২৭	৬৩১২৮	৩২৮৮৫৪	১১.৪	১৫.৭	১২.১
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০

প্রায় অর্ধেক অভিবাসী কর্মীর (৪৬.৯ শতাংশ) গন্তব্যদেশে যাওয়ার পূর্বে চুক্তি ছিল। কিন্তু এ চুক্তির ক্ষেত্রে লিঙ্গ ভিত্তিক অনেক ভিন্নতা রয়েছে। প্রায় অর্ধেক (৪৮.৩ শতাংশ) পুরুষ অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তি রয়েছে যেখানে মাত্র ৩৯.৩ শতাংশ মহিলা অভিবাসী কর্মীর চুক্তি রয়েছে।



লেখচিত্র-৬.১ অভিবাসী কর্মীর লিঙ্গভিত্তিক চুক্তির অবস্থার বিন্যাস প্রকাশ করে। চিত্র থেকে এটি প্রমাণিত হয় যে, চুক্তিতে লিঙ্গভেদে উল্লেখযোগ্য পার্থক্য বিদ্যমান রয়েছে।

৬.১.২ দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তির অবস্থা

অভিবাসী কর্মীর দক্ষতার ধরনের সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তির অবস্থা নিবিড়ভাবে সম্পর্কিত। অভিবাসী কর্মীদের চুক্তির অবস্থার বিন্যাস তাদের দক্ষতাভেদে সারণি-৬.২ এ বিবৃত হয়েছে।

সারণি-৬.২: দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তির অবস্থা

দক্ষতার ধরন	চুক্তির অবস্থা			
	চুক্তি ছিল	চুক্তি ছিল না	জানা নেই	মোট
দক্ষ	৩৪৮৪৫১	১০০৯৬৯	৪৯০১৭	৪৯৮৪৩৭
	৬৯.৯	২০.৩	৯.৮	১০০.০
অদক্ষ	৭৯৬৪৩৩	৮১৬৫২১	২২৩১১২	১৮৩৬০৬৫
	৪৩.৪	৪৪.৫	১২.২	১০০.০
গৃহকর্মী	১৩৬১৬৮	২০১৪৬৯	৫৬৭২৬	৩৯৪৩৬৩
	৩৪.৫	৫১.১	১৪.৪	১০০.০
মোট	১২৮১০৫১	১১১৮৯৫৯	৩২৮৮৫৫	২৭২৮৮৬৫
	৪৬.৯	৪১.০	১২.১	১০০.০

লেখচিত্র-৬.২ হতে দেখা যায় যে, দক্ষতাভেদে দু-তৃতীয়াংশের বেশি (৬৬.৯ শতাংশ) দক্ষ অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তি রয়েছে। গন্তব্যদেশে যাওয়ার পূর্বে অদক্ষ কর্মীর (৪৩.৪ শতাংশ) এবং গৃহকর্মীর (৩৪.৫ শতাংশ) অভিবাসী কর্মীর চুক্তি ছিল। মোট অভিবাসী কর্মীর ৪৬.৯ শতাংশের সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তি ছিল।



৬.১.৩ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তির অবস্থা

সারণি-৬.৩ পর্যালোচনা করে দেখা যায় যে, অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তিতে গন্তব্যদেশের সাথে চুক্তির মাত্রার একটি নিবিড় সম্পর্ক বিদ্যমান এবং গন্তব্য দেশভেদে এ চুক্তির মাত্রায় যথেষ্ট পার্থক্য রয়েছে। গন্তব্যদেশ একটি নিবিড় সম্পর্ক বিদ্যমান এবং দেশভেদে এ চুক্তির ব্যাপকতায় যথেষ্ট পার্থক্য পরিলক্ষিত হয়েছে।

সারণি-৬.৩: গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তির অবস্থা

গন্তব্যদেশ	চুক্তির অবস্থা			
	হ্যাঁ	না	জানা নেই	মোট
সৌদিআরব	৩৪৫৭৬২	৪২২৬৬০	১২৫৫৬৪	৮৯৩৯৮৬
	৩৮.৭	৪৭.৩	১৪.১	১০০.০
ওমান	১৩৪১৩১	২৩৫১২৯	৪৭২৪৯	৪১৬৫১০
	৩২.২	৫৬.৫	১১.৩	১০০.০
মালয়েশিয়ায়	১৫১৩৫৫	১২২৭১৪	৩৬৩৩০	৩১০৩৯৯
	৪৮.৮	৩৯.৫	১১.৭	১০০.০
কাতার	১৫৬৬৯৬	১৬৫৮৯২	৩০৬০০	৩৫৩১৮৮
	৪৪.৪	৪৭.০	৮.৭	১০০.০
সিঙ্গাপুর	১৩৪৭০৯	৪৪২৭	১৯৩৩৭	১৫৮৪৭২
	৮৫.০	২.৮	১২.২	১০০.০
অন্যান্য দেশ	৩৫৮৩৯৯	১৬৮১৩৭	৬৯৭৭৫	৫৯৬৩১০
	৬০.১	২৮.২	১১.৭	১০০.০
মোট	১২৮১০৫১	১১১৮৯৫৯	৩২৮৮৫৫	২৭২৮৮৬৫
	৪৬.৯	৪১.০	১২.১	১০০.০

লেখচিত্র-৬.৩ হতে প্রতীয়মান হয় যে, অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সির সবচাইতে বেশি (৮৫.০ শতাংশ) চুক্তি স্বাক্ষরিত হয়েছে সিঙ্গাপুরে, তারপর অন্যান্য দেশ সমূহে ৬০.১ শতাংশ, মালয়েশিয়ায় ৪৮.৮ শতাংশ, কাতারে ৪৪.৪ শতাংশ, সৌদি আরবে ৩৮.৭ শতাংশ এবং ওমানে ৩২.২ শতাংশ। সবচেয়ে কম চুক্তি স্বাক্ষরিত হয়েছে ওমানে যাওয়া অভিবাসী কর্মীর সাথে যা মাত্র ৩২.২ শতাংশ।




৬.২ অভিবাসী কর্মীদের সাথে স্বাক্ষরিত চুক্তিতে উল্লিখিত বেতন/মজুরির অবস্থা

সারণি-৬.৪ হতে দেখা যায় যে মোট ১.২৮ মিলিয়ন অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী এজেন্সির চুক্তি হয়েছে যেখানে ৯০.০ শতাংশ মহিলা অভিবাসী কর্মী জানান যে চুক্তিতে বেতন/মজুরির বিষয় উল্লেখ রয়েছে। অপরদিকে প্রায় অর্ধেক (৪৫.৬ শতাংশ) পুরুষ অভিবাসী কর্মী অবহিত করেন যে, স্বাক্ষরিত চুক্তিতে বেতন/মজুরির বিষয় উল্লেখ ছিল।

সারণি-৬.৪: অভিবাসী কর্মীর সাথে স্বাক্ষরিত চুক্তিতে লিখাভেদে বেতন/মজুরির অবস্থা

চুক্তিতে বেতন/মজুরির অবস্থা	সংখ্যা			শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
চুক্তিতে বেতন/মজুরির উল্লেখ রয়েছে	৫১২২৫২	১৪২৭০২	৬৫৪৯৫৪	৪৫.৬	৯০.০	৫১.১
চুক্তিতে বেতন/মজুরির উল্লেখ নেই	২৩৯১৬৬	৩০৬৬	২৪২২৩২	২১.৩	১.৯	১৮.৯
জানা নেই	৩৭১০৪৬	১২৮১৯	৩৮৩৮৬৫	৩৩.১	৮.১	৩০.০
মোট	১১২২৪৬৫	১৫৮৫৮৭	১২৮১০৫১	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৬.৪ হতে প্রতীয়মান হয় যে, অভিবাসী কর্মীর যাদের নিয়োগকারী/এজেন্সির সাথে চুক্তি রয়েছে তাদের অর্ধেকেরও বেশি (৫১.১ শতাংশ) চুক্তিতে বেতন/মজুরির বিষয় উল্লেখ রয়েছে। অভিবাসী কর্মীর ১৮.৯ শতাংশ চুক্তিতে বেতন/মজুরির বিষয় উল্লেখ নেই এবং ৩০.০ শতাংশ সম্পাদিত চুক্তিতে বেতন/মজুরির বিষয় উল্লেখ রয়েছে কিনা সে বিষয়ে জানা নেই মর্মে অবহিত করেন।




৬.৩ চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরির অবস্থা

চাকুরি সংক্রান্ত আয়ে কাজের বিনিময়ে অভিবাসী কর্মী বা তার পরিবার কর্তৃক নগদ বা সেবা সংক্রান্ত পারিশ্রমিক গ্রহণ করাকে বুঝানো হয়েছে। এক্ষেত্রে, প্রধান কাজের বিনিময়ে অভিবাসী কর্মী কর্তৃক চুক্তিতে উল্লিখিত আয় (বেতন/মজুরি) সম্পর্কিত তথ্য বিশ্লেষণ করা হয়েছে। যদি কাজের বিনিময়ে আয় মাসিক ভিত্তিতে প্রদান না করা হয়ে থাকে তবে তা মাসিক ভিত্তিতে রূপান্তর করা হয়েছে।

৬.৩.১ লিঙ্গভেদে চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরি

অভিবাসী কর্মীর সাথে নিয়োগকারী/এজেন্সি কর্তৃক স্বাক্ষরিত চুক্তিতে বেতন/মজুরির বিন্যাস নিম্নরূপে লেখচিত্র-৬.৫ এ উপস্থাপন করা হয়েছে।



লেখচিত্র-৬.৫ এ প্রতিফলিত হয়েছে যে, পুরুষ অভিবাসী কর্মীদের চুক্তিতে উল্লিখিত মাসিক বেতন/মজুরির প্রথম-চতুর্থক, মধ্যমা ও তৃতীয়-চতুর্থক যথাক্রমে ২২.০ হাজার, ৩০.০ হাজার ও ৪০.০ হাজার টাকা। মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে তা যথাক্রমে ১৭.০ হাজার, ১৯.০ হাজার ও ২০.০ হাজার টাকা। উপরে উল্লিখিত লেখচিত্রের মাসিক বেতন/মজুরির বিন্যাস থেকে এটি পরিষ্কার যে মহিলা অভিবাসীর চাইতে পুরুষ অভিবাসী কর্মীদের চুক্তিতে উল্লিখিত মাসিক বেতন/মজুরি অনেক বেশি।


৬.৩.২ দক্ষতাভেদে চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরির অবস্থা

সারণি-৬.৫ এ উপস্থাপিত হয়েছে যে, অভিবাসী কর্মীদের সাথে নিয়োগকারী/এজেন্সির চুক্তিতে মাসিক গড় বেতন/মজুরি ২৯,৮৫৫ টাকা। পুরুষ কর্মীদের ক্ষেত্রে ৩২,৫৪২ টাকা ও মহিলাদের ক্ষেত্রে মাসিক গড় বেতন/মজুরি ২০,২১১ টাকা যা পুরুষ কর্মীদের তুলনায় উল্লেখযোগ্যভাবে অনেক কম। দক্ষ অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি সবচেয়ে বেশি যা ৩৪,৭৩৪ টাকা, তারপর অদক্ষ কর্মীদের ৩২,০৫৪ টাকা এবং গৃহকর্মীদের ক্ষেত্রে সবচেয়ে কম যা মাত্র ১৮,৬০৯ টাকা। মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রেও দক্ষতাভেদে একই ধরনের ধারা পরিলক্ষিত হয়েছে।

সারণি-৬.৫: দক্ষতাভেদে চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরি

দক্ষতার ধরন	টাকা		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৩৫,৪০৮	৩০,৩৩০	৩৪,৭৩৪
অদক্ষ	৩২,২৮৩	২৪,৯০৩	৩২,০৫৪
গৃহকর্মী	১৯,৯৮৮	১৮,৪৬১	১৮,৬০৯
মোট	৩২,৫৪২	২০,২১১	২৯,৮৫৫

নিম্নে বক্স-প্লট এ অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে প্রতিটি দক্ষতার ধরন অনুযায়ী চুক্তিতে উল্লিখিত বেতন/মজুরির বিন্যাস উপস্থাপিত হয়েছে। লেখচিত্র-৬.৬ অনুযায়ী মহিলা-পুরুষ অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির পরিমাণে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়েছে।




লেখচিত্র-৬.৬ হতে দক্ষতাভেদে গড় অভিবাসী কর্মীদের চুক্তি মোতাবেক মাসিক গড় বেতন/মজুরির বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লেখিত বক্স সমূহের নিম্ন-চতুর্থাংশ মোট উপাঙের ২৫.০ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্থাংশ মোট উপাঙের ৭৫.০ শতাংশ প্রতিনিধিত্ব করে। বক্সসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাঙের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বক্সই মোট উপাঙের মধ্যম ৫০.০ শতাংশ উপাঙের প্রতিনিধিত্ব করে।

৬.৩.৩ গন্তব্য দেশভেদে চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরি

সারণি-৬.৬ অনুযায়ী অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি চুক্তি মোতাবেক ২৯,৮৫৫ টাকা। লিঙ্গভেদে, মাসিক গড় বেতন/মজুরিতে অনেক পার্থক্য পরিলক্ষিত হয়। মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে মাসিক গড় বেতন/মজুরি ২০,২১১ টাকা এবং তা পুরুষ কর্মীদের ক্ষেত্রে ৩২,৫৪২ টাকা। নিচের সারণিতে অভিবাসী কর্মীদের প্রধান গন্তব্যদেশ ও লিঙ্গভেদে চুক্তিতে উল্লিখিত মাসিক গড় বেতন/মজুরি পরিমাণ উপস্থাপিত হয়েছে।

সারণি-৬.৬: গন্তব্য দেশভেদে চুক্তি মোতাবেক মাসিক গড় বেতন/মজুরি			
গন্তব্যদেশ	টাকা		
	পুরুষ	মহিলা	মোট
সৌদি আরব	২৯,৮৪৯	১৯,৫২২	২৬,১৮০
ওমান	২৮,৪১৩	১৯,১৩০	২৭,০১৭
মালয়েশিয়া	২৯,৭৪৫	২৫,০০০	২৭,৭২৩
কাতার	৩০,২০৮	১৮,১৭০	২৪,১৭৮
সিঙ্গাপুর	৪৭,১১০	১৮,০০০	৪৬,৮৯৫
অন্যান্য দেশ	৩৪,১৫০	২১,৮৮৮	৩০,৪৩৯
মোট	৩২,৫৪২	২০,২১১	২৬,৮৫৫

নিম্নে লেখচিত্র-৬.৭ এ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি চিত্রায়িত হয়েছে। গন্তব্যদেশ সমূহের মধ্যে সিঙ্গাপুরে অভিবাসী কর্মীদের মাসিক বেতন/মজুরি সবচেয়ে বেশি যা ৪৬,৮৯৫ টাকা। এটি অভিবাসী কর্মীদের জাতীয় গড় ২৯,৮৫৫ টাকার চাইতে উল্লেখযোগ্যভাবে বেশি। অপরদিকে সৌদি আরবে অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি সবচেয়ে কম যা মাত্র ২৬,১৮০ টাকা।



৬.৪ অভিবাসী কর্মীদের উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের সময় উত্তরদাতাদের নিকট হতে তিনটি কাঠামোবদ্ধ ফরমেটে অভিবাসী কর্মীদের বেতন/মজুরি তথ্য সংগৃহীত হয়েছে (ক) মাসিক গড় বেতন/মজুরি তথ্য (খ) চাকুরির প্রথম বৎসরের ১ম তিন মাসের বেতন/মজুরি তথ্য এবং (গ) চাকুরির প্রথম বৎসরের ১২ তম মাসের বেতন/মজুরির তথ্য।

৬.৪.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

নিম্নের লেখচিত্র-৬.৮ এ অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি চিত্রায়িত হয়েছে।



লেখচিত্র-৬.৮ হতে প্রতীয়মান হয় যে অভিবাসী পুরুষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ২৭.০ হাজার টাকা যেখানে মহিলাদের গড় বেতন/মজুরি হল ১৮.০ হাজার টাকা। পুরুষ কর্মীদের মাসিক বেতন/মজুরির প্রথম-চতুর্থক, মধ্যমা ও তৃতীয়-চতুর্থক যথাক্রমে ২০.০ হাজার, ২৫.০ হাজার ও ৩০.০ হাজার টাকা। মহিলাদের ক্ষেত্রে তা যথাক্রমে ১৫.০ হাজার, ১৭.০ হাজার ও ২০.০ হাজার টাকা। উপরের লেখচিত্র হতে এটি দৃশ্যমান যে মহিলা ও পুরুষ অভিবাসী কর্মীদের মধ্যে বেতন/মজুরির পার্থক্য অনেক অর্থাৎ পুরুষদের বেতন/মজুরি মহিলা কর্মীদের বেতন/মজুরির তুলনায় অনেক বেশি।


৬.৪.২ দক্ষতাভেদে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

সারণি-৬.৭ এ উল্লিখিত জরিপের প্রাক্কলন অনুযায়ী অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ছিল ২৫,২৫৩ টাকা, পুরুষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ২৬,৬২৮ টাকা এবং মহিলা কর্মীদের মাত্র ১৭,৩০২ টাকা। দক্ষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ৩০,৫৬১ টাকা, অতপরঃ অদক্ষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ২৫,৭০০ টাকা এবং গৃহকর্মীদের ক্ষেত্রে বেতন/মজুরি ছিল ১৬,৪৬৭ টাকা। দক্ষতাভেদে পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের বেতন/মজুরির উল্লেখযোগ্য পার্থক্য রয়েছে। অপরদিকে গৃহকর্মীদের ক্ষেত্রে পুরুষ ও মহিলাকর্মীদের বেতন/মজুরি পার্থক্য কম যা যথাক্রমে ১৭,৭১২ টাকা ও ১৬,২৫৭ টাকা।

সারণি-৬.৭: দক্ষতাভেদে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি


দক্ষতার ধরন	টাকা		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৩০,৬৭১	২৮,৮৭৫	৩০,৫৬১
অদক্ষ	২৫,৮৬১	১৭,৩৬৭	২৫,৭০০
গৃহকর্মী	১৭,৭১২	১৬,২৫৭	১৬,৮৬৭
মোট	২৬,৬২৮	১৭,৩০২	২৫,২৫৩

লেখচিত্র-৬.৯ এ দক্ষতার ধরনভেদে মহিলা-পুরুষ অভিবাসী কর্মীর মাসিক গড় বেতন/মজুরি বিন্যাস উপস্থাপিত হয়েছে। লেখচিত্র-৬.৯ হতে দক্ষতাভেদে গড় অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লেখিত বক্স সমূহের নিম্ন-চতুর্ধক মোট উপাঙের ২৫.০ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্ধক মোট উপাঙের ৭৫.০ শতাংশ প্রতিনিধিত্ব করে। বক্সসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাঙের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বক্সই মোট উপাঙের মধ্যমা ৫০.০ শতাংশ উপাঙের প্রতিনিধিত্ব করে।



৬.৪.৩ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

লেখচিত্র-৬.১০ এ নির্দেশিত মাসিক গড় বেতন/মজুরি অনুযায়ী অভিবাসী কর্মীদের যারা সৌদিআরবে কাজ করছিলেন তাদের মাসিক গড় বেতন/মজুরি ছিল ২৩.৮ হাজার টাকা, পুরুষ কর্মীদের ২৫.৮ হাজার ও মহিলা কর্মীদের ১৭.৩ হাজার টাকা। ওমানের কর্মীদের মধ্যে পুরুষদের মাসিক গড় বেতন/মজুরি ছিল ২২.০ হাজার টাকা এবং মহিলা কর্মীদের ছিল ১৫.৯ হাজার টাকা। মালয়েশিয়ার ক্ষেত্রে, পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ছিল যথাক্রমে ২৫.৬ হাজার ও ২২.৮ হাজার টাকা। কাতারে, পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ছিল যথাক্রমে ২৫.৪ হাজার ও ১৬.৮ হাজার টাকা। ওমানে, পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ছিল যথাক্রমে ২২.০ হাজার ও ১৫.৯ হাজার টাকা। অভিবাসী কর্মীদের সর্বোচ্চ মাসিক গড় আয় ছিল সিঙ্গাপুরে ৩৯.৯ হাজার টাকা, পুরুষ কর্মীদের ৪০.০ হাজার এবং মহিলা কর্মীদের ছিল ২২.০ হাজার টাকা।




পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি যথাক্রমে ২৭.০ হাজার ও ১৮.০ হাজার টাকা। সার্বিকভাবে, একজন অভিবাসী কর্মীর মাসিক গড় বেতন/মজুরি ছিল ২৫.৬ হাজার টাকা।

৬.৫ অভিবাসী কর্মীদের ১ম তিন মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

জরিপের মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহের সময় উত্তরদাতাদের নিকট হতে তিনটি কাঠামোবদ্ধ ফরমেটে অভিবাসী কর্মীদের বেতন/মজুরি তথ্য সংগৃহীত হয়েছেঃ (ক) মাসিক গড় বেতন/মজুরি তথ্য (খ) চাকুরির প্রথম বৎসরের ১ম তিন মাসের বেতন/মজুরি তথ্য এবং (গ) চাকুরির ১ম বৎসরের ১২-তম মাসের বেতন/মজুরির তথ্য।

৬.৫.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের ১ম তিন মাসের মাসিক গড় বেতন/মজুরি

নিম্নের লেখচিত্র-৬.১১ এ অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির (যা ঐ কর্মীর ১ম তিন মাসের মোট বেতন/মজুরির মাসিক গড় হিসাব) বিন্যাস চিত্রিত হয়েছে। লেখচিত্রে অভিবাসী পুরুষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির প্রথম চতুর্থক, মধ্যমা, তৃতীয় চতুর্থক ও গড় যথাক্রমে ২০.০ হাজার, ২৫.০ হাজার, ৩০.০ হাজার ও ২৭.০ হাজার টাকা। যা মহিলা কর্মীদের ক্ষেত্রে যথাক্রমে ১৫.০ হাজার, ১৭.০ হাজার, ২০.০ হাজার ও ১৮.০ হাজার টাকা। লেখচিত্রে বেতন/মজুরির বিন্যাস থেকে এটি স্পষ্ট যে মাসিক গড় বেতন/মজুরির ক্ষেত্রে মহিলা কর্মীদের তুলনায় পুরুষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি অনেক বেশি।



উপরির্ণিখিত লেখচিত্রে নিম্ন বা প্রথম-চতুর্থক জরিপের মোট উপাণ্ডের প্রথম ২৫.০ শতাংশ প্রতিনিধিত্ব করে। অতএব, চিত্রের পুরুষ অভিবাসীদের তথ্যের বিন্যাস অবলোকন করে বলা যায় যে পুরুষ অভিবাসীদের ২৫.০ শতাংশ অভিবাসীর মাসিক গড় বেতন/মজুরি ২০.০ হাজার টাকার কম এবং মহিলা অভিবাসীদের ২৫.০ শতাংশ অভিবাসীর মাসিক গড় বেতন/মজুরি ১৫.০ হাজার টাকার কম। একইভাবে, উচ্চতর বা তৃতীয়-চতুর্থক মোট উপাণ্ডের ৭৫.০ শতাংশ প্রতিনিধিত্ব করে, অর্থাৎ পুরুষ অভিবাসীর ক্ষেত্রে ৭৫.০ শতাংশ অভিবাসীর মাসিক গড় বেতন/মজুরি ৩০.০ হাজার টাকার কম এবং মহিলা অভিবাসীর ক্ষেত্রে ২০.০ হাজার টাকার কম। লেখচিত্রের বক্স এর মাঝখানে অবস্থিত কাল লাইনটি তথ্যের মধ্যমা বা দ্বিতীয়-চতুর্থক নির্দেশ করে, যা পুরুষ অভিবাসীর ক্ষেত্রে মাসিক গড় বেতন/মজুরি ২৭.০ হাজার টাকা নির্দেশ করে।


৬.৫.২ দক্ষতাভেদে ১ম তিন মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

সারণি-৬.৮ অনুযায়ী, ১ম তিন মাসের বেতন/মজুরির মাসিক গড় অভিবাসী কর্মীদের ক্ষেত্রে ছিল ২৫,২৭০ টাকা। পুরুষ কর্মীদের ক্ষেত্রে মাসিক গড় বেতন/মজুরি ২৬,৫১৪ টাকা, মহিলাদের ক্ষেত্রে ১৮,০৮২ টাকা যা পুরুষ কর্মীদের তুলনায় উল্লেখযোগ্যভাবে কম। দক্ষ পুরুষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ছিল ৩১,২১০ টাকা, অতঃপর অদক্ষ কর্মীদের ২৫,৫১৯ টাকা এবং গৃহকর্মীদের ১৯,৪০১ টাকা। মহিলা কর্মীদের ক্ষেত্রে দক্ষতাভেদে একই ধরনের ধারা পরিলক্ষিত হয় যা দক্ষ, অদক্ষ ও গৃহকর্মীদের মাসিক গড় বেতন/মজুরি যথাক্রমে ৩২,৭৮৬ টাকা, ২১,৫৮৪ টাকা ও ১৬,৪০৪ টাকা।

সারণি-৬.৮: দক্ষতাভেদে ১ম তিন মাসের মাসিক গড় বেতন/মজুরি

দক্ষতার ধরন	১ম তিন মাসের মাসিক গড় বেতন/মজুরি (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৩১,২১০	৩২,৭৮৬	৩১,৩০৬
অদক্ষ	২৫,৫১৯	২১,৫৮৪	২৫,৪৪৫
গৃহকর্মী	১৯,৪০১	১৬,৪০৪	১৬,৮৩৬
মোট	২৬,৫১৪	১৮,০৮২	২৫,২৭০

নিম্নের লেখচিত্র-৬.১২ এর বক্স-প্লট এ মাসিক গড় বেতন/মজুরির (তিন মাসের গড়) বিন্যাস উপস্থাপিত হয়েছে যাতে প্রতিটি দক্ষতা ধরনের জন্য পুরুষ-মহিলা কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি বিন্যাস বিদ্যমান। লেখচিত্রে পুরুষ-মহিলা কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির ব্যবধান ছিল ব্যাপক।



লেখচিত্র-৬.১২ হতে দক্ষতাভেদে গড় অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির (তিন মাসের গড়) বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লেখিত বক্স সমূহের নিম্ন-চতুর্থক মোট উপাভেদের ২৫ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্থক মোট উপাভেদের ৭৫ শতাংশ প্রতিনিধিত্ব করে। বক্সসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাভেদের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বক্সই মোট উপাভেদের মধ্যম ৫০ শতাংশ উপাভেদের প্রতিনিধিত্ব করে।


৬.৫.৩ গন্তব্য দেশভেদে ১ম তিন মাসের মাসিক গড় বেতন/মজুরি

সারণি-৬.৯ এ অভিবাসী কর্মীদের গন্তব্য দেশভেদে ১ম তিন মাসের মাসিক গড় বেতন/মজুরি (তিন মাসের গড়) উপস্থাপন করা হয়েছে। সিঙ্গাপুরে কর্মরত অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি সর্বোচ্চ যা ৩৯,৬১৩ টাকা, পুরুষ কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি ৩৯,৭৪৩ টাকা এবং মহিলা কর্মীদের বেতন/মজুরি ১৮,৫৪৮ টাকা। সৌদি আরবে কর্মরতদের ক্ষেত্রে পুরুষ ও মহিলা কর্মীদের গড় বেতন/মজুরি যথাক্রমে ২৫,৪৭৮ টাকা ও ১৭,৪১৬ টাকা। ওমানে কর্মরতদের ক্ষেত্রে পুরুষ ও মহিলা কর্মীদের বেতন/মজুরি যথাক্রমে ২১,৪৮১ টাকা ও ১৫,২০৬ টাকা। মালয়েশিয়ার ক্ষেত্রে পুরুষ ও মহিলা অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরি যথাক্রমে ২৫,৩৮৯ টাকা ও ১৪,৩১৪ টাকা।

সারণি-৬.৯: গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীর মাসিক গড় বেতন/মজুরি (তিন মাসের গড়)

গন্তব্যদেশ	তিন মাসের মাসিক গড় বেতন/মজুরি (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
সৌদি আরব	২৫,৪৭৮	১৭,৪১৬	২৩,৫৭৩
ওমান	২১,৪৮১	১৫,২০৬	২০,৮৯৪
মালয়েশিয়া	২৫,৩৮৯	১৪,৩১৪	২৫,৩৫৮
কাতার	২৪,৬৮০	১৬,৮৬৩	২৪,২৬০
সিঙ্গাপুর	৩৯,৭৪৩	১৮,৫৪৮	৩৯,৬১৩
অন্যান্য দেশ	২৭,৮৯৬	১৭,৫৭৬	২৫,৬২২
মোট	২৬,১৬১	১৭,২২৫	২৪,৮৪২

লেখচিত্র-৬.১৩ হতে প্রতিটি গন্তব্য দেশভেদে মহিলা পুরুষ অভিবাসী কর্মীর মাসিক গড় বেতন/মজুরি বিন্যাস উপস্থাপিত হয়েছে। লেখচিত্রে গন্তব্য দেশভেদে গড় অভিবাসী কর্মীদের মাসিক গড় বেতন/মজুরির বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লেখিত বক্স সমূহের নিম্ন-চতুর্ধক মোট উপাত্তের ২৫ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্ধক মোট উপাত্তের ৭৫ শতাংশ প্রতিনিধিত্ব করে। বক্সসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাত্তের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বক্সই মোট উপাত্তের মধ্যম ৫০ শতাংশ উপাত্তের প্রতিনিধিত্ব করে।



৬.৬ অভিবাসী কর্মীদের ১২-তম মাসে উপার্জিত মাসিক গড় বেতন/মজুরি

উত্তরদাতাদের নিকট হতে তিনটি কাঠামোবদ্ধ ফরমেটে অভিবাসী কর্মীদের বেতন/মজুরি তথ্য সংগৃহীত হয়েছেঃ (ক) মাসিক গড় বেতন/মজুরি তথ্য (খ) চাকুরির প্রথম বৎসরের ১ম তিন মাসের বেতন/মজুরি তথ্য এবং (গ) চাকুরির প্রথম বৎসরের ১২-তম মাসের বেতন/মজুরির তথ্য।


৬.৬.১ লিঙ্গভেদে মাসিক গড় বেতন/মজুরি (১২-তম মাসের)

নিম্নের লেখচিত্র-৬.১৪ এ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের চাকুরির প্রথম বৎসরের ১২-তম মাসের মাসিক গড় বেতন/মজুরির বিন্যাস উপস্থাপিত হয়েছে।



লেখচিত্র-৬.১৪ অনুযায়ী পুরুষ অভিবাসী কর্মীদের প্রথম বৎসরের ১২-তম মাসের মাসিক গড় বেতন/মজুরির প্রথম-চতুর্থক, মধ্যমা ও তৃতীয়-চতুর্থক যথাক্রমে ২২.০ হাজার, ৩০.০ হাজার ও ৩৫.০ হাজার টাকা। মহিলা কর্মীদের ক্ষেত্রে তা যথাক্রমে ১৬.০ হাজার, ২২.০০ হাজার ও ২৯.০ হাজার টাকা মাত্র। উল্লেখিত লেখচিত্র হতে আরও প্রতীয়মান হয় যে, মহিলা কর্মীদের তুলনায় পুরুষ অভিবাসী কর্মীদের ১২-তম মাসের বেতন/মজুরি অনেক বেশি।

অভিবাসী কর্মীদের ১২-তম মাসের বেতন/মজুরির বিন্যাস লিঙ্গভেদে লেখচিত্র-৬.১৫ এ চিত্রিত হয়েছে। পুরুষ কর্মীদের প্রথম বৎসরের ১২-তম মাসের মাসিক গড় বেতন/মজুরির বিন্যাস প্রায় সুখম হলেও মহিলা কর্মীদের ক্ষেত্রে ডানদিকে তির্যক/অসম হিসেবে প্রতীয়মান হয়েছে।



উল্লিখিত লেখচিত্রে লালবর্ণের উলম্বরেখা অভিবাসী কর্মীদের ১২-তম মাসের মাসিক গড় বেতন/মজুরি নির্দেশ করে যা ২৮.১ হাজার টাকা, যেখানে সোনালী বর্ণের উলম্বরেখা মহিলা কর্মীদের গড় বেতন/মজুরি ১৯.৩ হাজার টাকা এবং কাল বর্ণের উলম্বরেখাটি পুরুষ কর্মীদের গড় বেতন/মজুরি ২৯.৬ হাজার টাকা নির্দেশ করে।


৬.৬.২ দক্ষতাভেদে অভিবাসী কর্মীর ১২-তম মাসে বেতন/মজুরি

সারণি-৬.১০ অনুযায়ী অভিবাসী কর্মীদের ১২-তম মাসের গড় বেতন/মজুরি ছিল ২৮,০৯৮ টাকা। মহিলা কর্মীদের ছিল ১৯,৩৪৪ টাকা এবং পুরুষ কর্মীদের ছিল ২৯,৬০৩ টাকা যা মহিলা কর্মীদের ১২-তম মাসের বেতন/মজুরি অপেক্ষা অনেক বেশি। দক্ষ কর্মীদের ১২-তম মাসের বেতন/মজুরির পরিমাণ ছিল ৩৪,২৯৪ টাকা যা দক্ষতাভেদে সর্বোচ্চ। অতঃপর অদক্ষ কর্মীদের ছিল ২৮,৫৪১ টাকা এবং গৃহকর্মীদের ১২-তম মাসের বেতন/মজুরির পরিমাণ ১৮,০৮১ টাকা যা ছিল দক্ষতাভেদে সর্বনিম্ন।

সারণি-৬.১০: দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের ১২-তম মাসের গড় বেতন/মজুরি

দক্ষতার ধরন	টাকা		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৩৪,৪৮৬	৩১,৩৬৬	৩৪,২৯৪
অদক্ষ	২৮,৭০৩	২০,০২৭	২৮,৫৪১
গৃহকর্মী	১৭,৫৫০	১৮,১৬৯	১৮,০৮১
মোট	২৯,৬০৩	১৯,৩৪৪	২৮,০৯৮


লেখচিত্র-৬.১৬ এ উপস্থাপিত অভিবাসী কর্মীদের চাকুরির ১২-তম মাসের বেতন/মজুরির বিন্যাস হতে পুরুষ-মহিলা কর্মীর বেতন/মজুরির ব্যাপক পার্থক্য দৃশ্যমান।



লেখচিত্রে দক্ষতাভেদে গড় অভিবাসী কর্মীদের ১২-তম মাসের গড় বেতন/মজুরির বিন্যাস সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া যায়। চিত্রে উল্লেখিত বক্স সমূহের নিম্ন-চতুর্থক মোট উপাত্তের ২৫ শতাংশ এর প্রতিনিধিত্ব করে এবং উচ্চ-চতুর্থক মোট উপাত্তের ৭৫ শতাংশ প্রতিনিধিত্ব করে। বক্সসমূহের মাঝে অবস্থিত লাইনটি উপাত্তের মধ্যমা নির্দেশ করে। প্রকৃতপক্ষে, প্রতিটি বক্সই মোট উপাত্তের মধ্যম ৫০ শতাংশ উপাত্তের প্রতিনিধিত্ব করে।

৬.৬.৩ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীর ১২-তম মাসের বেতন/মজুরি

নিম্নের লেখচিত্র-৬.১৭ এ অভিবাসী কর্মীর পুরুষ-মহিলাভেদে প্রতিটি গন্তব্যদেশের ১২-তম মাসের বেতন/মজুরির চিত্র উপস্থাপিত হয়েছে।



৬.৭ অভিবাসী কর্মীর বেতন/মজুরি হতে কর্তন অবস্থা

জরিপের পর্যবেক্ষণে এটি প্রতিয়মান হয় যে, অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে নিয়োগকারী/এজেন্সি কর্তৃক কর্তন করা হয়েছে। নিয়োগকারী/এজেন্সির উপযোগিতা এবং অভিবাসী কর্মীর কল্যাণের জন্য অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে কর্তন করা হয়েছে।

৬.৭.১ লিংগভেদে অভিবাসী কর্মীর বেতন/মজুরি হতে কর্তন অবস্থা


সারণি-৬.১১ এ অভিবাসী কর্মীর বেতন/মজুরি হতে কর্তনের অবস্থা উপস্থাপন করা হয়েছে। সার্বিক ভাবে, ৪৩.২ শতাংশ অভিবাসী কর্মীর বেতন/মজুরি হতে নিয়োগকর্তা কর্তৃক কর্তন করা হয়েছে। কর্তনের ক্ষেত্রে পুরুষ-মহিলার কর্তনে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়েছে। যেমন, পুরুষ কর্মীর ক্ষেত্রে ৪৭.৯ শতাংশ এবং মহিলাকর্মীর ক্ষেত্রে ১৬.২ শতাংশ কর্মীর বেতন/মজুরি হতে নিয়োগকর্তা কর্তৃক কর্তন করা হয়েছে।

সারণি-৬.১১: লিংগভেদে অভিবাসী কর্মীর বেতন/মজুরি হতে কর্তন অবস্থা

কর্তন অবস্থা	পুরুষ	মহিলা	মোট
বেতন/মজুরি হতে কর্তন করা হয়েছে	১,১১৪,৩৮৫	৬৫,৪১৫	১,১৭৯,৮০০
	৪৭.৯	১৬.২	৪৩.২
বেতন/মজুরি হতে কর্তন করা হয়নি	১,২১১,৪৩৪	৩৩৭,৬৩২	১,৫৪৯,০৬৬
	৫২.১	৮৩.৮	৫৬.৮
মোট	২,৩২৫,৮১৯	৪০৩,০৪৬	২,৭২৮,৮৬৫
	১০০.০	১০০.০	১০০.০


৬.৭.২ দক্ষতাভেদে অভিবাসী কর্মীর বেতন/মজুরি হতে কর্তন অবস্থা

দক্ষতাভেদে অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে কর্তনের ক্ষেত্রে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়, বিশেষ করে গৃহকর্মীদের ক্ষেত্রে। দক্ষ ও অদক্ষ কর্মীদের ক্ষেত্রে এ কর্তনের পার্থক্য খুবই কম। অদক্ষ কর্মীদের ৪৭.৯ শতাংশের ক্ষেত্রে বেতন/মজুরি হতে কর্তন করা হয়েছে, অন্যদিকে দক্ষ কর্মীদের ক্ষেত্রে ৪৫.৬ শতাংশ এবং গৃহকর্মীদের ক্ষেত্রে মাত্র ১৮.৫ শতাংশ অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে কর্তন করা হয়েছে (লেখচিত্র-৬.১৮)।




৬.৭.৩ অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে শ্রেণিভেদে কর্তন অবস্থা

লেখচিত্র-৬.১৯ হতে প্রতীয়মান হয় যে আট ধরনের শ্রেণিভেদে অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে কর্তন করা হয়। এতে দেখা যায় যে অধিকাংশ অভিবাসী কর্মী (৪৭.৮ শতাংশ) জানে না নির্দিষ্ট কোন খাতে বেতন/মজুরি হতে কর্তন করা হয়; অতঃপর অন্যান্য কর্তনের শ্রেণিসমূহ হলো খাবার খরচ বাবদ ৩৬.৭ শতাংশ, বাড়ি ভাড়া বাবদ ২২.২ শতাংশ, বিদেশী কর্মীর কর বাবদ ৫.৭ শতাংশ ইত্যাদি।



নিম্নে লেখচিত্র-৬.২০ এ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে কর্তনের শ্রেণিভেদে তথ্য উপস্থাপিত হয়েছে। মহিলা অভিবাসী কর্মীদের বেতন/মজুরি হতে কর্তনের ক্ষেত্রে তিন-চতুর্থাংশের বেশি (৭৬.৪ শতাংশ) জানে না কোন ধরনের শ্রেণিভেদে বেতন/মজুরি হতে কর্তন করা হয় যা পুরুষ কর্মীদের ক্ষেত্রে ৪৩.৩ শতাংশ।



৬.৮ অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় - এক নজরে

অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় অর্থাৎ বিদেশে কর্মরত কর্মীদের আয়ের পরিসংখ্যান হিসাব করা হয়েছে তাদের গৃহীত ১ম তিন মাসের মোট আয়ের মাসিক গড় নির্ণয় করে, যাতে বেতন/মজুরি, বোনাস ও অন্যান্য আয় (যেমন ওভারটাইম ভাতা) অন্তর্ভুক্ত হয়েছে। একই সাথে যদি কোন কর্তন করা হয়ে থাকে তাহলে তা সমন্বয় করা হয়েছে। যেমন- কর, সামাজিক নিরাপত্তা ব্যয় ও নিয়োগ সংক্রান্ত ব্যয়ে যদি নিয়োগকারী/এজেন্সি পরিশোধ করে থাকে তা সমন্বয় করা হয়েছে। জরিপের তথ্য সংগ্রহের সময় উত্তরদাতাদের থেকে অভিবাসী কর্মীদের আয় সম্পর্কে তিন ধরনের কাঠামোবদ্ধ ফরমেটে তথ্য সংগৃহীত হয়েছে; (ক) মাসিক গড় বেতন/মজুরির তথ্য (খ) ১ম তিন মাসের মোট বেতন/মজুরির তথ্য ও (গ) চাকুরির ১২-তম মাসের বেতন/মজুরির তথ্য।

মাসিক গড় আয় নিরূপণ করা হয়েছে উপরিলিখিত ফরমেট (খ) অর্থাৎ ১ম তিন মাসের আয়ের গড় অনুসরণ করে মাসিক গড় আয় নিরূপণ করা হয়েছে। এক্ষেত্রে ১ম তিন মাসের মোট বেতন/মজুরির মাসিক গড় বেতন/মজুরি + অন্যান্য প্রাপ্ত সুবিধাদি - কর্তন সমূহ বিবেচনায় নেয়া হয়েছে যা নিম্নরূপ:

$$I = E + B - D$$

যেখানে,

I = মাসিক গড় আয়


E = মাসিক গড় বেতন/মজুরি (১ম তিন মাসের গড়)

B = মাসিক গড় অন্যান্য সুবিধাদি

D = মাসিক গড় বেতন

৬.৮.১ লিঙ্গভেদে মাসিক গড় আয়ের ভিত্তিতে অভিবাসী কর্মীদের বিন্যাস

অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে তাদের মাসিক গড় আয়ের ভিত্তিতে বিন্যাস লেখচিত্র-৬.২১ এ চিত্রিত হয়েছে। পুরুষ অভিবাসী কর্মীদের আয়ের ভিত্তিতে বিন্যাস সূমহ হলেও মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে বিন্যাস ডানদিকে তির্যক হিসাবে দৃশ্যমান।



উল্লেখিত লেখচিত্র লালবর্ণের উল্লম্বরেখাটি অভিবাসী সকল কর্মীদের মাসিক গড় আয় নির্দেশ করে যেখানে সোনালী উল্লম্বরেখাটি মহিলা কর্মীদের মাসিক গড় আয় এবং কাল বর্ণের উল্লম্বরেখাটি পুরুষ অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় নির্দেশ করে।

৬.৮.২ দক্ষতা, গন্তব্যদেশ ও লিঙ্গভেদে মাসিক গড় আয়

লেখচিত্র-৬.২২ অনুযায়ী, অনুভূমিক লাল লাইনটি সকল অভিবাসী সকল কর্মীদের মাসিক গড় আয় নির্দেশ করে। সিরেনা রঞ্জের গোলবৃত্তের চিহ্ন সমূহ অভিবাসী কর্মীদের লিঙ্গ নির্দেশ করে এবং দেখা যায় যে পুরুষ কর্মীদের মাসিক গড় আয় সকল অভিবাসীর গড় আয়ের চাইতে বেশি এবং মহিলা কর্মীদের মাসিক গড় আয় সকল অভিবাসীর মাসিক গড় আয়ের চেয়ে অনেক কম।



সবুজ রঞ্জের ত্রিকোণাকৃতির চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের দক্ষতার প্রকারভেদ নির্দেশ করে। উল্লেখিত চিত্রানুযায়ী দেখা যায় যে, গৃহকর্মীদের মাসিক গড় আয় সকল কর্মীদের মাসিক গড় আয়ের অনেক কম। অন্যদিকে অদক্ষ কর্মীদের গড় আয় সকল কর্মীদের গড় আয়ের সমান এবং দক্ষ কর্মীদের মাসিক গড় আয় সকল কর্মীদের মাসিক গড় আয়ের চাইতে বেশি। একইভাবে, কমলা রঞ্জের হীরক আকৃতির চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের গন্তব্যদেশ সমূহ নির্দেশ করে। এক্ষেত্রে প্রতীয়মান হয় যে ওমান, সৌদিআরব ও কাতার এ কর্মীদের মাসিক গড় আয় সকল কর্মীদের মাসিক গড় আয়ের চাইতে কম। অন্যদিকে, মালয়েশিয়া, অন্যান্য দেশ এবং সিঙ্গাপুরে কর্মীদের মাসিক গড় আয় সকল অভিবাসী কর্মীদের মাসিক গড় আয়ের চাইতে বেশি।

৬.৮.৩ শিক্ষা ও বয়সভেদে অভিবাসী কর্মীদের মাসিক আয়

লেখচিত্র-৬.২৩ এ চিত্রিত নীল রঙের অনুভূমিক লাইনটি সার্বিকভাবে সকল অভিবাসী কর্মীর মাসিক গড় আয় নির্দেশ করে। উপরিলিখিত চিত্রে সবুজ রঙের ত্রিকোণাকৃতির চিহ্ন অভিবাসী কর্মীদের বয়স নির্দেশ করে এবং দেখা যায় যে কম বয়সে বিশেষ করে ১৮-২৪ এবং ২৫-৩৪ বছর বয়সে কর্মীদের মাসিক গড় আয় সকল কর্মীদের মাসিক গড় আয়ের চেয়ে কম।



অন্যদিকে ৩৫-৪৪, ৪৫-৫৪ এবং ৫৫+ বছর বয়সের অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় সকল কর্মীদের গড় আয়ের চেয়ে বেশি। একইভাবে, কমলা রঙের হীরক আকৃতির চিহ্নসমূহ অভিবাসীদের শিক্ষাগত যোগ্যতা নির্দেশ করে। এক্ষেত্রে প্রতীয়মান হয় যে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও বিশ্ববিদ্যালয় লেভেলে শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন অভিবাসী কর্মীদের মাসিক গড় আয় সকল কর্মীদের মাসিক গড় আয়ের চেয়ে বেশি।

অধ্যায় ৭

কাজের পরিবেশ ও স্থিতিশীলতা

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে অভিবাসী কর্মীদের চাকুরি ক্ষেত্রে কাজের পরিবেশ ও স্থিতিশীলতা সংক্রান্ত জরিপের ফলাফল উপস্থাপন করা হয়েছে।

অধ্যায় ৭: কাজের পরিবেশ এবং স্থিতিশীলতা

- ৭.১ সচরাচর কর্ম ঘণ্টা
- ৭.২ সাম্প্রতিক ছুটি উপভোগ
- ৭.৩ পেশাগত আঘাত অথবা অসুস্থ হওয়া
- ৭.৪ পেশার পৃথকীকরণ এবং কর্মক্ষেত্রে মহিলাদের অংশ
- ৭.৫ দক্ষতার ভিত্তিতে নিয়মিত বেতন/মজুরি পরিশোধের অবস্থা
- ৭.৬ বাসস্থান সুবিধা প্রদানের অবস্থা

অধ্যায় ৭

কাজের পরিবেশ ও স্থিতিশীলতা

এই অধ্যায়ে অভিবাসী কর্মীদের চাকুরি ক্ষেত্রে কাজের পরিবেশ ও স্থিতিশীলতা সংক্রান্ত জরিপের ফলাফল উপস্থাপন করা হয়েছে।

৭.১ অভিবাসী কর্মীদের সচরাচর কর্ম ঘণ্টা

এই অধ্যায়ে গন্তব্য দেশে কর্মে নিয়োজিত অভিবাসী কর্মীদের কর্ম ঘণ্টার ফলাফল উপস্থাপন করা হয়েছে। জরিপের মাধ্যমে কর্মে নিয়োজিত অভিবাসী কর্মীদের কর্ম ঘণ্টার তথ্য সংগ্রহ করা হয়েছিল। সপ্তাহে সাধারণত কত ঘণ্টা কাজ করে তা উত্তরদাতার নিকট জানতে চাওয়া হয়েছিল।

৭.১.১ লিঙ্গ এবং দক্ষতার ধরনভেদে সচরাচর কর্ম ঘণ্টা

লেখচিত্র-৭.১ অনুযায়ী দেখা যায় যে, কর্মে নিয়োজিত একজন অভিবাসী কর্মী এক সপ্তাহে গড়ে ৬৪ ঘণ্টা সচরাচর কাজ করে থাকে। মহিলা কর্মীরা পুরুষের তুলনায় বেশি ঘণ্টা কাজ করে থাকে। এক্ষেত্রে, মহিলারা এক সপ্তাহে গড়ে ৭৬ ঘণ্টা এবং পুরুষরা এক সপ্তাহে গড়ে ৬২ ঘণ্টা কাজ করে থাকে। দক্ষ অভিবাসী কর্মীদের ক্ষেত্রে গড় সচরাচর কর্ম ঘণ্টা ছিল কম, যা ৫৭ ঘণ্টা। পক্ষান্তরে, অদক্ষ কর্মীদের ক্ষেত্রে তা ছিল ৬৩ ঘণ্টা এবং সবচেয়ে বেশি ছিল গৃহকর্মীদের ক্ষেত্রে ৭৯ ঘণ্টা। দক্ষ এবং অদক্ষ শ্রেণির ক্ষেত্রে পুরুষ অভিবাসী কর্মীরা মহিলাদের তুলনায় বেশি ঘণ্টা কাজ করে থাকে। পক্ষান্তরে, মহিলারা গৃহকর্মী হিসেবে পুরুষদের তুলনায় সপ্তাহে বেশি ঘণ্টা কাজ করে থাকে।

সারণি-৭.১: অভিবাসী কর্মীদের লিঙ্গ ও দক্ষতার ধরনভেদে সাপ্তাহিক সচরাচর গড় কর্ম ঘণ্টা

দক্ষতার ধরন	গড় কর্ম ঘণ্টা		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৫৭	৫৪	৫৭
অদক্ষ	৬৩	৫৮	৬৩
গৃহকর্মী	৭৩	৭৯	৭৯
মোট	৬২	৭৬	৬৪

দক্ষতার ধরন অনুযায়ী দেখা যায় যে, সাপ্তাহিক গড় কর্ম ঘণ্টা সবচেয়ে বেশি ছিল গৃহকর্মীদের ক্ষেত্রে ৭৯ ঘণ্টা। পক্ষান্তরে, অদক্ষদের ক্ষেত্রে ৬৩ ঘণ্টা এবং দক্ষদের ক্ষেত্রে তা ছিল ৫৭ ঘণ্টা। সপ্তাহে সবচেয়ে কম গড় কর্ম ঘণ্টা ছিল দক্ষ পুরুষ কর্মীদের ৫৭ ঘণ্টা এবং সবচেয়ে বেশি ছিল মহিলা গৃহকর্মীদের ৭৯ ঘণ্টা।




৭.১.২ কর্ম ঘণ্টার শ্রেণিবিভাজন এবং দক্ষতার ধরনভেদে সচরাচর কর্ম ঘণ্টা

সারণি-৭.২ এ অভিবাসী কর্মীদের বিভিন্ন কর্ম ঘণ্টার শ্রেণিবিভাজনের বিন্যাস দেখানো হয়েছে। দক্ষতার ধরন অনুযায়ী অভিবাসী কর্মীদের বিভিন্ন কর্ম ঘণ্টার বন্ধনীর অনুপাতে পার্থক্য ছিল। সচরাচর ৮০+ কর্মঘণ্টার বন্ধনীর মধ্যে অভিবাসী কর্মীদের অনুপাত সবচেয়ে বেশি ৪৬.৮ শতাংশ যারা গৃহকর্মী শ্রেণিতে অবস্থান করছে এবং কোন গৃহকর্মীই ৪৮ ঘণ্টার কম কাজ করে না। সচরাচর ৬১-৮০ কর্মঘণ্টার বন্ধনীর মধ্যে অভিবাসী কর্মীদের অনুপাত সবচেয়ে বেশি ৪৫.৮ শতাংশ যারা অদক্ষ শ্রেণিতে অবস্থান করছে। সচরাচর ৪৯-৬০ কর্মঘণ্টার বন্ধনীর মধ্যে অভিবাসী কর্মীদের অনুপাত সবচেয়ে বেশি ৫৮.১ শতাংশ যারা দক্ষ শ্রেণিতে অবস্থান করছে তাদের।

সারণি-৭.২: দক্ষতার ধরন এবং সচরাচর কর্মঘণ্টার শ্রেণিভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস

সাপ্তাহিক কর্মঘণ্টা	শতাংশ			মোট
	দক্ষতার ধরন			
	দক্ষ	অদক্ষ	গৃহকর্মী	
<=৪৮	১৬.৫	১৯.১	০.০	১৫.৯
৪৯-৬০	৫৮.১	৩২.৫	১৭.০	৩৫.০
৬১-৮০	২৫.৮	৪৫.৮	৩৬.৩	৪০.৮
৮০+	০.০	৩.০	৪৬.৮	৮.৮
মোট	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

নিম্নের ৭.২ লেখচিত্রে সাপ্তাহিক সচরাচর কর্মঘণ্টা ভেদে অভিবাসী কর্মীদের দক্ষতার প্রতিটি ধরনের বিন্যাস দেখানো হয়েছে।



দক্ষতার ধরনভেদে দেখা যায় যে, সাপ্তাহিক ৪৯-৬০ কর্মঘণ্টার শ্রেণির মধ্যে দক্ষ অভিবাসী কর্মীদের অনুপাত (৫৮.১ শতাংশ) সবচেয়ে বেশি। সাপ্তাহিক ৬১-৮০ কর্মঘণ্টার শ্রেণির মধ্যে অদক্ষ অভিবাসী কর্মীদের অনুপাত (৪৫.৮ শতাংশ) সবচেয়ে বেশি এবং সাপ্তাহিক ৮০+ কর্মঘণ্টার শ্রেণির মধ্যে গৃহকর্মী অভিবাসী কর্মীদের অনুপাত (৪৬.৮ শতাংশ) সবচেয়ে বেশি।

৭.২ অভিবাসী কর্মীদের সাপ্তাহিক ছুটি উপভোগ

সাধারণত কর্মচারীদের শারীরিক ও মানসিক সুস্থতা বজায় রাখার জন্য সাপ্তাহিক ছুটি প্রদান করা হয়। সাপ্তাহিক কর্মদিবস শেষে কর্মচারীরা যেন বিশ্রাম এবং নিজের সুবিধামত সময় ব্যয়ের মাধ্যমে নিজেদেরকে কর্মশক্তিসম্পন্ন করতে পারে সে উদ্দেশ্যেই ছুটি দেয়া হয়ে থাকে। একজন কর্মচারীকে সাপ্তাহিক কর্মদিবস শেষে কমপক্ষে এক দিন পূর্ণ বেতন এবং সুবিধাসহ ছুটি ভোগের অধিকার দেয়া উচিত।

৭.২.১ অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে সাপ্তাহিক ছুটি ভোগ

দু-তৃতীয়াংশের বেশি (৬৮.৮ শতাংশ) অভিবাসী কর্মী প্রতি সপ্তাহে এক দিন বিরতি দিয়ে ছয় দিন কাজ করেছিল। পঞ্চদশে, ২৮.৯ শতাংশ অভিবাসী কর্মীর কোন ছুটি ছিল না এবং মাত্র ২.৩ শতাংশ অভিবাসী কর্মী সপ্তাহে দুই দিন ছুটি পেয়েছিল। মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে এটা তাৎপর্যপূর্ণভাবে ভিন্ন ছিল। ৭৬.৩ শতাংশ পুরুষ অভিবাসী কর্মী সপ্তাহে এক দিন বিরতি দিয়ে কাজ করতো, পঞ্চদশের মহিলাদের ক্ষেত্রে এটা ছিল মাত্র ২৫.৭ শতাংশ। ছুটিবিহীন কাজের ক্ষেত্রে পুরুষের তুলনায় মহিলাদের অবস্থা বেশ শোচনীয়। এক্ষেত্রে যেখানে ৭৩.৩ শতাংশ মহিলা ছুটিবিহীন কাজ করতো সেখানে পুরুষের অনুপাত ছিল মাত্র ২১.৩ শতাংশ।

সারণি ৭.৩: সাপ্তাহিক ছুটি ভোগ এবং লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস


অভিবাসীর লিঙ্গ	অভিবাসীর সংখ্যা			
	১-দিন	২-দিন	কোন ছুটি নয়	মোট
পুরুষ	১৭৭৪১৬৫	৫৭৩৬৩	৪৯৪২৯১	২৩২৫৮১৯
মহিলা	১০৩৫৩৮	৪২৫৬	২৯৫২৫২	৪০৩০৪৬
মোট	১৮৭৭৭০৩	৬১৬১৯	৭৮৯৫৪৩	২৭২৮৮৬৫
সারি শতাংশ				
পুরুষ	৭৬.৩	২.৫	২১.৩	১০০.০
মহিলা	২৫.৭	১.১	৭৩.৩	১০০.০
মোট	৬৮.৮	২.৩	২৮.৯	১০০.০
মোট অভিবাসীর শতাংশ				
পুরুষ	৬৫.০	২.১	১৮.১	৮৫.২
মহিলা	৩.৮	০.২	১০.৮	১৪.৮
মোট	৬৮.৮	২.৩	২৮.৯	১০০.০

লেখচিত্র-৭.৩ নির্দেশ করে যে, ৬৮.৮ শতাংশ অভিবাসী কর্মী সাপ্তাহিক এক দিন ছুটি পায়। পুরুষদের ক্ষেত্রে অনুপাতটি ছিল ৭৬.৩ শতাংশ এবং মহিলাদের ক্ষেত্রে ছিল ২৫.৭ শতাংশ। ২৮.৯ শতাংশ অভিবাসী কর্মী সাপ্তাহিক কোন ছুটি পায় না। এক্ষেত্রে মহিলা ছিল ৭৩.৩ শতাংশ এবং পুরুষ ছিল ২১.৩ শতাংশ। মোট অভিবাসী কর্মীর শুধুমাত্র ২.৩ শতাংশ সপ্তাহে দুই দিন ছুটি ভোগ করে থাকে।



৭.২.২ দক্ষতার ধরনভেদে সাপ্তাহিক ছুটি ভোগ

লেখচিত্র-৭.৪ এ দেখা যাচ্ছে যে, সকল অভিবাসী কর্মীদের মধ্যে ২৮.৯ শতাংশ অভিবাসী কর্মী সাপ্তাহিক কোন ছুটি ছাড়াই কাজ করে। দক্ষতার ধরনভেদে দেখা যায় যে, মোট গৃহকর্মীর ৭৯.০ শতাংশ সাপ্তাহিক কোন ছুটি ভোগ করতে পারে না এবং তাদের মধ্যে তিন-চতুর্থাংশ ছিল মহিলা অভিবাসী কর্মী।



অন্যান্য দুটি দক্ষতার ধরনের ক্ষেত্রে তুলনামূলক ভাল অবস্থা দেখতে পাওয়া যায়। এক্ষেত্রে ২০.৩ শতাংশ দক্ষ এবং ২০.৫ শতাংশ অদক্ষ অভিবাসী কর্মী সাপ্তাহিক কোন ছুটি ছাড়াই কাজ করে। সাপ্তাহিক কোন ছুটি ছাড়াই কাজ করার অনুপাতটি গৃহকর্মীদের অনুপাত দ্বারা অত্যন্ত প্রভাবিত।


৭.২.৩ প্রধান গন্তব্য দেশভেদে সাপ্তাহিক ছুটি ভোগের অবস্থা

সারণি-৭.৪ অনুযায়ী প্রধান গন্তব্যদেশে সাপ্তাহিক ছুটি ভোগভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস প্রকাশ করা হয়েছে। সৌদি আরবে সর্বোচ্চ, ৩৬.৭ শতাংশ অভিবাসী কর্মী কোন সাপ্তাহিক ছুটি ভোগ করতে পারে না। পশ্চিমবঙ্গের সিঙ্গাপুরে সবচেয়ে কম, ৭.১ শতাংশ অভিবাসী কর্মী কোন সাপ্তাহিক ছুটি ভোগ করতে পারে না।

সারণি-৭.৪. প্রধান গন্তব্যদেশে সাপ্তাহিক ছুটি ভোগভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস

প্রধান গন্তব্যদেশ	অভিবাসী কর্মীর শতাংশ			
	১-দিন	২-দিন	কোন ছুটি নয়	মোট
সৌদি আরব	৬০.৯	২.৮	৩৬.৭	১০০.০
ওমান	৬৩.৮	১.৫	৩৫.১	১০০.০
মালয়েশিয়া	৮৫.৯	১.৮	১২.৭	১০০.০
কাতার	৭৬.৬	৩.১	২০.৩	১০০.০
সিঙ্গাপুর	৯১.৮	১.৫	৭.১	১০০.০
অন্যান্য দেশ	৬৪.৯	২.৮	৩২.৩	১০০.০
মোট	৬৮.৮	২.৩	২৮.৯	১০০.০

নিম্নের লেখচিত্র-৭.৪.১ এ প্রধান গন্তব্যদেশে সাপ্তাহিক ছুটি ভোগভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস দেখানো হয়েছে




৭.৩ পেশাগত কাজে আঘাত অথবা অসুস্থ হওয়া

পেশাগত আঘাত অথবা অসুস্থ হওয়াকে এভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যে, গত ১২ মাসে যদি কোন ব্যক্তি কর্মক্ষেত্রে কোন দুর্ঘটনা দ্বারা আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হয়।

৭.৩.১ লিঙ্গভেদে পেশাগত কাজে আঘাত অথবা অসুস্থ হওয়া

সর্বোপরি, গত ১২ মাসে এক-চতুর্থাংশ অভিবাসী কর্মী কর্মক্ষেত্রে কোন দুর্ঘটনা দ্বারা আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হওয়ার বিষয়টি জানিয়েছে। এক্ষেত্রে, ২৩.৩ শতাংশ অভিবাসী কর্মী আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হয়েছিল। তন্মধ্যে, ২২.৩ শতাংশ পুরুষ এবং ২২.২ শতাংশ মহিলা।



৭.৩.২ দক্ষতার ধরনভেদে পেশাগত আঘাত অথবা অসুস্থ হওয়া

সারণি-৭.৫ এ দেখা যাচ্ছে যে, মোট অভিবাসী কর্মীর ২৩.৩ শতাংশ তাদের প্রথম চাকুরিতে কোন দুর্ঘটনা দ্বারা আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হয়েছিল। তন্মধ্যে, মোট অভিবাসী কর্মীর ২১.৪ শতাংশ ছিল দক্ষ কর্মী, ২২.৫ শতাংশ ছিল অদক্ষ কর্মী এবং ২৯.৪ শতাংশ ছিল গৃহকর্মী। প্রায় তিন-চতুর্থাংশ অভিবাসী কর্মী কখনও কোন দুর্ঘটনা দ্বারা আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হয়নি।

সারণি-৭.৫: দক্ষতার ধরনভেদে কর্মক্ষেত্রে আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হওয়া অভিবাসী কর্মীদের বিন্যাস

দক্ষতার ধরন	কর্মক্ষেত্রে আঘাতপ্রাপ্ত অথবা অসুস্থ হওয়া			
	হ্যাঁ	না	জানা নেই	মোট
দক্ষ	১০৬৩৯৪	৩৮৪১২১	৭৯২২	৪৯৮৪৩৭
	২১.৪	৭৭.১	১.৬	১০০.০
অদক্ষ	৪১২৯২৩	১৩৮৬২০৪	৩৬৯৩৮	১৮৩৬০৬৫
	২২.৫	৭৫.৫	২.০	১০০.০
গৃহকর্মী	১১৫৯০০	২৬৯৩৬১	৯১০৩	৩৯৪৩৬৩
	২৯.৪	৬৮.৩	২.৩	১০০.০
মোট	৬৩৫২১৭	২০৩৯৬৮৬	৫৩৯৬২	২৭২৮৮৬৫
	২৩.৩	৭৪.৭	১.৯	১০০.০

৭.৪ অভিবাসি কর্মীদের পেশার পৃথকীকরণ

পুরুষ এবং মহিলাদের কাজের দক্ষতার বিভিন্ন ধরনের প্রবণতার তথ্য পেশার পৃথকীকরণের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। দক্ষতার ধরন ভেদে মোট কর্মসংস্থানে মহিলাদের অনুপাত কর্মক্ষেত্রে মহিলাদের অংশের ভাল অবস্থাকে প্রকাশ করে থাকে।


৭.৪.১ পেশার পৃথকীকরণ এবং কর্মে নিয়োজিত মহিলাদের অংশ

সারণি-৭.৬ অনুযায়ী দেখা যায় যে, সর্বোচ্চ ৮৩.৮ শতাংশ মহিলা অভিবাসী কর্মী গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল। পক্ষান্তরে, অদক্ষ মহিলা অভিবাসী কর্মী ছিল ৮.৭ শতাংশ এবং দক্ষ মহিলা অভিবাসী কর্মী ছিল ৭.৫ শতাংশ। পুরুষদের ক্ষেত্রে সর্বোচ্চ ৭৭.৪ শতাংশ অভিবাসী কর্মী অদক্ষ, ২০.১ শতাংশ দক্ষ এবং ২.৪ শতাংশ গৃহকর্মের সাথে সম্পৃক্ত ছিল।

সারণি-৭.৬: লিঙ্গভেদে পেশার পৃথকীকরণ এবং অভিবাসী কর্মীদের মধ্যে মহিলাদের অংশ

দক্ষতার ধরন	সংখ্যা		কলাম শতাংশ			মোট অভিবাসীর শতাংশ			
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৪৬৮১২৫	৩০৩১২	৪৯৮৪৩৬	২০.১	৭.৫	১৮.৩	১৭.২	১.১	১৮.৩
অদক্ষ	১৮০০৯৭৬	৩৫০৮৯	১৮৩৬০৬৫	৭৭.৪	৮.৭	৬৭.৩	৬৬.০	১.৩	৬৭.৩
গৃহকর্মী	৫৬৭১৮	৩৩৭৬৪৬	৩৯৪৩৬৩	২.৪	৮৩.৮	১৪.৫	২.১	১২.৪	১৪.৫
মোট	২৩২৫৮১৯	৪০৩০৪৬	২৭২৮৮৬৫	১০০.০	১০০.০	১০০.০	৮৫.২	১৪.৮	১০০.০

লেখচিত্র-৭.৮ অনুযায়ী এটা স্পষ্ট যে, মোট অভিবাসী কর্মীর মধ্যে ১.১ শতাংশ মহিলা দক্ষ কর্মী, পক্ষান্তরে পুরুষ দক্ষ অভিবাসী কর্মী ছিল ১৭.২ শতাংশ।




৭.৫ দক্ষতার ধরনভেদে নিয়মিত পরিশোধিত বেতন/মজুরির অবস্থা

অভিবাসী কর্মীরা নিয়মিত বেতন/মজুরি পেয়েছে কিনা তা জরিপের মাধ্যমে দেখা হয়েছে। মোট ২.৭৩ মিলিয়ন অভিবাসী কর্মীদের মধ্যে ২.০৫ মিলিয়ন বা ৭৪.৫ শতাংশ অভিবাসী কর্মী কোন ধরনের বিলম্ব ছাড়া নিয়মিত বেতন/মজুরি পেয়েছে। অন্যদিকে, ২৩.৫ শতাংশ অভিবাসী কর্মী বিলম্বে বেতন/মজুরি পেয়েছে এবং অবশিষ্ট ১.৫ শতাংশ বিলম্বে বেতন/মজুরি পেয়েছে কিনা তা জানাতে পারেনি।

সারণি ৭.৭: অভিবাসীদের দক্ষতার ধরনভেদে নিয়মিত পরিশোধিত বেতন/মজুরির অবস্থার বিন্যাস

দক্ষতার ধরন	হ্যাঁ - নিয়মিত বেতন/মজুরি পেয়েছেন			না - নিয়মিত বেতন/মজুরি পাননি			জানা নেই		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৩৯৫০৮	২৮১০২	৬৭৬০৯	৯২২৬৯	১৩৭৮	৯৩৬৪৭	৪৩৪৮	৮৩২	৫১৮০
অদক্ষ	১৩২৫১১৭	২৪৩০১	১৩৪৯৪১৮	৪৫০১৫৪	৭৯১৮	৪৫৮০৭২	২৫৭০৬	২৮৭০	২৮৫৭৫
গৃহকর্মী	৩৫৪০৩	২৬১৭৬২	২৯৭১৬৫	২০৮৯০	৬৮৮৭২	৮৯৭৬২	৪২৫	৭০১১	৭৪৩৬
মোট	১৭৩২০২৮	৩৪৯১৬৫	২০৮১১৯২	৫৬৩৩১২	৭৮১৬৯	৬৪১৪৮১	৩০৪৭৯	১০৭১৩	৪১১৯২
মোট অভিবাসীর শতাংশ									
দক্ষ	৭৯.৪	৯২.৭	৮০.২	১৯.৭	৪.৫	১৮.৮	০.৯	২.৭	১.০
অদক্ষ	৭৩.৬	৬৯.৩	৭৩.৫	২৫.০	২২.৬	২৪.৯	১.৪	৮.২	১.৬
গৃহকর্মী	৬২.৪	৭৭.৫	৭৫.৪	৩৬.৮	২০.৪	২২.৮	০.৭	২.১	১.৯
মোট	৭৪.৫	৭৭.৯	৭৫.০	২৪.২	১৯.৮	২৩.৫	১.৩	২.৭	১.৫

দক্ষতার ধরন ভেদে লেখচিত্র-৭.৭ এ দেখা যায় যে, প্রায় চার-পঞ্চমাংশ (৭৪.৫ শতাংশ) দক্ষ অভিবাসী কর্মী কোন বিলম্ব ছাড়াই বেতন/মজুরি পেয়ে থাকে। তন্মধ্যে, ৭৯.৪ শতাংশ পুরুষ এবং ৯২.৭ শতাংশ মহিলা অভিবাসী কর্মী।




অদক্ষ কর্মীদের ক্ষেত্রে, তিন-চতুর্থাংশ অভিবাসী কর্মী কোন বিলম্ব ছাড়াই বেতন/মজুরি পেয়ে থাকে। তন্মধ্যে, ৭৩.৬ শতাংশ পুরুষ এবং ৬৯.৩ শতাংশ মহিলা অদক্ষ কর্মী। গৃহকর্মীদের ক্ষেত্রে দেখা যায় যে, তিন-চতুর্থাংশ গৃহকর্মী কোন বিলম্ব ছাড়াই বেতন/মজুরি পেয়ে থাকে। তন্মধ্যে, ৬২.৪ শতাংশ পুরুষ এবং ৭৭.৫ শতাংশ মহিলা গৃহকর্মী।

৭.৬ অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধার অবস্থা

কর্মসংস্থান চুক্তির অংশ হিসেবে কর্মীদেরকে বাসস্থান সুবিধা প্রদান করা হয় যা তাদের থাকার সুবিধাকে সহজলভ্য করে থাকে।

৭.৬.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধার অবস্থা

নিম্নের লেখচিত্র-৭.৮ এ অভিবাসী কর্মীদের লিঙ্গভেদে বাসস্থান সুবিধার অবস্থার অনুপাত দেখানো হয়েছে। জরিপের ফলাফলের ভিত্তিতে দেখা যায় যে, সর্বমোট ৭০.২ শতাংশ অভিবাসী কর্মী বাসস্থান সুবিধা পেয়ে থাকে। তন্মধ্যে, ৬৬.৩ শতাংশ পুরুষ এবং ৯২.৬ শতাংশ মহিলা অভিবাসী কর্মী।




৭.৬.২ দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধার অবস্থা

নিম্নের সারণি-৭.৮ এ দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মীদের বিন্যাস এবং অবস্থা দেখানো হয়েছে।

সারণি-৭.৮: দক্ষতার ধরন এবং লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধার অবস্থা									
দক্ষতার ধরন	বাসস্থান সুবিধা প্রদান			মোট অভিবাসী কর্মী			মোট অভিবাসীর মধ্যে বাসস্থান সুবিধা শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
দক্ষ	৩০৮৩৫৯	২৬৬১২	৩৩৪৯৭২	৪৬৮১২৪	৩০৩১২	৪৯৮৪৩৬	৬৫.৯	৮৭.৮	৬৭.২
অদক্ষ	১১৯৩৮০৫	২৮৯৭৩	১২২২৭৭৮	১৮০০৯৭৭	৩৫০৮৯	১৮৩৬০৬৬	৬৬.৩	৮২.৬	৬৬.৬
গৃহকর্মী	৩৯৮৬১	৩৭৭৬৭	৩৫৭৬২৮	৫৬৭৮৮	৩৩৭৬৪৫	৩৯৪৩৬৩	৭০.৩	৯৪.১	৯০.৭
মোট	১৫৪২০২৫	৩৭৩৩৫৩	১৯১৫৩৭৭	২৩২৫৮১৯	৪০৩০৮৭	২৭২৮৯০৫	৬৬.৩	৯২.৬	৭০.২


দক্ষতার প্রতিটি ধরনের ক্ষেত্রে লিঙ্গভেদে একই ধরনের পার্থক্য পরিলক্ষিত হয়। এক্ষেত্রে দেখা যায় যে, পুরুষদের তুলনায় মহিলাদেরকে অধিক বাসস্থান সুবিধা প্রদান করা হয়ে থাকে।

লেখচিত্র-৭.৯ অনুযায়ী গৃহকর্মীদেরকে সর্বোচ্চ ৯০.৭ শতাংশ বাসস্থান সুবিধা প্রদান করা হয়ে থাকে। পক্ষান্তরে, ৬৭.২ শতাংশ দক্ষ অভিবাসী কর্মীদেরকে এবং ৬৬.৬ শতাংশ অদক্ষ অভিবাসী কর্মীদেরকে বাসস্থান সুবিধা প্রদান করা হয়ে থাকে।



৭.৬.৩ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধার অবস্থা

নিম্নের লেখচিত্র-৭.১০ এ প্রধান গন্তব্য দেশভেদে নিয়োগকারী হতে অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধার অবস্থা দেখানো হয়েছে যেখানে সর্বোচ্চ সিঙ্গাপুরে ৮৪.৫ শতাংশ বাসস্থান সুবিধা প্রদান করা হয়ে থাকে। অতঃপর, সৌদি আরবে ৭১.৬ শতাংশ, অন্যান্য দেশে ৭১.২ শতাংশ, মালয়েশিয়ায় ৬৮.৬ শতাংশ, কাতারে ৬৫.৫ শতাংশ এবং ওমানে ৬৫.৮ শতাংশ অভিবাসী কর্মীদের বাসস্থান সুবিধা প্রদান করা হয়ে থাকে।



অধ্যায় ৮

বিদেশ হতে প্রেরিত রেমিটেন্সের অবস্থা



এই অধ্যায়ে অভিবাসী কর্মী কর্তৃক বিদেশ হতে প্রেরিত অর্থ অর্থাৎ রেমিটেন্সের অবস্থা, রেমিটেন্স গ্রহণকারী, বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ এবং প্রত্যাগমনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামত উপস্থাপন করা হয়েছে।

অধ্যায় ৮: বিদেশ হতে প্রেরিত অর্থের অবস্থা

- | | |
|-----|---|
| ৮.১ | বিদেশ হতে প্রেরিত অর্থের প্রাপক |
| ৮.২ | প্রম অভিবাসী কর্তৃক প্রেরিত বাৎসরিক গড় অর্থের পরিমাণ |
| ৮.৩ | বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ |
| ৮.৪ | প্রত্যাগমনকারী পুনরায় অভিবাসী হবে কিনা এমন মতামত |

অধ্যায় ৮

বিদেশ হতে প্রেরিত রেমিটেন্সের অবস্থা

এই অধ্যায়ে অভিবাসী কর্মী কর্তৃক বিদেশ হতে প্রেরিত অর্থ অর্থাৎ রেমিটেন্সের অবস্থা, রেমিটেন্স গ্রহণকারী, বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ এবং প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামত উপস্থাপন করা হয়েছে। এই অধ্যায়ে সূচকসমূহকে লিঙ্গ, দক্ষতার ধরন এবং প্রধান গন্তব্য দেশভেদে পৃথক করে দেখানো হয়েছে।

৮.১ রেমিটেন্স গ্রহণকারী


সাধারণভাবে বলা হয় যে, রেমিটেন্স হচ্ছে “গন্তব্য দেশ হতে অভিবাসী ব্যক্তি তার নিজ দেশে পরিবারবর্গের নিকট যে অর্থ প্রেরণ করে থাকে”। বাংলাদেশের মত কর্মী রপ্তানীকারক দেশের জন্য রেমিটেন্স অর্থনীতিতে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশে দ্বিতীয় সর্বোচ্চ বৈদেশিক মুদ্রা অর্জনকারী উৎস হচ্ছে রেমিটেন্স। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, বৈদেশিক মুদ্রার ভবিষ্যৎ সঞ্চয় (বৈদেশিক রিজার্ভ) বজায় রাখা এবং আদান প্রদানের ভারসাম্য (ব্যালেন্স অব পেমেন্ট) ঠিক রাখার ক্ষেত্রে রেমিটেন্স ভূমিকা পালন করে। বাংলাদেশের অর্থনীতিতে রেমিটেন্সের সরাসরি প্রভাব রয়েছে। বাংলাদেশে দ্রুত অর্থনৈতিক প্রবৃদ্ধি, আয়ের সুযোগ সৃষ্টি, ভাল জীবিকার সংস্থান এবং অবকাঠামো সুবিধার উন্নয়নে রেমিটেন্স প্রবাহের বৃদ্ধি ভূমিকা রাখছে। অধিকন্তু, বাংলাদেশে দারিদ্র্য বিমোচন এবং টেকসই উন্নয়নের ক্ষেত্রে রেমিটেন্সের সুনির্দিষ্ট প্রভাব রয়েছে। তাছাড়া, আয়ের উন্নতি ঘটানো, শিশুদের উচ্চতর শিক্ষার সংস্থান, সামাজিক মর্যাদা বৃদ্ধি, দরিদ্রদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং সর্বোপরি মহিলাদের ক্ষমতায়নের ক্ষেত্রে রেমিটেন্স সহযোগিতা করে থাকে।

৮.১.১ অভিবাসীদের লিঙ্গভেদে রেমিটেন্স গ্রহণকারী

সারণি- ৮.১ এ দেখা যাচ্ছে যে, মোট রেমিটেন্সের ৬১.৭ শতাংশ পিতা-মাতার নিকট প্রেরণ করা হয়েছিল (পিতার নিকট ৪০.৪ শতাংশ এবং মাতার নিকট ২১.৩ শতাংশ)। পক্ষান্তরে, স্বামী/স্ত্রী এর নিকট ৩৬.৫ শতাংশ এবং ভাই/বোন এর নিকট ৮.১ শতাংশ রেমিটেন্স প্রেরণ করা হয়েছিল। পুরুষ অভিবাসী কর্মীদের মধ্যে সর্বোচ্চ ৪২.৯ শতাংশ পিতার নিকট, ৩৬.৬ শতাংশ স্ত্রী এবং ২১.২ শতাংশ মাতার নিকট রেমিটেন্স প্রেরণ করেছিল। মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে বিষয়টা একটু ভিন্ন। এক্ষেত্রে মহিলা অভিবাসী কর্মীদের মধ্যে সর্বোচ্চ ৩৬.০ শতাংশ স্বামীর নিকট, ২৫.৫ শতাংশ পিতার নিকট, ২১.৮ শতাংশ মাতার নিকট এবং ১১.২ শতাংশ পুত্র/কন্যার নিকট রেমিটেন্স প্রেরণ করেছিল।

সারণি-৮.১: রেমিটেন্স গ্রহণকারীর সাথে অভিবাসী কর্মীর লিঙ্গভেদে সম্পর্কের বিন্যাস

রেমিটেন্স গ্রহণকারী	শতাংশ		মোট
	পুরুষ	মহিলা	
স্বশুর/শাশুড়ি	০.৬	১.৬	০.৮
পুত্র/কন্যা	০.৪	১১.২	২.০
অন্যান্য	৪.০	৬.৯	৪.৪
ভাই/বোন	৭.৬	১০.৯	৮.১
মাতা	২১.২	২১.৮	২১.৩
স্বামী/স্ত্রী	৩৬.৬	৩৬.০	৩৬.৫
পিতা	৪২.৯	২৫.৫	৪০.৪
মোট	১১৩.৩	১১৩.৮	১১৩.৪



লেখচিত্র ৮.১ এ রেমিটেন্স গ্রহণকারীর সাথে অভিবাসী কর্মীর লিঙ্গভেদে সম্পর্কের বিন্যাস দেখানো হয়েছে।


৮.১.২ অভিবাসী কর্মীদের বয়সের শ্রেণিভেদে রেমিটেন্স গ্রহণকারী

সারণি-৮.২ অনুযায়ী দেখা যায় যে, অভিবাসী কর্মীদের বয়স এবং রেমিটেন্স গ্রহণকারীদের মধ্যে তাৎপর্যপূর্ণ সম্পর্ক বিদ্যমান। এক্ষেত্রে অভিবাসী কর্মীদের বয়স এবং পিতা এবং মাতার নিকট প্রেরিত রেমিটেন্সের হারের মধ্যে বিপরীত সম্পর্ক রয়েছে। অন্যদিকে দেখা যাচ্ছে যে, অভিবাসী কর্মীদের বয়স বৃদ্ধির সাথে সাথে স্বামী/স্ত্রী এবং পুত্র/কন্যার নিকট প্রেরিত রেমিটেন্সের হার বৃদ্ধি পাচ্ছে।

সারণি-৮.২: অভিবাসী কর্মীদের বয়সের শ্রেণিভিত্তিকভাবে রেমিটেন্স গ্রহণকারীর বিন্যাস

রেমিটেন্স গ্রহণকারী	১৮-২৪	২৫-৩৪	৩৫-৪৪	৪৫-৫৪	৫৫+	মোট
স্বশ্রম/শ্রমিক	০.১	০.৮	১.১	০.২	০.০	০.৮
পুত্র/কন্যা	০.০	০.২	৩.৮	৯.৫	১২.৯	২.০
অন্যান্য	৪.১	৪.৭	৪.১	৪.৩	৫.৫	৪.৪
ভাই/বোন	৯.৬	৯.০	৬.৯	৪.০	২.৮	৮.১
মাতা	৩৩.৮	২৬.০	১২.৫	৫.৪	৩.৩	২১.৩
স্বামী/স্ত্রী	৩.১	২২.৩	৬২.৯	৭৭.৭	৭৮.৩	৩৬.৫
পিতা	৫৯.৮	৫১.৪	২২.৫	৭.১	৭.৩	৪০.৪
মোট	১১০.৫	১১৪.৪	১১৩.৮	১০৮.২	১১০.১	১১৩.৪

কম বয়সী অভিবাসী কর্মীরা পিতা এবং মাতার নিকট সর্বোচ্চ রেমিটেন্স প্রেরণ করে থাকে এবং অভিবাসী কর্মীদের বয়স যত বাড়তে থাকে পিতা এবং মাতার নিকট রেমিটেন্স প্রেরণের হার তত কমতে থাকে।



একইভাবে লেখচিত্র-৮.২ অনুযায়ী দেখা যায় যে, কম বয়সী অভিবাসী কর্মীরা স্বামী/স্ত্রী এবং পুত্র/কন্যার নিকট সবচেয়ে কম রেমিটেন্স প্রেরণ করে থাকে এবং অভিবাসী কর্মীদের বয়স যত বাড়তে থাকে স্বামী/স্ত্রী এবং পুত্র/কন্যার নিকট রেমিটেন্স প্রেরণের হার তত বাড়তে থাকে।

৮.২ অভিবাসী কর্মী কর্তৃক প্রেরিত বাৎসরিক গড় অর্থের পরিমাণ

অভিবাসী কর্মীদের পরিবারের সদস্যবর্গ অথবা সুবিধাভোগীরা রেমিটেন্স গ্রহণের মাধ্যমে তাদের জীবন মানের পরিবর্তন সাধন করছে। যদিও অভিবাসীর লিঙ্গ, বয়সের শ্রেণিবিভাজন, শিক্ষা সম্পদের স্তর, দক্ষতার ধরন এবং গন্তব্য দেশের উপর রেমিটেন্সের ব্যাপকতা নির্ভর করছে।

৮.২.১ অভিবাসী কর্মীর বয়সের শ্রেণিবিভাজন এবং লিঙ্গভেদে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স

সারণি-৮.৩ অনুযায়ী দেখা যায় যে, সকল বয়সী অভিবাসী কর্মীদের মধ্যে ৫৫+ বয়সী অভিবাসী কর্মীরা সর্বোচ্চ ২ লক্ষ ১৪ হাজার টাকা বাৎসরিক গড় রেমিটেন্স প্রেরণ করে থাকে। ১৮-২৪ বছর বয়সী অভিবাসী কর্মীরা সবচেয়ে কম ১ লক্ষ ৮৮ হাজার টাকা বাৎসরিক গড় রেমিটেন্স প্রেরণ করে থাকে। উল্লিখিত বয়সী পুরুষ এবং মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে একই ধরনের বিষয় পরিলক্ষিত হয়।

সারণি-৮.৩: অভিবাসী কর্মীর বয়সের শ্রেণিবিভাজন এবং লিঙ্গভেদে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স			
বয়সের শ্রেণিবিভাজন	পরিমাণ (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
১৮-২৪	১৯৩৫০৮	১৫৩১১৬	১৮৮৪৮৮
২৫-৩৪	১৯৯৯৬৭	১৫৬০২৩	১৯৪১৮৮
৩৫-৪৪	২০৯০৭৪	১৫২৭৫৬	১৯৮৯৬৭
৪৫-৫৪	২০১৭৩৫	১৪৭১৩০	১৯২৭৬০
৫৫+	২১৯৩১৮	১৮৩৭৩৪	২১৪১৬৫
মোট	২০২১০০	১৫৪১৪৩	১৯৫০৪৩

৮.২.২ অভিবাসী কর্মীর দক্ষতার ধরন এবং লিঙ্গভেদে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স

সারণি-৮.৪ এ দক্ষতার ধরনভেদে দেখা যায় যে, অভিবাসী কর্মীদের মধ্যে দক্ষ অভিবাসী কর্মীরা সর্বোচ্চ ২ লক্ষ ১৫ হাজার টাকা বাৎসরিক গড় রেমিটেন্স প্রেরণ করে থাকে। পক্ষান্তরে অদক্ষ কর্মীরা ১ লক্ষ ৯৮ হাজার টাকা বাৎসরিক গড় রেমিটেন্স প্রেরণ করে। গৃহকর্মীরা সবচেয়ে কম ১ লক্ষ ৫৪ হাজার টাকা বাৎসরিক গড় রেমিটেন্স প্রেরণ করে থাকে। উল্লিখিত প্রতিটি দক্ষতার ধরনের ক্ষেত্রে পুরুষ এবং মহিলা অভিবাসী কর্মীদের ক্ষেত্রে একই ধরনের বিষয় পরিলক্ষিত হয়।

সারণি-৮.৪: অভিবাসী কর্মীর দক্ষতার ধরন এবং লিঙ্গভেদে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স

দক্ষতার ধরন	পরিমাণ (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
দক্ষ কর্মী	২১৭,৬২৬	১৮২,৭০০	২১৫,৪৬১
অদক্ষ কর্মী	১৯৯,১৫৬	১৫৩,৫৩০	১৯৮,২৮২
গৃহকর্মী	১৬৯,১৫৬	১৫১,৬০৯	১৫৪,১২৭
মোট	২০২,১০০	১৫৪,১৪৩	১৯৫,০৪৩

লেখচিত্র-৮.৩ এ দেখা যাচ্ছে যে, দক্ষ অভিবাসী কর্মীদের বাৎসরিক গড় রেমিটেন্স প্রেরণ সবচেয়ে বেশি, তারপর অদক্ষ এবং গৃহকর্মী। যদিও দক্ষ অভিবাসী কর্মীরা গড় রেমিটেন্স প্রেরণের ক্ষেত্রে বেশি অবদান রাখছে কিন্তু সামষ্টিক রেমিটেন্সের ক্ষেত্রে তাদের অবদান ততটা তাৎপর্যপূর্ণ নয়, তথাপি দক্ষ অভিবাসী কর্মী এবং গৃহকর্মীর সংখ্যা অদক্ষ অভিবাসী কর্মীর তুলনায় কম।




৮.২.৩ প্রধান গন্তব্য দেশভেদে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স

সারণি-৮.৫ অনুযায়ী দেখা যাচ্ছে যে, সবচেয়ে বেশি পরিমাণ গড় রেমিটেন্স পাওয়া গিয়েছিল সিঙ্গাপুর হতে (৩ লক্ষ ৩০ হাজার টাকা)। তারপর মালয়েশিয়া থেকে পাওয়া গিয়েছিল ২ লক্ষ ৬ হাজার টাকা, অন্যান্য দেশ হতে ১ লক্ষ ৯৯ হাজার টাকা, সৌদি আরব হতে ১ লক্ষ ৯১ হাজার টাকা, কাতার হতে ১ লক্ষ ৮৩ হাজার টাকা এবং সবচেয়ে কম গড় রেমিটেন্স পাওয়া গিয়েছিল ওমান হতে ১ লক্ষ ৪৭ হাজার টাকা।

সারণি-৮.৫: প্রধান গন্তব্য দেশ এবং লিঙ্গভেদে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স

প্রধান গন্তব্য দেশ	পরিমাণ (টাকা)		
	পুরুষ	মহিলা	মোট
সৌদি আরব	২০১,৩৭১	১৫৮,৬৭৩	১৯১,৩৩৯
ওমান	১৪৮,৬১৯	১৩৬,১৭২	১৪৭,৪৩৭
মালয়েশিয়া	২০৫,৮২৫	১৫২,২৯৫	২০৫,৬৭৭
কাতার	১৮৪,৫৩৪	১৫০,৫৭৩	১৮২,৬৭৯
সিঙ্গাপুর	৩৩০,১৯১	২৩৫,১৯৪	৩২৯,৬০৭
অন্যান্য দেশ	২১১,৭৫৯	১৫২,২১৭	১৯৮,৬৭৩
মোট	২০২,১০০	১৫৪,১৪৩	১৯৫,০৪৩

নিম্নের লেখচিত্র ৮.৪ এ গন্তব্য দেশ হতে প্রেরিত বাৎসরিক গড় রেমিটেন্স এর বিন্যাস দেখানো হয়েছে



৮.৩ অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ

অভিবাসী কর্মীদেরকে অভিবাসন প্রক্রিয়ায় প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ থেকে দেশে ফেরত আসা পর্যন্ত প্রতিটি ক্ষেত্রে অনেক সমস্যার সম্মুখীন হতে হয়। এক্ষেত্রে প্রত্যাবর্তনকারী অভিবাসীদের সামনে বাংলাদেশে ফেরত আসার কারণ সংক্রান্ত কিছু পূর্বনির্দিষ্ট উত্তর উপস্থাপন করা হয়। এখানে অভিবাসী কর্মীর লিঙ্গ, দক্ষতার ধরন এবং গন্তব্য দেশভেদে তথ্যগুলোকে পৃথকভাবে উপস্থাপন করা হয়েছে।


৮.৩.১ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ

সারণি-৮.৬ লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ ব্যাখ্যা করে। জাতীয় পর্যায়ে ২৬.০ শতাংশ অভিবাসী কর্মীর দেশে ফেরত আসার প্রধান কারণ ছিল অবকাশ সময় অথবা ছুটি। ২৬.৬ শতাংশ পুরুষ অভিবাসী কর্মীর দেশে ফেরত আসার সর্বোচ্চ কারণ ছিল অবকাশ সময় অথবা ছুটি এবং ২৮.৮ শতাংশ মহিলা দেশে ফেরত আসার প্রধান কারণ ছিল কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়া।

সারণি-৮.৬: লিঙ্গভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ

প্রধান কারণ	শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট
গন্তব্য দেশে দীর্ঘ সময় অবস্থান করতে অনিচ্ছা	৬.২	১৭.৮	৮.৫
সময়ের সাথে সাথে আয় কমে যাওয়া	১৬.৩	৬.৮	১৪.৪
চাকুরি পাওয়ার সুযোগ কমে যাওয়া	১৫.৬	৩.৫	১৩.১
কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়া	১১.৯	২৮.৮	১৫.৩
স্থানীয়দের তুলনায় বেতন/মজুরি প্রদানে অধিক বৈষম্য	৫.২	৩.০	৪.৭
নিয়োগকারী পরিবর্তনে বাধা	২.১	২.০	২.০
চাকুরির অনিশ্চয়তা	৬.৪	৬.২	৬.৪
গন্তব্য দেশের সরকার কর্তৃক বহিষ্কার	৮.১	১.০	৬.৬
অবকাশ সময় অথবা ছুটিতে ফেরত আসা	২৬.৬	২৩.৯	২৬.০
অসুস্থতার জন্য ফেরত আসা	১.৮	৭.১	২.৯
মোট	১০০.০	১০০.০	১০০.০

লেখচিত্র-৮.৫ এ বাংলাদেশে অভিবাসী কর্মীদের প্রত্যাবর্তনের প্রধান কারণগুলোর মধ্যে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়।



৮.৩.২ দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ

সারণি-৮.৭ এ দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ ব্যাখ্যা করা হয়েছে। জাতীয় পর্যায়ে ২৬.০ শতাংশ অভিবাসী কর্মীর দেশে ফেরত আসার প্রধান কারণ ছিল অবকাশ সময় অথবা ছুটি। পক্ষান্তরে ১৫.৩ শতাংশ কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়ায়, ১৪.৪ শতাংশ সময়ের সাথে সাথে আয় কমে যাওয়ায়, ১৩.১ শতাংশ চাকুরি পাওয়ার সুযোগ কমে যাওয়ায় এবং ৮.৫ শতাংশ গন্তব্য দেশে দীর্ঘ সময় অবস্থান করতে অনিচ্ছাজনিত কারণে দেশে ফেরত এসেছিল।

বাংলাদেশে ফেরত আসা দক্ষ অভিবাসী কর্মীদের মধ্যে সর্বোচ্চ ২৯.৬ শতাংশ দক্ষ কর্মী ফেরত এসেছিল অবকাশ সময় অথবা ছুটির কারণে, আর ১৭.৬ শতাংশ দক্ষ কর্মী ফেরত এসেছিল সময়ের সাথে সাথে আয় কমে যাওয়ায় কারণে এবং ১৪.৮ শতাংশ এসেছিল কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়ায় কারণে। সবচেয়ে কম ১.৪ শতাংশ দক্ষ কর্মী ফেরত এসেছিল নিয়োগকারী পরিবর্তনে বাধাজনিত কারণে। অন্যদিকে, বাংলাদেশে ফেরত আসা অদক্ষ অভিবাসী কর্মীদের মধ্যে সর্বোচ্চ ২৫.৯ শতাংশ অদক্ষ কর্মী ফেরত এসেছিল অবকাশ সময় অথবা ছুটির কারণে, আর ১৬.৫ শতাংশ অদক্ষ কর্মী ফেরত এসেছিল চাকুরি পাওয়ার সুযোগ কমে যাওয়ার কারণে, ১৫.৫ শতাংশ সময়ের সাথে সাথে আয় কমে যাওয়ায় কারণে এবং ১১.২ শতাংশ এসেছিল কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়ায় কারণে। সবচেয়ে কম ১.৯ শতাংশ অদক্ষ কর্মী ফেরত এসেছিল অসুস্থতাজনিত কারণে। গৃহকর্মীদের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, সর্বোচ্চ ২৮.৮ শতাংশ ফেরত এসেছে কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়ায় কারণে, ২২.৮ শতাংশ এসেছে অবকাশ সময় অথবা ছুটিজনিত কারণে, ১৭.২ শতাংশ এসেছে গন্তব্য দেশে দীর্ঘ সময় অবস্থান করতে অনিচ্ছাজনিত কারণে এবং সবচেয়ে কম ২.১ শতাংশ গৃহকর্মী ফেরত এসেছিল নিয়োগকারী পরিবর্তনে বাধাজনিত কারণে।

দক্ষ এবং অদক্ষ অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণগুলোর মধ্যে কিছুটা পার্থক্য পরিলক্ষিত হলেও তা খুব বেশি ছিল না।

সারণি-৮.৭: দক্ষতার ধরনভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণের বিন্যাস

প্রধান কারণ	শতাংশ			
	দক্ষ	অদক্ষ	গৃহকর্মী	মোট
গন্তব্য দেশে দীর্ঘ সময় অবস্থান করতে অনিচ্ছা	৬.৪	৬.৫	১৭.২	৮.৫
সময়ের সাথে সাথে আয় কমে যাওয়া	১৭.৬	১৫.৫	৭.৬	১৪.৪
চাকুরি পাওয়ার সুযোগ কমে যাওয়া	১২.৬	১৬.৫	৩.২	১৩.১
কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়া	১৪.৮	১১.২	২৮.৮	১৫.৩
স্থানীয়দের তুলনায় বেতন/মজুরি প্রদানে অধিক বৈষম্য	৫.৭	৫.০	২.৯	৪.৭
নিয়োগকারী পরিবর্তনে বাধা	১.৪	২.২	২.১	২.০
চাকুরির অনিশ্চয়তা	৪.৩	৭.৩	৫.৬	৬.৪
গন্তব্য দেশের সরকার কর্তৃক বহিষ্কার	৫.৮	৮.১	২.৯	৬.৬
অবকাশ সময় অথবা ছুটিতে ফেরত আসা	২৯.৬	২৫.৯	২২.৮	২৬.০
অসুস্থতার জন্য ফেরত আসা	১.৯	১.৯	৬.৯	২.৯
মোট	১০০.০	১০০.০	১০০.০	১০০.০

৮.৩.৩ প্রধান গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ

সারণি-৮.৮ এ গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণ ব্যাখ্যা করা হয়েছে। অবকাশ সময় অথবা ছুটিজনিত কারণে সিঙ্গাপুর থেকে দেশে ফেরত এসেছিল ২৯.৪ শতাংশ, সৌদি আরব থেকে ২৯.৩ শতাংশ, মালয়েশিয়া থেকে এসেছিল ২৭.৫ শতাংশ, কাতার থেকে ২১.২ শতাংশ এবং অন্যান্য দেশ থেকে ৩০.৫ শতাংশ অভিবাসী কর্মী দেশে ফেরত এসেছিল। সময়ের সাথে সাথে আয় কমে যাওয়ায় কারণে সবচেয়ে বেশি ২১.০ শতাংশ ওমান থেকে দেশে ফেরত এসেছিল এবং কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়া জনিত কারণে সবচেয়ে বেশি ৩২.০ শতাংশ অভিবাসী কর্মী সিঙ্গাপুর হতে দেশে ফেরত এসেছিল। বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণগুলোর মধ্যে গন্তব্য দেশভেদে কিছুটা পার্থক্য পরিলক্ষিত হলেও তা খুব বেশি ছিল না।

সারণি-৮.৮: প্রধান গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীদের বাংলাদেশে ফেরত আসার প্রধান কারণের বিন্যাস

প্রধান কারণ	সৌদি আরব	ওমান	মালয়েশিয়া	কাতার	সিঙ্গাপুর	অন্যান্য দেশ সমূহ	মোট
গন্তব্য দেশে দীর্ঘ সময় অবস্থান করতে অনিচ্ছা	৯.২	৭.০	৬.৭	৬.৯	৭.০	১১.০	৮.৫
সময়ের সাথে সাথে আয় কমে যাওয়া	১১.৪	২১.০	১৩.৫	১৫.৪	১১.৩	১৩.১	১৪.৪
চাকুরি পাওয়ার সুযোগ কমে যাওয়া	১২.২	১৬.০	১৩.৭	১৬.৩	১০.৫	১০.০	১৩.১
কাজের অনুমতির মেয়াদ শেষ হওয়া	১৩.৩	১৪.২	১৫.৩	১৩.৬	৩২.০	১৭.০	১৫.৩
স্থানীয়দের তুলনায় বেতন/মজুরি প্রদানে অধিক বৈষম্য	৩.১	৮.৬	০.৭	৬.৬	১.১	৪.৪	৪.৭
নিয়োগকারী পরিবর্তনে বাধা	২.৫	২.৬	০.৮	২.৬	০.৫	১.৩	২.০
চাকুরির অনিশ্চয়তা	৭.৯	৪.৮	৯.৪	৬.২	৩.২	৫.২	৬.৪
গন্তব্য দেশের সরকার কর্তৃক বহিষ্কার	৭.৪	৫.২	১০.৯	৯.১	২.৩	৪.৫	৬.৬
অবকাশ সময় অথবা ছুটিতে ফেরত আসা	২৯.৩	১৮.২	২৭.৫	২১.২	২৯.৪	৩০.৫	২৬.০
অসুস্থতার জন্য ফেরত আসা	৩.৭	২.৪	২.১	২.০	২.৭	৩.১	২.৯
মোট	১০০.১	১০০.০	১০০.৫	১০০.০	১০০.০	১০০.০	১০০.১

৮.৪ প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামত

বর্তমানে দেশে বসবাসকারীদের মধ্যে যে সকল অভিবাসী কর্মী পূর্ববর্তী সময়ে আন্তর্জাতিক অভিবাসী কর্মী হিসেবে অন্য কোন দেশে বা দেশসমূহে গিয়েছিল তাদেরকে প্রত্যাবর্তনকারী আন্তর্জাতিক অভিবাসী কর্মী হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রতি বছর হাজার হাজার অভিবাসী কর্মী বাংলাদেশে ফেরত আসে কিন্তু পদ্ধতিগতভাবে সকল প্রত্যাবর্তনকারীকে সঠিকভাবে লিপিবদ্ধ করা হয় না।


৮.৪.১ লিঙ্গভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামত

সারণি-৮.৯ এ প্রত্যাবর্তনকারী পুনরায় একই গন্তব্য দেশে কিংবা অন্য কোন দেশে অভিবাসী হতে ইচ্ছুক কিনা তা জানতে চাওয়া হয়েছে

সারণি-৮.৯: লিঙ্গভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামতের বিন্যাস

মতামত	প্রত্যাবর্তনকারীর সংখ্যা			কলাম শতাংশ			মোট শতাংশ		
	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট	পুরুষ	মহিলা	মোট
হ্যাঁ	৫৮৬,৬৬৫	৯৬,১৪৫	৬৮২,৮১০	৭১.২	৪৫.৬	৬৬.০	৫৬.৭	৯.৩	৬৬.০
না	১৫২,৯৫৯	৭৮,৯৩৮	২৩১,৮৯৭	১৮.৬	৩৭.৫	২২.৮	১৪.৮	৭.৬	২২.৮
জানা নেই	৮৪,২৩৫	৩৫,৬৬৬	১১৯,৯০১	১০.২	১৬.৯	১১.৬	৮.১	৩.৮	১১.৬
মোট	৮২৩,৮৫৯	২১০,৭৪৯	১,০৩৪,৬০৭	১০০.০	১০০.০	১০০.০	৭৯.৬	২০.৪	১০০.০

লেখচিত্র-৮.৬: লিঙ্গভেদে প্রত্যাবর্তনকারী অভিবাসীদের পুনরায় অভিবাসী হওয়ার মতামতের বিন্যাস



প্রত্যাবর্তনকারীদের মতামতের ক্ষেত্রে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য রয়েছে। পুরুষ প্রত্যাবর্তনকারীদের মধ্যে দু-তৃতীয়াংশের বেশি (৭১.২ শতাংশ) পুনরায় অভিবাসী হতে ইচ্ছুক। পক্ষান্তরে, মহিলাদের ক্ষেত্রে তা মাত্র ৪৫.৬ শতাংশ। সর্বোপরি, মোট প্রত্যাবর্তনকারীদের মধ্যে ৬৬.০ শতাংশ প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হতে ইচ্ছুক।


৮.৪.২ দক্ষতার ধরনভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামত

সারণি-৮.১০ এ দক্ষতার ধরনভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় একই গন্তব্য দেশে কিংবা অন্য কোন দেশে অভিবাসী কর্মী হিসেবে ফেরত যাবে কিনা সেই মতামতের বিন্যাস দেখানো হয়েছে। এটা স্পষ্ট যে, মোট প্রত্যাবর্তনকারীদের দু-তৃতীয়াংশ (৬৬.০ শতাংশ) পুনরায় একই গন্তব্য দেশে কিংবা অন্য কোন দেশে অভিবাসী কর্মী হিসেবে ফেরত যেতে ইচ্ছুক। ২২.৪ শতাংশ প্রত্যাবর্তনকারী ফেরত যেতে ইচ্ছুক নয় এবং অবশিষ্ট ১১.৬ শতাংশ প্রত্যাবর্তনকারী বিভ্রান্তির মধ্যে ছিল (জানা নেই)।

সারণি-৮.১০: দক্ষতার ধরনভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামতের বিন্যাস

দক্ষতার ধরন	পুনরায় গন্তব্য দেশে অভিবাসী হবে কিনা তার মতামত (১ম সারি সংখ্যা এবং ২য় সারি শতাংশ)			
	হ্যাঁ	না	জানা নেই	মোট
দক্ষ	১৭৭২৮৯	২৩৬৯৫	১০৫৭০	২১১৫৫৪
	৮৩.৮	১১.২	৫.০	১০০.০
অদক্ষ	৪২০০৭৪	১২৬৬৭০	৭৩৬৯৫	৬২০৪৩৮
	৬৭.৭	২০.৮	১১.৯	১০০.০
গৃহকর্মী	৮৫৪৪৭	৮১৫৩২	৩৫৬৩৬	২০২৬১৫
	৪২.২	৪০.২	১৭.৬	১০০.০
মোট	৬৮২৮১০	২৩১৮৯৭	১১৯৯০১	১০৩৪৬০৭
	৬৬.০	২২.৪	১১.৬	১০০.০

প্রত্যাবর্তনকারীদের দক্ষতার ধরনভেদে মতামতের ক্ষেত্রে ব্যাপক পার্থক্য রয়েছে। দক্ষ প্রত্যাবর্তনকারীদের মধ্যে চার-পঞ্চমাংশ (৮৩.৮ শতাংশ) পুনরায় একই গন্তব্য দেশে কিংবা অন্য কোন দেশে অভিবাসী কর্মী হিসেবে ফেরত যেতে ইচ্ছুক। পক্ষান্তরে, অদক্ষ প্রত্যাবর্তনকারীদের মধ্যে ৬৭.৭ শতাংশ এবং গৃহকর্মী হিসেবে প্রত্যাবর্তনকারীদের মধ্যে ৪২.২ শতাংশ পুনরায় অভিবাসী কর্মী হিসেবে ফেরত যেতে ইচ্ছুক।




৮.৪.৩ গন্তব্য দেশভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামত

সারণি-৮.১১ এ গন্তব্য দেশভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় একই গন্তব্য দেশে কিংবা অন্য কোন দেশে অভিবাসী কর্মী হিসেবে ফেরত যাবে কিনা সেই মতামতের বিন্যাস দেখানো হয়েছে।

সারণি-৮.১১: গন্তব্য দেশভেদে প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হবে কিনা তার মতামতের বিন্যাস

প্রধান গন্তব্য দেশ	পুনরায় গন্তব্য দেশে অভিবাসী হবে কিনা তার মতামত (১ম সারি সংখ্যা এবং ২য় সারি শতাংশ)			
	হ্যাঁ	না	জানা নেই	মোট
সৌদি আরব	১৬৫,৯৯৫	১০৪,৪৭৫	৫১,১২৭	৩২১,৫৯৭
	৫১.৬	৩২.৫	১৫.৯	১০০.০
ওমান	১১৩,৫৭৮	৪৯,৭০৭	৩৫,৮৪৮	১৯৯,১৩৪
	৫৭.০	২৫.০	১৮.০	১০০.০
মালয়েশিয়া	৪৬,৯৭৯	১৯,০৩৪	৯,১২০	৭৫,১৩৩
	৬২.৫	২৫.৩	১২.১	১০০.০
কাতার	১৪২,৯৬৩	১২,৯২৬	৮,৮০৫	১৬৪,৬৯৪
	৮৬.৮	৭.৯	৫.৪	১০০.০
সিঙ্গাপুর	৪২,০১১	৩,৬২২	৭৫৭	৪৬,৩৯০
	৯০.৬	৭.৮	১.৬	১০০.০
অন্যান্য দেশসমূহ	১৭১,২৮৩	৪২,১৩২	১৪,২৪৪	২২৭,৬৬০
	৭৫.২	১৮.৫	৬.৩	১০০.০
মোট	৬৮২,৮১০	২৩১,৮৯৭	১১৯,৯০১	১,০৩৪,৬০৭
	৬৬.০	২২.৪	১১.৬	১০০.০

লেখচিত্র-৮.৮ অনুযায়ী দেখা যাচ্ছে যে, তিন-চতুর্থাংশ (৭৫.২ শতাংশ) প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হতে ইচ্ছুক। পক্ষান্তরে, ১৮.৫ শতাংশ প্রত্যাবর্তনকারী পুনরায় অভিবাসী হতে ইচ্ছুক নয় এবং অবশিষ্ট ৬.৩ শতাংশ প্রত্যাবর্তনকারীর জানা ছিল না যে তারা পুনরায় অভিবাসী হবে কিনা। গন্তব্য দেশভেদে প্রত্যাবর্তনকারীদের পুনরায় অভিবাসী হওয়ার মতামতের ক্ষেত্রে পার্থক্য পরিলক্ষিত হয়।



অধ্যায় ৯

টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)

সূচক ১০.৭.১

অভিবাসন

ব্যয়

জরিপ

বাংলাদেশ ২০২০

এই অধ্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সূচক ১০.৭.১: “গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অংশ হিসেবে কর্মচারী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ” সম্পর্কিত জরিপের ফলাফল বর্ণিত হয়েছে।

অধ্যায় ৯: টেকসই উন্নয়ন অভীষ্ট সূচক ১০.৭.১

৯.১ এসডিজি ১০.৭.১ - নিয়োগ ব্যয় সূচক

৯.২ এসডিজি ১০.৭.১ - সূচক নির্ণয়ের হিসাব পদ্ধতি

৯.৩ এসডিজি ১০.৭.১ - লিঙ্গ, শিক্ষা, বয়স, দক্ষতা ও গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় সূচক

৯.৪ এসডিজি ১০.৭.১ - এক নজরে

অধ্যায় ৯

এসডিজি সূচক ১০.৭.১

এই অধ্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সূচক ১০.৭.১: “গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অংশ হিসেবে কর্মচারী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ” সম্পর্কিত জরিপের ফলাফল বর্ণিত হয়েছে। সূচকটি হচ্ছে নিয়োগ ব্যয় এবং মাসিক আয়ের একটি অনুপাত। সূচক ১০.৭.১ এর অনুপাতের লব এবং হর এর জন্য ব্যবহৃত পরিসংখ্যানটি একই আন্তর্জাতিক অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং আয় পর্যবেক্ষণের ভিত্তিতে করা হয়েছে।

৯.১ এসডিজি ১০.৭.১ - নিয়োগ ব্যয় সূচক

শোভন কাজ এবং ভাল ব্যবস্থাপকীয় অভিবাসনের গুরুত্বকে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) এ স্বীকৃতি দেয়া হয়েছে। জাতিসংঘে গৃহীত ২০৩০ টেকসই উন্নয়ন কার্যক্রমে শ্রম অভিবাসনকে উন্নয়নের গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) ৮ অনুযায়ী, সকলের জন্য পূর্ণাঙ্গ ও উৎপাদনশীল কর্মসংস্থান এবং শোভন কর্মসুযোগ সৃষ্টি এবং স্থিতিশীল, অন্তর্ভুক্তিমূলক এবং টেকসই অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনই মূল অভীষ্ট। আর টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ৮.৮ অনুযায়ী, প্রবাসী কর্মী, বিশেষ করে প্রবাসী মহিলা ও অনিশ্চিত কর্মীসহ সকল কর্মীদের জন্য নিরাপদ ও সুরক্ষিত কর্মপরিবেশ প্রদান এবং শ্রম অধিকার সংরক্ষণ করাই মূল লক্ষ্য। অন্যদিকে, টেকসই উন্নয়ন অভীষ্ট ১০ অনুযায়ী, অন্তঃ ও আন্তঃদেশীয় অসমতা কমিয়ে আনাই মূল অভীষ্ট। তাছাড়া, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ১০.৭ অনুযায়ী, পরিকল্পিত ও সুষ্ঠু অভিবাসন নীতিমালা বাস্তবায়নসহ অপরাপর উদ্যোগ গ্রহণের মাধ্যমে সুশৃঙ্খল, নিরাপদ, নিয়মিত ও দায়িত্বশীল উপায়ে জনগণের অভিবাসন ও যাতায়াত সহজতর করাই এর মূল লক্ষ্য। অধিকন্তু “অভিবাসী কর্মী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অনুপাত” হচ্ছে টেকসই উন্নয়ন অভীষ্ট সূচক যা ১০.৭.১ এ বর্ণিত রয়েছে।

৯.২ এসডিজি ১০.৭.১- সূচক নির্ণয়ের হিসাব পদ্ধতি

RCI = নিয়োগ ব্যয় এবং চাকুরি/কাজ হতে মাসিক উপার্জিত আয়ের অনুপাত

$$RCI = f \left(\frac{C_k}{E_k} \right)$$

যেখানে,

f = বিভিন্ন ধরনের অপেক্ষক যেমন- গড় (মধ্যমা বা ৪র্থ চতুর্থাংশ)

C_k = অভিবাসী কর্মী কর্তৃক প্রদত্ত নিয়োগ ব্যয়

E_k = একই অভিবাসী কর্মীর মাসিক আয়

৯.৩ এসডিজি ১০.৭.১-লিঙ্গ, শিক্ষা, বয়স, দক্ষতা এবং গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় সূচক

গড় অভিবাসন ব্যয় হচ্ছে ঐ সমস্ত খরচের গড় যা স্থান, সময় এবং রীতি বিবেচনায় না নিয়ে বিদেশে কোন চাকুরি বা কাজ পাওয়ার জন্য বা কর্মসংস্থান সুনিশ্চিতের জন্য যে কোন ধরনের পারিশ্রমিক বাবদ অথবা নিয়োগ সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পন্নের নিমিত্ত অভিবাসী কর্মীরা যে ব্যয় করে থাকে। এক্ষেত্রে, অভিবাসী কর্মীরা বা অভিবাসী ব্যক্তিবর্গের পরিবারের সদস্যবৃন্দ অভিবাসী কর্মীদের জন্য বিদেশে প্রথম কোন চাকুরি বা কাজ খোঁজা, অভিবাসী কর্মীরা চাকুরি বা কাজের জন্য নিজেদের যোগ্য বা উপযুক্ত করা এবং বৈদেশিক চাকুরিদাতার নিকট হতে প্রস্তাবিত চাকুরি বা কাজ সুনিশ্চিত করা এবং চাকুরি বা কাজের নিমিত্ত সংশ্লিষ্ট দেশে পৌঁছানো বাবদ সংশ্লিষ্ট যে সকল বিভিন্ন খাতে অর্থ খরচ করে থাকে তার সর্বমোট ব্যয়কৃত অর্থের পরিমাণই হচ্ছে অভিবাসন ব্যয়।

মাসিক গড় আয় হচ্ছে, অভিবাসী কর্মীরা বিদেশে প্রথম কোন চাকুরি বা কাজ হতে প্রথম তিন মাসে বেতন, বোনাস এবং অন্যান্য আয় (যেমন-অধিকাল ভাতা) অন্তর্ভুক্তসহ প্রকৃত যে আয় উপার্জন করে থাকে তার গড় আয়। এক্ষেত্রে, গন্তব্য দেশের কোন কর এবং সামাজিক নিরাপত্তা চাঁদা বাবদ কোন কর্তন এবং প্রাথমিক অবস্থায় নিয়োগকর্তা কর্তৃক অভিবাসী কর্মী বাবদ প্রদত্ত নিয়োগ খরচ যদি হয়ে থাকে তাহলে তা বেতন/মজুরি হতে পুনরুদ্ধারের নিমিত্ত কর্তনপূর্বক সমন্বয় করা হয়ে থাকে। অভিবাসন ব্যয় জরিপ ২০২০ এ আয় সংক্রান্ত উপাত্ত তিন ভাবে সংগ্রহ করা হয়েছে। যেমন- মাসিক গড় আয়, প্রথম তিন মাসের আয় এবং প্রথম চাকুরি/কাজ হতে ১২ তম মাসের আয়। প্রথম তিন মাসের বেতন/মজুরির মাসিক গড় আয় এর সাথে অন্যান্য প্রাপ্ত সুবিধার মাসিক গড় যোগ করে তা হতে মাসিক গড় কর্তন বাদ দিয়ে মাসিক গড় আয় হিসাব করা হয়।

৯.৩.১ এসডিজি ১০.৭.১ - লিঙ্গভেদে নিয়োগ ব্যয় সূচক

অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় এবং মাসিক আয়ের তথ্য নিম্নের সারণিতে উপস্থাপন করা হয়েছে।


সারণি-৯.১: এসডিজি সূচক ১০.৭.১ - লিঙ্গভিত্তিক নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত

অভিবাসী কর্মীর লিঙ্গ	গড় অভিবাসন ব্যয় (টাকা)	মাসিক গড় আয় (টাকা)	এসডিজি সূচক ১০.৭.১
জাতীয়	৪১৬৭৮৯	২৩৬৯৩	১৭.৬
পুরুষ	৪৭১৬৬৮	২৪৬৭৩	১৯.১
মহিলা	১০০১০২	১৮০৩৩	৫.৬

সারণি-৯.১ হতে দেখা যায় যে, জাতীয় গড় নিয়োগ ব্যয় ৪,১৬,৭৮৯ টাকা (চার লক্ষ ষোল হাজার সাতশত ঊননব্বই টাকা)। পুরুষ অভিবাসী কর্মী নিয়োগ ব্যয় হিসেবে গড়ে ৪,৭১,৬৬৮ টাকা (চার লক্ষ একাত্তর হাজার ছয়শত আটষট্টি টাকা) পরিশোধ করে, অন্যদিকে মহিলা অভিবাসী কর্মী করে ১,০০,১০২ টাকা (এক লক্ষ একশত দুই টাকা)। এক্ষেত্রে দেখা যাচ্ছে যে, অভিবাসী কর্মী হিসেবে পুরুষদের নিয়োগ ব্যয় মহিলাদের তুলনায় চার গুণ বেশি।

এক্ষেত্রে, উপস্থাপিত তথ্যের অনুপাতে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য সুস্পষ্ট হয়েছে। জরিপ হতে দেখা যায় যে, অধিকাংশ মহিলা অভিবাসী কর্মী (৮৩.৮ শতাংশ) গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল এবং গৃহকর্মী হিসেবে মহিলা অভিবাসী কর্মীদের অভিবাসন ব্যয় অনেক কম ছিল, কখনও কখনও তা শূন্য ব্যয় ছিল। মহিলাদের নিয়োগ ব্যয় কম হওয়ার কারণ হতে পারে যে, মহিলাদের নিয়োগ ব্যয় অধিকাংশ মহিলা গৃহকর্মী অথবা সাহায্যকারীর কম নিয়োগ ব্যয় দ্বারা প্রভাবিত হওয়া এবং মহিলাদের অধিকাংশ গৃহকর্মী হিসেবে কাজ

করা। সেজন্য উল্লিখিত সময়ে মহিলা অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় পুরুষ অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয়ের তুলনায় কম ছিল।




লেখচিত্র-৯.১ ব্যাখ্যা করে যে, একজন অভিবাসী কর্মীর মোট নিয়োগ ব্যয় ঐ অভিবাসী কর্মীর গড় প্রায় ১৭.৬ মাসের আয়ের সমান। এক্ষেত্রে, নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাতে লিঙ্গভেদে ব্যাপক পার্থক্য রয়েছে। দেখা যায় যে, মহিলাদের নিয়োগ ব্যয় পুনরুদ্ধার করতে যেখানে গড়ে ৫.৬ মাস সময় লাগে সেখানে পুরুষদের লাগে গড়ে ১৯.১ মাস। এই অনুপাতটি মহিলাদের তুলনায় পুরুষদের ক্ষেত্রে প্রায় তিন গুণ বেশি। মহিলাদের অর্থ পুনরুদ্ধার করতে সময় কম লাগার প্রধান কারণ ছিল যে গৃহকর্মী হিসেবে অভিবাসী হওয়া। যেখানে ৮৫.৬ শতাংশ মহিলা গৃহকর্মী হিসেবে নিয়োজিত ছিল সেখানে পুরুষ গৃহকর্মী ছিল মাত্র ১৪.৪ শতাংশ। অধিকাংশ মহিলা অভিবাসী কর্মী (৮৫.৬ শতাংশ) গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল এবং গৃহকর্মী হিসেবে মহিলা অভিবাসী কর্মীদের অভিবাসন ব্যয় অনেক কম ছিল বিধায় মহিলাদের নিয়োগ ব্যয় পুনরুদ্ধার করতে কম মাস সময় লাগতো।

৯.৩.২ এসডিজি ১০.৭.১ - শিক্ষা সম্পন্নভেদে নিয়োগ ব্যয় সূচক

শিক্ষা সম্পন্নভেদে অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় এবং মাসিক আয়ের তথ্য নিম্নের সারণিতে (সারণি- ৯.২) উপস্থাপন করা হয়েছে।

সারণি- ৯.২ : এসডিজি সূচক ১০.৭.১ - শিক্ষাভেদে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত			
শিক্ষাগত যোগ্যতা	গড় অভিবাসন ব্যয় (টাকা)	গড় মাসিক আয় (টাকা)	এসডিজি ১০.৭.১
সকল ধরনের শিক্ষা	৪,১৬,৭৮৯	২৩,৬৯৩	১৭.৬
কোন শ্রেণি পাশ নয়	২,৯১,৪৭৪	১৯,৬৪৪	১৪.৮
প্রাথমিক	৩,৬৯,৬৬৮	২০,৮১১	১৭.৮
মাধ্যমিক	৪,৫২,৫৩৮	২৪,৫৬৯	১৮.৪
উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা	৪,৮৯,৮০৫	২৯,৬৯৭	১৬.৫
বিশ্ববিদ্যালয় পর্যায়	৪,৮৪,৯০৮	৩৭,৭৯৮	১২.৮
অন্যান্য (কোন শ্রেণি জানা নেই)	৪,৩৪,৪৬৬	২২,২৮৮	১৯.৫

সারণি-৯.২ এ দেখা যায় যে, শিক্ষা সম্পন্নের ভিত্তিতে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত অন্যান্য শ্রেণির ক্ষেত্রে সর্বোচ্চ ১৯.৫। তারপর মাধ্যমিক শ্রেণি ১৮.৪, প্রাথমিক শ্রেণি ১৭.৮, উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা শ্রেণি ১৬.৫, কোন শ্রেণি পাশ নয় এমন ১৪.৮ এবং বিশ্ববিদ্যালয় পর্যায় শ্রেণি ১২.৮ যা সবচেয়ে কম। এক্ষেত্রে, নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের জাতীয় অনুপাত হচ্ছে ১৭.৬।



লেখচিত্র-৯.২ অনুযায়ী, যে সকল অভিবাসী কর্মী শিক্ষায় বিশ্ববিদ্যালয় পর্যায় শ্রেণি সম্পন্ন করেছে তাদের ক্ষেত্রে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত সবচেয়ে কম ১২.৮। অন্যদিকে, কোন শ্রেণি পাশ নয় এমন ব্যক্তির ক্ষেত্রে ১৪.৮, উচ্চ মাধ্যমিক বা ডিপ্লোমা শ্রেণির ক্ষেত্রে ১৬.৫, এবং প্রাথমিক শ্রেণি সম্পন্ন করেছে এমন ব্যক্তির ক্ষেত্রে ১৭.৮। শিক্ষা সম্পন্নের শ্রেণিবিভাজন অনুযায়ী দেখা যায় যে, প্রাথমিক, মাধ্যমিক এবং অন্যান্য শ্রেণির অনুপাত জাতীয় অনুপাত ১৭.৬ এর তুলনায় বেশি। অর্থাৎ, যে সকল অভিবাসী কর্মী শিক্ষায় প্রাথমিক, মাধ্যমিক এবং অন্যান্য শ্রেণি সম্পন্ন করেছে তাদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে প্রায় দেড় বছর সময় লাগে।


৯.৩.৩ এসডিজি ১০.৭.১ - বয়সের শ্রেণিভেদে নিয়োগ ব্যয় সূচক

বয়সের শ্রেণিভেদে অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় এবং মাসিক আয়ের তথ্য নিম্নের সারণিতে (সারণি-৯.৩) উপস্থাপন করা হয়েছে। সারণি-৯.৩ এ দেখা যায় যে, নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাতের সাথে বয়সের শ্রেণিভেদে বিপরীত সম্পর্ক বিদ্যমান। এক্ষেত্রে দেখা যায় যে, কম বয়সীদের নিয়োগ ব্যয় বেশি, বিশেষ করে, ১৮-২৪ এবং ২৫-৩৪ বছর বয়সীদের। অন্যান্য বিভিন্ন বয়সীদের নিয়োগ ব্যয় জাতীয় গড় নিয়োগ ব্যয় অপেক্ষা কম।

সারণি-৯.৩ : এসডিজি সূচক ১০.৭.১ - বয়সভেদে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত

বয়সের শ্রেণিবিভাজন	গড় অভিবাসন ব্যয় (টাকা)	গড় মাসিক আয় (টাকা)	এসডিজি ১০.৭.১
সকল বয়সী	৪১৬৭৮৯	২৩৬৯৩	১৭.৬
১৮-২৪	৪২৩৪৩০	২২৯৬৯	১৮.৪
২৫-৩৪	৪৩১৬৪৮	২৩৩১৮	১৮.৫
৩৫-৪৪	৩৯৭১৪০	২৪১৯৯	১৬.৪
৪৫-৫৪	৩৯০৪৩৮	২৪১৭০	১৬.২
৫৫ +	৩২২১৬৩	৩৩৮১৯	৯.৫

দেখা যাচ্ছে যে, কম বয়সীদের, বিশেষ করে ১৮-২৪ এবং ২৫-৩৪ বছর বয়সীদের মাসিক কর্মসংস্থান আয়ের ভিত্তিতে নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে জাতীয় গড় সময়ের (১৭.৬ মাস) তুলনায় সবচেয়ে বেশি সময় (যথাক্রমে ১৮.৪ এবং ১৮.৫ মাস) লাগে।




৯.৩.৪ এসডিজি ১০.৭.১ - পেশাগত দক্ষতাভেদে নিয়োগ ব্যয় সূচক

পেশাগত দক্ষতাভেদে অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় এবং মাসিক আয়ের তথ্য নিম্নের সারণিতে (সারণি- ৯.৪) উপস্থাপন করা হয়েছে। এক্ষেত্রে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাতে দক্ষতার ধরন অনুযায়ী ব্যাপক পার্থক্য রয়েছে। অদক্ষ অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় ৪,৭৭,৯২৭ টাকা (চার লক্ষ সাতাত্তর হাজার নয়শত সাতাশ টাকা) যা সর্বোচ্চ। অন্যদিকে দক্ষ অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় ৪২৭,২১৭ টাকা (চার লক্ষ সাতাশ হাজার দুইশত সতের টাকা) এবং গৃহকর্মীদের ১,১৮,৯৬৪ টাকা (এক লক্ষ আঠারো হাজার নয়শত চৌষত্তি টাকা)। সর্বোপরি, জাতীয় গড় নিয়োগ ব্যয় ৪১৬,৭৮৯ টাকা (চার লক্ষ ষোল হাজার সাতশত ঊননব্বই টাকা)। দক্ষতার ধরন অনুযায়ী দক্ষ অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ২৯,৪৭৭ টাকা (উনত্রিশ হাজার চারশত সাতাত্তর টাকা) যা সর্বোচ্চ। অন্যদিকে অদক্ষ অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ২৩,৬২৯ টাকা (তেইশ হাজার ছয়শত ঊনত্রিশ টাকা) এবং গৃহকর্মীদের ১৬,৬৭৮ টাকা (ষোল হাজার ছয়শত আটাত্তর টাকা)। গৃহকর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে অন্যান্য পেশার তুলনায় সবচেয়ে কম সময় ৭.১ মাস লাগে যা জাতীয় অনুপাত ১৭.৬ এর তুলনায় প্রায় এক-তৃতীয়াংশ কম।

সারণি- ৯.৪: এসডিজি সূচক ১০.৭.১ - পেশাগত দক্ষতাভেদে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত

শ্রেণি	গড় অভিবাসন ব্যয় (টাকা)	গড় মাসিক আয় (টাকা)	এসডিজি সূচক ১০.৭.১
সকল পেশা	৪,১৬,৭৮৯	২৩,৬৯৩	১৭.৬
দক্ষ	৪,২৭,২১৭	২৯,৪৭৭	১৪.৫
অদক্ষ	৪,৭৭,৯২৭	২৩,৬২৯	২০.২
গৃহকর্মী	১,১৮,৯৬৪	১৬,৬৭৮	৭.১

অদক্ষ কর্মীদের মাসিক কর্মসংস্থান আয়ের ভিত্তিতে নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে সর্বোচ্চ ২০.২ মাস সময় লাগে অর্থাৎ চাকুরি পাওয়ার পর অদক্ষ কর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে ২০.২ মাস সময় লাগে।



লেখচিত্র-৯.৪ অনুযায়ী, নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত অদক্ষ কর্মীদের ক্ষেত্রে সবচেয়ে বেশি (২০.২), তারপর দক্ষ কর্মীদের (১৪.৫) এবং গৃহকর্মীদের (৭.১)।


৯.৩.৫ এসডিজি ১০.৭.১ - প্রধান গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় সূচক

প্রধান গন্তব্য দেশভেদে অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় এবং মাসিক আয়ের তথ্য নিম্নের সারণিতে (সারণি-৯.৫) উপস্থাপন করা হয়েছে। এক্ষেত্রে দেখা যায় যে, সিঙ্গাপুরে গমনকারী অভিবাসী কর্মীর গড় নিয়োগ ব্যয় ৫৭৪,২৪১ টাকা (পাঁচ লক্ষ চুহান্তর হাজার দুইশত একচল্লিশ টাকা) যা সর্বোচ্চ। অন্যদিকে, সৌদি আরবের ক্ষেত্রে অভিবাসন ব্যয় ৪৩৬,৩৬৬ টাকা (চার লক্ষ ছত্রিশ হাজার তিনশত ছিষটি টাকা), মালয়েশিয়ার ক্ষেত্রে ৪০৪,৪৪৮ টাকা (চার লক্ষ চার হাজার চারশত আটচল্লিশ টাকা) এবং অন্যান্য দেশের ক্ষেত্রে ৪৩৬,৪৪৯ টাকা (চার লক্ষ ছত্রিশ হাজার চারশত ঊনপঞ্চাশ টাকা)। সর্বোপরি, গড় নিয়োগ ব্যয় ৪১৬,৭৮৯ টাকা (চার লক্ষ ষোল হাজার সাতশত ঊনআশি টাকা)। মাসিক আয়ের ভিত্তিতে দেখা যায় যে, সিঙ্গাপুরে গমনকারী অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ৩৮,১২৯ টাকা (আটত্রিশ হাজার একশত ঊনত্রিশ টাকা) যা সর্বোচ্চ। তারপর, অন্যান্য দেশে গমনকারী অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ২৬,০৬১ টাকা (ছাব্বিশ হাজার একষটি টাকা), মালয়েশিয়ার ক্ষেত্রে ২৩,৮৯৬ টাকা (তেইশ হাজার আটশত ছিয়ানব্বই টাকা), কাতারের ক্ষেত্রে ২২,২৯৩ টাকা (বাইশ হাজার দুইশত তিরানব্বই টাকা) এবং সৌদি আরবে গমনকারী অভিবাসী কর্মীর মাসিক গড় আয় ২২,১৪০ টাকা (বাইশ হাজার একশত চল্লিশ টাকা)।

সারণি-৯.৫: টেকসই উন্নয়ন সূচক ১০.৭.১ - প্রধান গন্তব্য দেশভেদে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত

প্রধান গন্তব্য দেশ	গড় অভিবাসন ব্যয় (টাকা)	মাসিক গড় আয় (টাকা)	এসডিজি সূচক ১০.৭.১
সকল দেশ	৪,১৬,৭৮৯	২৩,৬৯৩	১৭.৬
সৌদি আরব	৪,৩৬,৩৬৬	২২,১৪০	১৯.৭
ওমান	৩,০৮,০৪৭	১৯,১৭৭	১৬.১
মালয়েশিয়া	৪,০৪,৪৪৮	২৩,৮৯৬	১৬.৯
কাতার	৪,০২,৪৭৮	২২,২৯৩	১৮.১
সিঙ্গাপুর	৫,৭৪,২৪১	৩৮,১২৯	১৫.১
অন্যান্য দেশসমূহ	৪,৩৬,৪৪৯	২৬,০৬১	১৬.৭

সারণি-৯.৫ অনুযায়ী দেখা যায় যে, নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত সৌদি আরবের ক্ষেত্রে সবচেয়ে বেশি ১৯.৭। তারপর কাতার ১৮.১; মালয়েশিয়া ১৬.৯; ওমান ১৬.১ এবং অন্যান্য দেশের ক্ষেত্রে ১৬.৭। সিঙ্গাপুরের ক্ষেত্রে অনুপাত সবচেয়ে কম ১৫.১। প্রধান গন্তব্য দেশসমূহের মধ্যে সৌদি আরব এবং কাতারে গমনকারী অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত বেশি অর্থাৎ মাসিক কর্মসংস্থান আয়ের ভিত্তিতে নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে জাতীয় গড়ের তুলনায় বেশি মাস সময় লাগে।




লেখচিত্র-৯.৫ অনুযায়ী, বেগুনি রঙের অনুভূমিক লাইনটি জাতীয় পর্যায়ে নিয়োগ ব্যয় এবং মাসিক কর্মসংস্থান আয়ের অনুপাত, ১৭.৬ নির্দেশ করে। অর্থাৎ গড়ে সকল অভিবাসী কর্মীর মাসিক কর্মসংস্থান আয়ের ভিত্তিতে নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে প্রায় দেড় বছর সময় প্রয়োজন হয়।

৯.৪ এসডিজি ১০.৭.১ নিয়োগ ব্যয় সূচক - এক নজরে

এসডিজি সূচক ১০.৭.১ এভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যে: “অভিবাসী কর্মী কর্তৃক ব্যয়কৃত নিয়োগ খরচ এবং গন্তব্য দেশে অর্জিত মাসিক আয়ের অনুপাত”। সূচকটি হচ্ছে ব্যয় এবং আয়ের একটি অনুপাত।

৯.৪.১ এসডিজি ১০.৭.১ - লিঙ্গ, দক্ষতার ধরন এবং প্রধান গন্তব্য দেশভেদে - এক নজরে

লেখচিত্র-৯.৬ এ লাল অনুভূমিক লাইন, একজন অভিবাসী কর্মীর চাকুরি পাওয়ার জন্য নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে জাতীয় পর্যায়ে গড় কত মাস সময়ের প্রয়োজন তা নির্দেশ করে। চিত্রে সবুজ রঙের গোলাকৃতির চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের লিঙ্গ নির্দেশ করে। লিঙ্গভেদে দেখা যায় যে, পুরুষ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে জাতীয় পর্যায়ে তুলনায় বেশি সময় লাগে এবং মহিলাদের ক্ষেত্রে যা ছিল খুবই কম। মহিলা অভিবাসী কর্মীদের কম মাস সময় লাগার অন্যতম কারণ হচ্ছে অধিকাংশ মহিলা অভিবাসী কর্মী গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত ছিল এবং গৃহকর্মী হিসেবে মহিলা অভিবাসী কর্মীদের অভিবাসন ব্যয় অনেক কম ছিল। লেখচিত্রে লাল রঙের ত্রিকোণাকৃতির চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের দক্ষতার প্রকারভেদ নির্দেশ করে। দক্ষতার ধরনভেদে দেখা যায় যে, দক্ষ অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে জাতীয় পর্যায়ে তুলনায় অনেক কম মাস সময় লাগে। পক্ষান্তরে, অদক্ষ অভিবাসী কর্মীদের বেশি সময় লাগে এবং গৃহকর্মীদের ক্ষেত্রে খুবই কম সময় লাগে।



লেখচিত্রে কমলা রঙের হীরক আকৃতির চিহ্নসমূহ বাংলাদেশি অভিবাসী কর্মীদের প্রধান গন্তব্যদেশ সমূহ নির্দেশ করে। প্রধান গন্তব্য দেশভেদে, সিঙ্গাপুর এবং অন্যান্য দেশে গমনকারী অভিবাসী কর্মীর আয় জাতীয় পর্যায়ে আয়ের তুলনায় বেশি। পক্ষান্তরে, সৌদি আরব, ওমান এবং কাতার এ অভিবাসী কর্মীর আয় জাতীয় পর্যায়ে গড় আয়ের তুলনায় কম। যারা সিঙ্গাপুরে কাজ করে তাদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে সবচেয়ে কম মাস সময় লাগে।

৯.৪.২ এসডিজি ১০.৭.১ - বয়সের শ্রেণি এবং শিক্ষাভেদে এক নজর

লেখচিত্র- ৯.৭ এ, বয়সের শ্রেণি এবং শিক্ষা সম্পন্নভেদে একজন অভিবাসী কর্মীর নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে গড় কত মাস সময়ের প্রয়োজন তা নির্দেশ করে। জাতীয় পর্যায়ে নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে গড় কত মাস সময় লাগে তা সবুজ ছেদচিহ্নবিশেষ অনুভূমিক রেখা দ্বারা নির্দেশ করা হয়েছে। লেখচিত্রে নীল রঙের ত্রিকোণাকৃতির চিহ্নসমূহ অভিবাসী কর্মীদের বয়সের শ্রেণিভেদে নির্দেশ করে। বয়স ভিত্তিক বিশ্লেষণে দেখা যায় যে, ২৫-৩৪ বছর বয়সী অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে সবচেয়ে বেশি সময় লাগে, তারপর লাগে ১৮-২৪ বছর বয়সীদের। ৩৫-৪৪, ৪৫-৫৪ এবং ৫৫+ বছর বয়সীদের জাতীয় গড় সময়ের তুলনায় কম সময় লাগে। এক্ষেত্রে যাদের বয়স ৫৫+ তাদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে সবচেয়ে কম সময় লাগে।



লেখচিত্রে সোনালী রঙের হীরক আকৃতির চিহ্নসমূহ বাংলাদেশি অভিবাসী কর্মীদের সর্বোচ্চ শিক্ষা সম্পন্নের স্তরকে নির্দেশ করে। শিক্ষা সম্পন্নের স্তরভেদে দেখা যায় যে, অন্যান্য শ্রেণি (কোন শ্রেণি জানা নেই) সম্পন্ন করেছে এমন অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে সবচেয়ে বেশি সময় লাগে, তারপর লাগে মাধ্যমিক এবং প্রাথমিক শিক্ষা সম্পন্ন করেছে এমন অভিবাসী কর্মীদের। যারা বিশ্ববিদ্যালয় পর্যায় শিক্ষা সম্পন্ন করেছে এমন অভিবাসী কর্মীদের নিয়োগ ব্যয়ের সমপরিমাণ অর্থ পুনরুদ্ধার করতে সবচেয়ে কম সময় লাগে।

স্টিয়ারিং কমিটি

ক্রমিক নং	নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটিতে পদবি
(১)	সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সভাপতি
(২)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সদস্য
(৩)	অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৪)	অতিরিক্ত সচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৫)	উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সদস্য
(৬)	প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৭)	প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা	সদস্য
(৮)	প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
(৯)	প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা	সদস্য
(১০)	প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা	সদস্য
(১১)	প্রতিনিধি, ILO, ঢাকা অফিস, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা	সদস্য
(১২)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, “Strengthening Data Collection on Migration” বিবিএস	সদস্য
(১৩)	উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।	সদস্য সচিব

টেকনিক্যাল কমিটি

ক্রমিক নং	নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটিতে পদবি
(১)	মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
(২)	অতিরিক্ত সচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৩)	উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সদস্য
(৪)	উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৫)	উপসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৬)	পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সদস্য
(৭)	প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা	সদস্য
(৮)	প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
(৯)	প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়), BIDS, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা	সদস্য
(১০)	প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা	সদস্য
(১১)	প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদার নিম্নে নয়), সাধারণ অর্থনীতি বিভাগ (GED), পরিকল্পনা কমিশন, ঢাকা	সদস্য
(১২)	প্রতিনিধি, ILO, ঢাকা অফিস, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা	সদস্য
(১৩)	জনাব মো: আহসান উদ্দিন, সহযোগী অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(১৪)	জনাব মো: আক্তার হোসেন, উপপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সদস্য
(১৫)	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, “Strengthening Data Collection on Migration”, বিবিএস	সদস্য সচিব

‘ইমগ্রিমেন্টেশন কমিটি’

ক্রমিক নং	নাম, পদবি ও কর্মস্থল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)	কমিটিতে পদবি
০১	উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা	সভাপতি
০২	উপসচিব (উন্নয়ন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা	সদস্য
০৩	জনাব মোঃ এমদাদুল হক, পরিচালক, এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস, ঢাকা	সদস্য
০৪	জনাব আমজাদ হোসেন, যুগ্মপরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস, ঢাকা	সদস্য
০৫	জনাব মোঃ আজহার হোসেন, উপপরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস, ঢাকা	সদস্য
০৬	জনাব মোহাম্মদ সাইফুর রহমান, উপপরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস, ঢাকা	সদস্য
০৭	জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, ইন্ডাস্ট্রি এন্ড লেবার উইং, বিবিএস, ঢাকা	সদস্য
০৮	জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, সেল্যাস উইং, বিবিএস, ঢাকা	সদস্য
০৯	ফোকাল পয়েন্ট কর্মকর্তা, “Strengthening Data Collection on Migration” কার্যক্রম	সদস্য সচিব



Cost of Migration Survey

Bangladesh 2020

July 2020



Industry and Labour Wing
Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division

Published by:

Bangladesh Bureau of Statistics with financial and technical assistance of the International Labour Organization (ILO)

First Published – July 2020

ISBN: 978-984-34-8389-8

Cover Design:

Core Team, Cost of Migration Survey, Bangladesh 2020, BBS

Compose and Format:

Core Team, Cost of Migration Survey, Bangladesh 2020, BBS

For further information about this book or other statistics

Please visit: www.bbs.gov.bd

Contact: dg@bbs.gov.bd, kabir.ddd@gmail.com

Price- 1000.00 (BDT)

Printed by:

Bangladesh Bureau of Statistics, Dhaka, Bangladesh

